

# S@ifur's

# M@TH


[www.admissionwar.com](http://www.admissionwar.com)

সহজবোধ্য ভাষায় Exam approach-এর

ব্যাখ্যা !! ও সমাধান !!

ভার্সিটি ভর্তি পরীক্ষা, **BBA**, **NSU**,  
**Private** ভার্সিটি ভর্তি, **JOB** /  
**BCS** / **PSC** পরীক্ষার জন্য,  
**MBA** / **MBM** / **EMBA** /  
**MDS** প্রভৃতি ও **GMAT**,  
**GRE**, **SAT**-এর জন্য-

একটি **TEXT** বই!



## Saifur Sir-এর সংক্ষিপ্ত জীবনী

**Saifur Rahman Khan** (ডাক নাম নিপু) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের একজন প্রাক্তন প্রভাষক। তার বাবাও ঢাকা ভাসিটির Professor ছিলেন। দেশের বাড়ী ঢাকার পাশেই সাভার, মানিকগঞ্জে। জীবনের একটি বড় অংশ কেটেছে ব্রিটিশ কাউন্সিল সংলগ্ন ফুলার রোড কলোনীতে। তিনি ঢাকার উদয়ন স্কুল থেকে SSC এবং ঢাকার Residential Model College থেকে HSC পাশ করেন। জাপানে মনবুশো বৃত্তি লাভ করে তিনি জাপানের International University of Japan থেকে MBA complete করেন। এর আগে বুয়েট থেকে Electrical & Electronics Engineering-এ B.Sc. Engg. সমাপ্ত করেন।

ছাত্র জীবনে Saifur Sir কৃতি খেলোয়াড়ও ছিলেন। স্কুলে Athletics-এ চ্যাম্পিয়ন হন। দাবায় স্কুল ও কলেজ চ্যাম্পিয়ন ছিলেন। জাতীয় পর্যায়েও সাব-জুনিয়র গ্রুপ দাবায় তিনি রানার্স আপ হয়েছিলেন। বিটিভির এক সময়ের জনপ্রিয় ম্যাগাজিন অনুষ্ঠান মরহুম ফজলে লোহানী উপস্থাপিত “যদি কিছু মনে না করেন”-এর বাম্পার ধাঁধা (সাধারণ জ্ঞান) প্রতিযোগিতায় বেশ কয়েকবার বিজয়ী হয়েছিলেন।

পড়া ও পড়ানো, লেখা ও লেখানো এবং নতুন নতুন জিনিস শেখা ও শেখানো তার নেশা ও পেশা। TOEFL, SAT, GRE, IELTS এবং GMAT-এর teaching-এ তিনি অত্যন্ত Sincere এবং Professional, but not commercial! সত্যি কথা বলতে কি, University-র teacher হওয়ার মত যোগ্যতা এবং aptitude ছাড়া GMAT, GRE এবং SAT-এর Verbal Part বুঝিয়ে বুঝিয়ে অন্য কারও পক্ষে পড়ানো অত্যন্ত কঠিন কাজ!!

## Table of contents (সূচিপত্র)

01. Math Review ..... 01

### Odd-Man-Out & Series

02. Odd-Man-Out & Series ..... 26

### Numbers (সংখ্যা)

03. Examples on Numbers ..... 36

04. Numbers সংক্রান্ত অংকের প্রশ্ন এবং সমাধান ..... 40

05. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষার আসা কিছু problems ও এদের সমাধান ..... 55

### Fraction (ভগ্নাংশ)

06. Fraction ..... 59

07. Comparison of Fraction ..... 70

08. Miscellaneous Fraction-Problem ..... 76

### Percentage (শতকরা)

09. Examples on Percentage ..... 85

10. Exercise on Percentage (Part 1) ..... 91

11. Exercise on Percentage (Part 2) ..... 120

12. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষার আসা কিছু problems ও এদের সমাধান ..... 141

### Profit & Loss (লাভ-ক্ষতির অংক)

13. Profit-Loss সংক্রান্ত অংকের Formulae এবং Examples ..... 147

14. Exercise on Profit & Loss ..... 157

15. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষার আসা কিছু problems ও এদের সমাধান ..... 191

### Interest (সুদ-এর অংক)

16. Interest সংক্রান্ত অংকের সূত্র ও Example .....	195
17. Interest সংক্রান্ত অংকের ধারণা ও সমাধান .....	200
18. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	210

### Ratio & Proportion (অনুপাত ও সমানুপাতের অংক)

19. Ratio & Proportion .....	213
20. Exercise on Ratio & Proportion .....	220
21. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	246

### Partnership (অংশীদারিত্ব)

22. Partnership-এর Formula & Solved Examples .....	251
23. Exercise on Partnership part 1 .....	255
24. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	265

### Counting & Mixture

25. Counting সংক্রান্ত অংকের কর্মূলা .....	266
26. Mixture সংক্রান্ত অংকের কর্মূলা .....	281

### Inequalities

27. Inequalities সংক্রান্ত অংকের কর্মূলা .....	291
--	-----

### Average

28. Average সংক্রান্ত অংকের কর্মূলা .....	325
29. Exercise on Average .....	331
30. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	350

### Age

31. Age সংক্রান্ত অংকের কর্মূলা .....	354
32. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	364

**Time & Distance**

33. Time & Distance সংক্রান্ত অংকের ফর্মুলা .....	365
34. Exercise on Time & Distance .....	370
35. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	383

**Time & Work সংক্রান্ত অংক**

36. Time & Work .....	387
37. Exercise on Time & Work .....	392
38. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	412

**Trains (ট্রেন)**

39. Trains-এর গুরুত্বপূর্ণ ফর্মুলা (Part 1) ও Solved examples .....	414
40. Exercise on Trains (Part 1) .....	420
41. Trains Part (2)-এর Examples .....	429
42. Exercise on Trains (Part 2) .....	433
43. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	446

**Boats & Streams**

44. Boats & Streams-এর Formulae ও Solved examples .....	448
45. Exercise on Boats & Streams Part – 1 .....	452
46. Boats & Streams-এর আরও Examples .....	458
47. Exercise on Boats & Streams Part – 2 .....	461
48. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	466

**Pipes & Cisterns**

49. Pipes & Cisterns .....	469
50. Exercise on Pipes & Cisterns .....	473
51. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	481

**Chain Rule**

52. Chain Rule .....	485
53. Exercise on Chain Rule Part – 1 .....	491
54. বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান .....	510

**Combination- Permutation & Probability**

55. Combination, Permutation .....	513
56. Probability .....	528

# Math Review

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় Math সেকশনে থাকে পাটীগণিত (Arithmetic), বীজগণিত এবং জ্যামিতি থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন। এই সব অংক Solve করতে গেলে যেসব Formula দরকার পড়ে, সেগুলো সবই আপনাদের জানা থাকে। অথচ ভবুও এই Math Section-এ অনেকে হিমসিম খেয়ে যান। তার একটি কারণ হলো অংকের প্রশ্নটা থাকে ইংরেজীতে এবং বিভিন্ন Term-গুলিও থাকে ইংরেজীতে। ফলে, প্রশ্নে কি তথ্য দেওয়া আছে এবং কি জানতে চাওয়া হয়েছে, অনেকে এটাই বুঝতে পারেন না। এজন্য, প্রথমে প্রয়োজনীয় ইংরেজী Term-গুলি আলোচনা করা হচ্ছে যাতে এগুলো আপনারা বুঝে ও শিখে নিতে পারেন।

## Integer (ইন্টিজার)

পূর্ণ সংখ্যা (whole number)-কে আরেক কথায় Integer বলা হয়। এগুলো Positive বা Negative হতে পারে কিন্তু Fraction (ভগ্নাংশ, যেমন  $\frac{2}{3}$ ) বা Decimal Number (দশমিক সংখ্যা, যেমনঃ 2.45) হবে না।

Positive Integer-এর উদাহরণঃ 1, 7, 8, 36 .....

Negative Integer-এর উদাহরণঃ -5, -12, -128 .....

Zero (0) একটি Integer (মনে রাখুন)। এটা Positive-ও না, Negative-ও না।

## বিভিন্ন Terms

**Sum or Total** (যোগফল) = The result of **adding** (যোগ করা) numbers together. The sum (or total) of 2 & 3 is 5.

**Difference** (বিয়োগফল) = The result of **subtracting or deducting** (বিয়োগ করা) one number from another.

For example, the difference between 5 and 2 is  $5 - 2 = 3$ .

**Product** (গুণফল) = The result of **multiplying** (গুণ করা) numbers together. The product of 2 and 3 is 6.

**Quotient** (উচ্চারণ হচ্ছে কোশিয়েন্ট) ভাগফলঃ The result of **dividing** (ভাগ করা) one number by another. For example, the quotient when 6 is divided by 2 is 3. অর্থাৎ 6-কে 2 দিয়ে ভাগ দিলে quotient হলো 3।

**Remainder** (ভাগশেষ) : For example,  $7 \div 3 = 2$  plus a remainder of 1। অর্থাৎ 7-কে 3 দিয়ে ভাগ দিলে remainder থাকে 1।

## Basic Operations

নীচে গুণ-ভাগ-যোগ-বিয়োগের কিছু basic নিয়মপদ্ধতি দেয়া হল। অনেকেই আগে থেকেই এসবের সাথে পরিচিত। এজন্য বিস্তারিত বর্ণনায় না গিয়ে আমরা short hints-সহ একটা table (ছক) present করলাম।

SL. No.	Operation	Problem	Answer
1.	Changing a mixed number into an improper fraction	Change the mixed number, $7\frac{3}{8}$ to the improper fraction.	উপরে = (নীচে চরটা $\times$ অখন্ড সংখ্যা + উপরে ররটা) = নীচে = মিশ্র সংখ্যায় ত বা আ ছ তাই থাকে ব $\frac{(8 \times 7) + 3}{8} = \frac{56 + 3}{8} = \frac{59}{8}$
2.	Changing an improper fraction into a mixed number.	Change the improper fraction, $\frac{14}{3}$ , to the mixed number.	নীচেরটা (হর বা denominator) দিয়ে উপরেরটাকে (লব বা numerator) ভাগ দিয়ে ভাগফলটিকে পূর্ণসংখ্যা হিসেবে রেখে remainder-টি উপরে ও আগে যেটি নীচে ছিল সেটি নীচে থাকবে। অর্থাৎ $3) 14 (4 = 4\frac{2}{3}$
3.	Raising a fraction to higher terms.	Change the fraction to an equivalent fraction having the denominator indicated $\frac{8}{3} = \frac{?}{12}$	পূর্বের denominator টিকে যত দিয়ে গুণ দেয়ায় নতুন denominator পেলাম, পূর্বের numerator-কে তত দিয়ে গুণ দিলে নতুন numerator পাওয়া যাবে। 32
4.	Reducing fractions to lower terms.	Reduce the fractions $\frac{135}{243}$ to lowest terms.	একই সংখ্যা দিয়ে উপরে নিচে ভাগ করা, চলতি কথায় কাটাফাটি করা। $\frac{135}{243} = \frac{45}{81} = \frac{5}{9}$ (প্রথমে 3 দিয়ে পরে 9 দিয়ে উপরে-নীচে ভাগ দেয়া হয়েছে। তিনবার 3 দিয়ে বা একবারে 27 দিয়েও ভাগ দেয়া যায়।)



5.	Adding and subtracting fractions.	$2\frac{2}{3} + 4\frac{1}{4} + \frac{7}{8} - \frac{5}{6} = ?$	<p>প্রথমে মিশ্রসংখ্যাগুলিকে সাধারণ ভগ্নাংশে পরিবর্তিত করতে হবে।</p> $\frac{8}{3} + \frac{17}{4} + \frac{7}{8} - \frac{5}{6}$ <p>তারপর নীচের অংকগুলোর ল.সা.ও বের করে নীচে বসাতে হবে।</p> <p>এবার এই ল.সা.ওকে একে একটি denominator দিয়ে ভাগ দিয়ে ভাগফলকে উপরেরটি অর্থাৎ numerator দিয়ে গুণ দিতে হবে।</p> $\frac{(24 \div 3 \times 8) + (24 \div 4 \times 17) + (24 \div 8 \times 7) - (24 \div 6 \times 5)}{24}$ $= \frac{64 + 102 + 21 - 20}{24} = \frac{167}{24} = 6\frac{23}{24}$ <p>* ল.সা.ও. (LCM) মানে লগিষ্ঠ সাধারণ গুণিতক বা Least Common Multiple. অর্থাৎ যেসব সংখ্যা এই সবগুলো সংখ্যা দিয়ে ভাগ যায় তাদের মধ্যে সবচেয়ে ছোট সংখ্যাটি। এক্ষেত্রে 24, 48, 72 ... এর মধ্যে 144, এদের জন্য এর চেয়ে ছোট আর কোন সংখ্যা নেই।</p>
6.	Multiplying fractions:	$1\frac{4}{5} \times 2\frac{2}{3} \times 2\frac{1}{2} = ?$	<p>প্রথমে সাধারণ ভগ্নাংশে পরিবর্তন করে কাটাকাটি (উপরে-নীচে একই সংখ্যা দিয়ে ভাগ ও গুণ করা।)</p> $\frac{9}{5} \times \frac{8}{3} \times \frac{5}{2} = 12$
7.	Dividing fractions :	$8 \div \frac{4}{9} = ?$	<p>প্রথমটি সোজা রেখে দ্বিতীয়টি উল্টিয়ে দেয়া এবং ভাগ চিহ্নকে গুণ চিহ্নে পরিবর্তিত করা। <math>8 \times \frac{9}{4} = 18</math></p>
8.	Simplifying complex fractions.	$\frac{\frac{1}{2} + 6}{\frac{5}{7}} \times \frac{4}{5 - \frac{2}{3}} = ?$	<p>ধাপে ধাপে operations করা।</p> $= \frac{\frac{13}{2}}{\frac{5}{7}} \times \frac{4}{\frac{13}{3}} = \left(\frac{13}{2} + \frac{5}{7}\right) \times \left(4 + \frac{13}{3}\right) = \frac{13}{2} \times \frac{7}{5} \times 4 \times \frac{3}{13} = \frac{42}{5} = 8\frac{2}{5}$
9.	Finding the missing term of a proportion.	$\frac{19}{12} = \frac{76}{?} = ?$	<p>3নং operation-এর মত। Ans. 48</p>

10.	Adding and subtracting decimals.	$4.32 + .168 + 17 - .52 = ?$	Point মাঝখানে রেখে ডানে-বামে বরাবর সাজিয়ে নিচের অনুযায়ী যোগ বিয়োগ করতে হয়। $\begin{array}{r} 4.32 \\ 0.168 \\ 17.00 \\ - 00.52 \\ \hline 20.968 \end{array}$
11.	Multiplying decimals	$3.4 \times .007 = ?$	দশমিক জুলে গিয়ে স্রেফ multiply করুন। দশমিক ছাড়াই result-টি লিখুন। এবার গুণ করা সংখ্যাদুটিতে (বা তার বেশি) ডান দিক থেকে মোট কতঘর পরে দশমিক আছে শুনে result-এ ততঘর পরে দশমিক বসিয়ে দিন। যেমন একেত্রে, $34 \times 7 = 238$ । এবার মোট (1 + 3) বা 4 ঘর পরে দশমিক বসিয়ে পাই .0238। দশমিকের বামে কিছু না থাকলে একটা শূন্য বসিয়ে দেয়া উচিত অর্থাৎ 0.0238।
12.	Multiplying a decimal by a power of 10 (10, 100, 1000 etc.)	$5.3219 \times 100 = ?$	
13.	Dividing a decimal by a whole number.	$23.5 \div 4 = ?$	একেত্রে দশমিকটি দূর করে নেয়াই বুঝিমামের কাজ। যেমন এখানে 4-এর পর একটা শূন্য বসিয়ে দশমিককে এক ঘর ডানে সরিয়ে দেয়া যায়, অর্থাৎ $\frac{23.5}{4} = \frac{235}{40} = 5.875$ । অথবা সরাসরিও করা যেতে পারে, না করাই সম্ভব।
14.	Dividing a decimal by a power of 10.	$5.42 \div 100 = ?$	10-এর গুণিতক দিয়ে গুণ করার বিপরীত। দশমিক বামে সরবে।
15.	Dividing a decimal by a decimal.	$.9 \div .34 = ?$	দুটোর decimal point সমান সংখ্যক ঘর ডানে সরিয়ে পূর্ণসংখ্যা বানিয়ে নিই। $\frac{0.9}{0.34} = \frac{90}{34} = 2.6$

16.	Comparing decimal fractions.	Find the smallest decimal among .09, .765, .8	সবগুলো সংখ্যা দশমিক সন্ধানসংখ্যার মাধ্যমে সঠিক পূর্ণসংখ্যা বানিয়ে তারপর দেখুন কোনটি সবচেয়ে ছোট। একটি অঙ্কিত হয়ে গেলে সরাসরিই বুঝতে পারবেন। 0.09
17.	Changing decimal fraction to common fractions.	.62 = ?	Decimal-টিকে পূর্ণসংখ্যা বানানোর জন্য ১০ বা তার গুণিতক দ্বারা ভাগ দিলেই fraction পাওয়া যাবে। $0.62 = \frac{62}{100} = \frac{31}{50}$
18.	Changing common fractions to decimal fractions.	$\frac{5}{8} = ?$	স্বাভাবিকভাবে ভাগ দিলেই হয়। $\frac{5}{8}$ -এর ক্ষেত্রে 8)50(.625 <u>48</u> 20 <u>16</u> 40 <u>40</u> x অভিদূর্বলদের জন্য ব্যাখ্যাঃ 8 দিয়ে 5-কে ভাগ যায়না। সুতরাং ডানে ভাগফলের ঘরে প্রথমে একটা দশমিক নিলে ৫-এর পাশে শূন্য বসানো যায়। এবার প্রতিবারই ভাগশেষের পরে প্রথম দশমিকের কারনেই একটা করে শূন্য বসিয়ে যেতে পারবেন।
19.	Subtracting signed numbers.	$(+2) - (-4) + (-3) - (+1)$	এই নিয়ম follow করে bracket ভুলে দিন। প্লাসে (+) প্লাসে (+) প্লাস (+) প্লাসে (+) মাইনাসে (-) মাইনাস (-) মাইনাসে (-) প্লাসে (+) মাইনাস (-) মাইনাসে (-) মাইনাসে (-) প্লাস (+) $\therefore +2 + 4 - 3 - 1 = 2$
20.	Multiplying and dividing signed numbers.	$\frac{(-8)}{(-2)} + (-3)(5) - \frac{(+6)}{(-2)}$	Division বা কাটাকাটির ক্ষেত্রে একই চিহ্ন পরস্পর বাতিল হয়ে যাবে আর Multiplication-এর ক্ষেত্রে উপরের পূর্বের rule-টি follow করবেন। Ans. (-8)

## Consecutive (কনসেকিউটিভ) Numbers

পূর্বের সংখ্যার চেয়ে পরেরটা 1 বড় হলে এবং এভাবেই ক্রমান্বয়ে বাড়তে থাকলে ঐগুলোকে Consecutive Numbers বলে। যেমন, 4, 5, 6, কিংবা -3, -2, -1, 0, 1, 2, 3 হলো Consecutive Integers কিন্তু 3, 4, 21, 45 নয়।

Consecutive Integer-এর formula হলো  $n, n + 1, n + 2, n + 3, \dots$ , যেখানে  $n$  হলো একটা integer। একইভাবে consecutive even numbers (জোড় সংখ্যা) হলো 4, 6, 8, 10 প্রভৃতি এবং consecutive odd numbers (বেজোড় সংখ্যা) হলো 3, 5, 7, 9, প্রভৃতি।

Consecutive even বা odd numbers-এর ক্ষেত্রে পরের সংখ্যাটা পূর্বেরটার চেয়ে দুই বড় হয়।  $\therefore$  যে কোন consecutive odd বা even number-এর series-এ প্রথম সংখ্যাটা  $n$  হলে পরেরটা হবে  $n + 2$ , তৃতীয়টা হবে  $n + 4$ , চতুর্থটা  $n + 6$  এবং এইভাবেই বাড়তে থাকবে।

## Digits

Digit মোট দশটি : 0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9। সমস্ত সংখ্যাই এক/একাধিক digit দিয়ে গঠিত।

উদাহরণস্বরূপ, একটা integer 246: এখানে তিনটি digit আছে: 2, 4 ও 6।

আবার, সংখ্যার মধ্যে প্রতিটা digit-এর অবস্থান অনুসারে প্রত্যেকটা digit-এর নামও ভিন্ন ভিন্ন। যেমনঃ উপরের 246 সংখ্যাটির মধ্যেঃ

6 is called the units (এককের ঘরের) digit

4 is called the tens (দশকের ঘরের) digit

2 is called the hundreds (শতকের ঘরের) digit

A number with decimal places is also composed of digits, although it is not an integer. অর্থাৎ decimal place বা দশমিকের ঘরযুক্ত সংখ্যাও digit দ্বারা গঠিত, যদিও সেটা integer নয়। বুঝা গেল integer হোক আর decimal number হোক digit থাকবেই।

In the decimal 27.63 there are four digits.

7 is the units digit

2 is the tens digits, এবং দশমিকের পরে

6 is the tenths digit

3 is the hundredths digit

খেলান রাখবেন, দশমিকের পরের সংখ্যাকে tenths, hundredths প্রভৃতি বলা হচ্ছে। (Tens থেকে tenths, বাংলার দশক থেকে দশমাংশ দশমিকের বামে ১ম ঘরটি দশক তারপর শতক আর দশমিকের ডানে ১ম ঘরটি দশমাংশ তারপর শতমাংশ .....)

## Odd & Even

2(দুই) দিয়ে নিঃশেষে বিভাজ্য (evenly divisible) সংখ্যাকে even number (জোড় সংখ্যা) বলে। Evenly divisible কথাটার অর্থ ঐ সংখ্যাকে 2 দিয়ে ভাগ করলে কোন remainder (ভাগশেষ) থাকবে না। যেমন, -4, -2, 0, 2, 8, 12 প্রভৃতি (হ্যাঁ, zero-ও একটা even number)।

যেকোন সংখ্যা সেটা যত বড়ই হউক না কেন, যদি ঐ সংখ্যাটার শেষ digit 2 দিয়ে বিভাজ্য হয়, তবে সংখ্যাটা even যেমন, 45936728 সংখ্যার এককের ঘরের digit {তার মানে units digit} 8-কে 2 দিয়ে ভাগ করলে কোন ভাগশেষ থাকে না, অতএব 45936728 হলো even number।

যেসব সংখ্যা 2 দিয়ে নিঃশেষে বিভাজ্য হয় না অর্থাৎ ভাগশেষ থেকে যায়, সেইসব সংখ্যাকে odd number (বিজোড় সংখ্যা) বলে।

যেমনঃ -5, -3, -1, 3, 5, প্রভৃতি। যেকোন সংখ্যা, যত বড়ই হোক, শেষ digit-টা যদি 2 দিয়ে বিভাজ্য না হয়, তবে সংখ্যাটি odd। অতএব, 242867427 একটা odd সংখ্যা। কারণ এককের ঘরের 7, 2 দ্বারা বিভাজ্য না।

**নীচে কয়েকটা important rules দেয়া হলোঃ**

<b>EVEN + EVEN = EVEN</b>	<b>For example,</b>	<b>2 + 4 = 6</b>
<b>EVEN + ODD = ODD</b>	<b>For example,</b>	<b>4 + 3 = 7</b>
<b>ODD + EVEN = ODD</b>	<b>For example,</b>	<b>3 + 4 = 7</b>
<b>ODD + ODD = EVEN</b>	<b>For example,</b>	<b>3 + 5 = 8</b>
<b>EVEN × EVEN = EVEN</b>	<b>For example,</b>	<b>2 × 4 = 8</b>
<b>EVEN × ODD = EVEN</b>	<b>For example,</b>	<b>2 × 3 = 6</b>
<b>ODD × EVEN = EVEN</b>	<b>For example,</b>	<b>3 × 2 = 6</b>
<b>ODD × ODD = ODD</b>	<b>For example,</b>	<b>3 × 5 = 15</b>

এগুলো আসলে মুখস্থ করার দরকার নেই বরং পরীক্ষার সময়েই 1 second-এ বের করে নিবেন।

যেমনঃ even × even = কি হবে, জানার দরকার হলে 2 × 2 চেষ্টা করুনঃ 2 × 2 হলো চার।

অতএব, even × even মানেই even। এসব বের করার আরও কিছু উপায় পরে আসছে।

## Divisibility Rules (ডিভিবিবিলিটি রুল্‌স্ - বিভাজ্যতার রীতি)

একটি সংখ্যা (ধরুন  $x$ ) যদি দ্বিতীয় আরেকটি সংখ্যা (ধরুন  $y$ ) দ্বারা নিঃশেষে বিভাজ্য হয় অর্থাৎ  $x$ -কে  $y$  দ্বারা ভাগ করলে কোন ভাগশেষ না থাকে, তবে  $x$ -কে  $y$  দ্বারা *divisible* বলা হয়। অর্থাৎ কোন প্রদত্ত যদি থাকে “ $a$  is divisible by  $b$ ” তখন বুঝবেন  $a$ -কে  $b$  দ্বারা ভাগ দিলে কোন remainder থাকবে না। For example, dividing 51 by 17 gives 3, which is an integer. So, 51 is divisible by 17, or 51 equals 17 times 3. On the other hand, dividing 8 by 3 gives  $2\frac{2}{3}$  which is not an integer.  $\therefore$  8 is not divisible by 3 and there is no way to express 8 as an integral multiple of 3. There are various tests to see whether an integer is divisible by certain numbers. অর্থাৎ বেশ কিছু পদ্ধতি আছে যার মাধ্যমে বের করা যায় যে কোনো integer অন্য কোনো সংখ্যা দিয়ে divisible নাকি। যেমনঃ

Math Review

<p><b><u>Divisible by 2?</u></b> 2 দিয়ে বিভাজ্য?</p> <p>এককের দর 2 দিয়ে বিভাজ্য হলে</p>	<p>যে কোনো সংখ্যাই 2 দিয়ে বিভাজ্য হবে যদি সংখ্যাটির শেষ <i>digit</i> (অর্থাৎ এককের ঘরের অঙ্ক) 0, 2, 4, 6 বা 8 হয়। অন্য কথায় শেষ <i>digit</i> যদি 2 দ্বারা বিভাজ্য হয় তাহলে পুরো সংখ্যাটিই 2 দ্বারা বিভাজ্য হবে। For example, 7952 is divisible by 2।</p>
<p><b><u>Divisible by 3?</u></b> 3 দ্বারা বিভাজ্য?</p> <p>Digit-গুলোর যোগফল 3 দিয়ে বিভাজ্য হলে</p>	<p>A number is divisible by 3 if the sum of its digits can be divided by 3. (কোন সংখ্যা 3 দ্বারা বিভাজ্য হবে যদি ঐ সংখ্যার <i>digit</i> গুলোর যোগফল 3 দ্বারা বিভাজ্য হয়।)</p> <p><b><u>Example - 1</u></b> : Is the number 34,237,023 divisible by 3? অর্থাৎ জানতে চাচ্ছে 34, 237, 023 কি 3 দ্বারা বিভাজ্য?</p> <p><b><u>Solution</u></b> : সংখ্যাটির <i>digit</i>-গুলো যোগ করি। <math>3 + 4 + 2 + 3 + 7 + 0 + 2 + 3 = 24</math>. Now, 24 is divisible by 3 (<math>24 \div 3 = 8</math>) so the number 34,237,023 is also divisible by 3. এখানে single <i>digit</i> না আসা পর্যন্ত আবারও যোগ করতে পারেন। যেমনঃ 24-এর থেকে <math>2 + 4 = 6</math>। আরও সহজ হল এবার <math>6</math>, 3 দিয়ে বিভাজ্য।</p> <p><b><u>Example - 2</u></b> : We can easily say that 216 is divisible by 3, as sum of the digits (<math>2 + 1 + 6 = 9</math>) is divisible by 3.</p>
<p><b><u>Divisible by 4?</u></b> 4 দ্বারা বিভাজ্য?</p> <p>শেষ দুই <i>digit</i> 4 দিয়ে বিভাজ্য হলে</p>	<p>যে কোনো সংখ্যাই 4 দিয়ে বিভাজ্য হবে, যদি সংখ্যাটির শেষ দুই <i>digit</i> দ্বারা গঠিত সংখ্যাটি 4 দিয়ে বিভাজ্য হয়।</p> <p><b><u>Example</u></b> : Which of the following numbers are divisible by 4? অর্থাৎ নীচের কোন সংখ্যাগুলো 4 দ্বারা বিভাজ্য? 3456, 6787612, 67408, 7877, 345, 98.</p> <p><b><u>Solution</u></b> : Look at the last two digits of the numbers - 56, 12, 08, 77, 45, 98. Only 56, 12, and 08 are divisible by 4, so only the numbers 3456, 6787612, and 67408 are divisible by 4. অর্থাৎ প্রতিটি সংখ্যার শেষ দুই <i>digit</i>-এর দিকে খেয়াল করুন। 4 দিয়ে ভাগ যায় শুধুমাত্র 56, 12 এবং 08। <math>\therefore</math> শুধু 3456, 6787612 এবং 67408 হলো 4 দিয়ে divisible।</p>
<p><b><u>Divisible by 5?</u></b> 5 দ্বারা বিভাজ্য?</p>	<p>যে কোনো সংখ্যাই 5 দিয়ে বিভাজ্য হবে, যদি সংখ্যাটির শেষ <i>digit</i> (অর্থাৎ এককের ঘরের অঙ্ক) 0 অথবা 5 হয়। যেমনঃ 715, 2510 ইত্যাদি।</p>

<p><b><u>Divisible by 6?</u></b> 6 দ্বারা বিভাজ্য?</p> <p>যদি সংখ্যাটি 2 ও 3 উভয়টি দিয়েই ভাগ যায়</p>	<p>যে কোনো সংখ্যাই 6 দিয়ে divisible, যদি সংখ্যাটি 2 ও 3 উভয়টি দিয়েই ভাগ যায় (অর্থাৎ প্রথম দুটো test-এ উত্তীর্ণ হয়)।</p> <p><b>Example</b> : Is the number 12,414 divisible by 6?</p> <p><b>Solution</b> : Test করুন, 12,414 কি 2 এবং 3 দ্বারা divisible? The last digit is a 4, so it is divisible by 2. Adding the digits yields <math>1 + 2 + 4 + 1 + 4 = 12</math>. অর্থাৎ 12,414-এর digit-গুলোকে যোগ করলে হয় 12, যেটা 3 দিয়ে divisible। Since it is divisible by both 2 and 3, it is divisible by 6.</p>
<p><b><u>Divisible by 8?</u></b> 8 দ্বারা বিভাজ্য?</p> <p>শেষ তিনটি digit 8 দ্বারা বিভাজ্য হলে</p>	<p>Any integer is divisible by 8 if the last 3 digits are divisible by 8. (কোন সংখ্যা 8 দ্বারা বিভাজ্য হবে যদি এর শেষ 3-টি digit 8 দ্বারা বিভাজ্য হয়।)</p> <p><b>Example</b> : Is the number 342169424 divisible by 8?</p> <p><b>Solution</b> : <math>424 + 8 = 53</math>, so 342169424 is divisible by 8.</p>
<p><b><u>Divisible by 9?</u></b> 9 দ্বারা বিভাজ্য?</p> <p>Digit-গুলোর যোগফল 9 দ্বারা বিভাজ্য হলে</p>	<p>অর্থাৎ যে কোনো সংখ্যাই 9 দিয়ে বিভাজ্য যদি সংখ্যাটির digit-গুলোর যোগফল 9 দিয়ে বিভাজ্য হয়। (যেমন 3 দ্বারা বিভাজ্যের ক্ষেত্রে)</p> <p><b>Example</b> : Is the number 243,091,863 divisible by 9?</p> <p><b>Solution</b> : Adding the digits yields <math>2 + 4 + 3 + 0 + 9 + 1 + 8 + 6 + 3 = 36</math>. 36 is divisible by 9, so the number 243091863 is divisible by 9.</p>
<p><b><u>Divisible by 10?</u></b> 10 দ্বারা বিভাজ্য?</p>	<p>An integer is divisible by 10 if the last digit is 0. অর্থাৎ কোনো সংখ্যা 10 দিয়ে বিভাজ্য, যদি সংখ্যাটির শেষ digit 0 হয়।</p>
<p>কিছু মিল খেয়াল করুন</p>	<ul style="list-style-type: none"> <li>• 2-এর ক্ষেত্রে শেষ digit, 4-এর ক্ষেত্রে শেষ দুই digit ও 8-এর ক্ষেত্রে শেষ তিন digit বিবেচ্য।</li> <li>• 3 এবং 9-এর ক্ষেত্রে সবগুলো digit যোগ করতে হয়।</li> <li>• 6-এর ব্যাপারটাই শুধু একটু exceptional।</li> </ul>

## Factors & Multiples (উৎপাদক ও গুণিতক)

সহজ দিলে এ দুটো বুঝতে সহজ হবে। 27-এর factor হলো 3 এবং 9; 12-এর factor হলো 2, 3, 4 এবং 6 অর্থাৎ তার মানে দাঁড়ালো, কোন নির্দিষ্ট সংখ্যার factor হলো ঐ সকল সংখ্যা যে সব সংখ্যা দিয়ে উৎপাদক হিসেবে ভাগ যায়, যেমন 27 divisible হয় 3 এবং 9 দিয়ে। উল্টো দিক দিয়ে, 27 হলো 3 এবং 9 প্রত্যেকে multiple।

**এটি সহজ Rule** If a number  $P$  is divisible by a number  $Q$ , then  $P$  is also divisible by the factors of  $Q$ . For example, 60 is divisible by 12, so 60 is also divisible by 2, 3, 4 and 6 which are all factors of 12. (অর্থাৎ যদি কোনো সংখ্যা  $Q$  দিয়ে আরেকটা সংখ্যা  $P$  divisible হয়, তবে  $Q$ -এর সব factor দিয়েও  $P$  divisible হবে। যেমনঃ 60 হলো 12 দিয়ে বিভাজ্য।  $\therefore$  12-এর factor 2, 3, 4 এবং 6 দিয়েও 60 বিভাজ্য)।

## Prime Numbers

যে সব সংখ্যাকে শুধুমাত্র ঐ সংখ্যাটা এবং 1 দ্বারা নিঃশেষে ভাগ করা যায়, সেসব সংখ্যাকে prime numbers (মৌলিক সংখ্যা) বলে। অতএব, 2, 3, 5, 7, 13 প্রভৃতি হলো prime numbers। জোড় সংখ্যার মধ্যে একমাত্র 2 (two) হলো prime number। 0 (Zero) বা 1 কোনোটাকেই prime number ধরা হয় না।

∴ 0 (zero) একটি Non Prime Even Integer.

কোনো সংখ্যা Prime কিনা, তা নির্ণয়ের জন্য নিচের দুটো step follow করতে হবেঃ

**Step 1:** সংখ্যাটার একটা আনুমানিক square root (বর্গমূল) নির্ণয় করুন। Remember that the square root of a number is that number which when multiplied by itself, gives the original number. For example, the square root of 25 is 5 because  $5 \times 5 = 25$ .

**Step 2:** প্রাপ্ত আনুমানিক root-এর চেয়ে ছোট যে সব prime number আছে, সে সব prime দিয়ে সংখ্যাটা ভাগ করুন। যদি কোনো prime দিয়েই সংখ্যাটা ভাগ না যায়, তবে সংখ্যাটা নিজেই একটা prime। আর যদি কোনো prime দিয়ে সংখ্যাটা বিভাজ্য হয়, তবে সেটা prime নয়।

**01. Review Example :** Is the number 97 prime?

**Solution :** An approximate square root of 97 is 10. এখানে প্রকৃত বর্গমূলটি ৯ ও ১০-এর মাঝে। আমরা নির্ভুলতার খাতিরে অপেক্ষাকৃত বড়টিকেই সবসময় বেছে নিব। Now all the primes less than 10 are 2, 3, 5, and 7. Divide 97 by 2, 3, 5, and 7. No integer results, so 97 is prime. (অর্থাৎ 97-এর একটা আনুমানিক square root হলো 10। এখন এই 10-এর চেয়ে ছোট prime হলো 2, 3, 5 এবং 7। 97-কে 2, 3, 5 বা 7 কোনোটা দিয়েই ভাগ করা যায় না। ∴ 97 একটা prime।)

**02. Review Example :** Is the number 161 prime?

**Solution :** An approximate square root of 161 is 13. The primes less than 13 are 2, 3, 5, 7, and 11. Divide 161 by 2, 3, 5, 7, and 11. 161 is divisible by 7 ( $161 \div 7 = 23$ ), so 161 is not prime. (অর্থাৎ 161-এর আনুমানিক একটা root হলো 13। 13-এর চেয়ে ছোট prime হলো 2, 3, 5, 7 এবং 11। 161-কে 2, 3, 5, 7 বা 11 দিয়ে ভাগ দিলে দেখা যায় যে 161 7 দিয়ে divisible। ∴ 161 কোনো মৌলিক সংখ্যা নয়।)



## Approximations (আসন্নমান)

**ROUNDING OFF:** Round off অর্থ কোনো সংখ্যার শেষে একটু কেটে-ছেঁটে বা পরিবর্তন করে সমতল আকারে প্রকাশ করা। উদাহরণ দেখলেই clear হয়ে যাবে। যেমনঃ 8.987-কে round off করে অর্থাৎ আসন্নমানে পরিবর্তন করে 8.99 আকারে প্রকাশ করা যায়। অবশ্য এতে 8.987 সংখ্যাটা তার accuracy কিছুটা হারালো।

কোনো সংখ্যাকে  $n$  place পর্যন্ত round off করতে হলে প্রথমে দেখতে হবে সংখ্যাটার  $n$ th digit-এর ঠিক ডানদিকে কোন্ digit আছে। ( $n$ th digit বের করার নিয়ম হলো decimal point-এর ডানে  $n$  place পর্যন্ত গণনা করা)।  $n = 1, 2, 3, \dots$  ইত্যাদি হতে পারে।

$n$ th digit-এর ঠিক ডানের digit যদি 5-এর চেয়ে কম হয়, তবে  $n$ th digit-এর ডানের সব digit-কে বাদ দিলেই হয়ে গেলো। আর  $n$ th digit-এর ঠিক ডানের digit যদি 5 বা তার চেয়ে বেশী হয়, তবে  $n$ th digit-এর সাথে 1 যোগ করতে হবে, এবং  $n$ th digit-এর ডানের সব digit বাদ দিতে হবে।

**Hundredth place পর্যন্ত দূরকম rounding off-এর উদাহরণ**

**10.56 8 = 10.57** (5-এর চেয়ে বড় 8-কে বাদ দিয়ে আগের 6-টিকে 7 বানানো হল)

**10.56 4 = 10.56** (5-এর চেয়ে ছোট 4-কে সরাসরি বাদ দিয়ে দেয়া হল)

**03. Review Example:** Round off 8.73 to the nearest tenth.

**Solution** : The digit to the right of the tenth is 3. Since this is less than 5 eliminate it and the rounded off answer is 8.7. (দশমিক সংখ্যার ক্ষেত্রে tenth হলো দশমিকের পর ঠিক প্রথম সংখ্যাটাই।  $\therefore$  এক্ষেত্রে tenth place-এ আছে 7। 7-এর পর আছে 3, যেটা 5-এর চেয়ে ছোট।  $\therefore$  7-এর ডানের সব সংখ্যাকে বাদ দিলে থাকে 8.7।)

**04. Review Example :** Round off 986 to the nearest tens place. (এরকম decimal-বিহীন rounding off কম প্রচলিত)

**Solution** : The number to the right of the tens place is 6. Since this is more than 5 add 1 to the tens place ( $8 + 1 = 9$ ) & replace the 6 with a 0 to get 990. (অর্থাৎ tens place হলো দশকের ঘর। এখানে tens place-এ আছে 8। এর ঠিক ডানে আছে 6, যেটা 5-এর চেয়ে বড়।  $\therefore$  8-এর সাথে 1 যোগ করে আসে 9 এবং ঐ 8-এর ডানের সংখ্যাগুলোকে 0 বানিয়ে দিতে হবে।  $\therefore$  986-কে nearest tens place-এ round off করলে পাওয়া যায় 990।)

**APPROXIMATING SUMS:** When adding a given set of numbers and when the answer must have a given number of places of accuracy, follow the steps below. (যখন কিছু সংখ্যাকে যোগ করে নির্দিষ্ট মান (দশমাংশ, শতাংশ.....) পর্যন্ত accurate যোগফল বের করতে হবে তখন নীচের step গুলো follow করব)

<b>Step 1</b>	Round off each addend (number being added) to one more place than the number of places the answer is to have. (যোগফল যত ঘর বা place পর্যন্ত সঠিক হওয়া লাগবে তার চেয়ে এক ঘর বেশি পর্যন্ত সবগুলো addend (যে number-গুলো যোগ করতে হবে)-কে round off করে ফেলব।)
<b>Step 2</b>	rounded addends-গুলো যোগ করব।
<b>Step 3</b>	যোগফলটিকে প্রয়োজনীয় places of accuracy পর্যন্ত round-off করব।

**05. Review Example:** What is the sum of 12.0775, 1.20163, and 121.303 corrected to the nearest hundredth?

**Solution** : Number তিনটিকে nearest thousandth পর্যন্ত round off করি (প্রশ্নে যে accuracy চেয়েছে তার চেয়ে একঘর বেশি): 12.078, 1.202 & 121.303 এইগুলোর sum হচ্ছে 134.583. অবশেষে nearest hundredth পর্যন্ত round off করলে পাচ্ছি 134.58.

**APPROXIMATING PRODUCTS:** To multiply certain numbers and have an answer to the desired number of places of accuracy, follow the steps below. (কিছু সংখ্যাকে multiply করে desired number of places of accuracy পেতে গেলে নীচের steps-গুলো follow করুন।)

<b>Step 1</b>	যে সংখ্যাগুলো multiply করা হবে তাদেরকে answer-এ চাওয়া number of places of accuracy পর্যন্ত round-off করে নেই।
<b>Step 2</b>	Round off factors (যে সংখ্যাগুলো গুণ করা হবে)-গুলো multiply করি।
<b>Step 3</b>	Product (গুণফল)-টিকে desired number of places পর্যন্ত round off করে নেই।

**06. Review Example :** Find the product of 3316 and 1432 to three places. (এরকম decimal বিহীন rounding-off কম প্রচলিত।)

**Solution** : প্রথমে, 3316-কে 3 places পর্যন্ত round off করি, পেলাম 3320। একইভাবে 1432-কে 3 places পর্যন্ত round off করে পাচ্ছি 1430। এখন এই দুটি number-এর product হচ্ছে 4747,600। অবশেষে 3 places পর্যন্ত round off করে পাচ্ছি 4,750,000।

## Absolute Value

এটিরও উদাহরণ দেখুনঃ  $|+6| = 6$  ;  $|-5| = 5$  ; অর্থাৎ যে কোন সংখ্যার সাংখ্যিক মানই হলো absolute value. অর্থাৎ সংখ্যাটার positive বা negative sign-কে বিবেচনা না করে শুধু মূল সংখ্যাটাই হচ্ছে absolute value ।

## Median & Mode

**Median** : The median of a set of numbers is that number which concerning the value, is in the *middle* of all the numbers. (এক set সংখ্যার মধ্যে মানের দিক দিয়ে ঠিক মধ্যখানে অবস্থিত সংখ্যাটিকে median বলে) ।

**07. Review Example:** Find the median of 20, 0, 80, 12, and 30.

**Solution** : Number সলোকে increasing order-এ সাজাইঃ

0  
12  
20  
30  
80

এখানে ঠিক *middle* number হচ্ছে 20, so 20 is the median.

**Note:** যদি কখনো even number-এর item থাকে, অর্থাৎ যখন কোন middle number থাকে না; যেমনঃ

0  
12  
20  
24  
30  
80

এক্ষেত্রে আমাদের middle-এর 2-টি number-এর average নিতে হবে, অর্থাৎ 20 ও 24-এর average 22.

**Mode** : The mode of a set of numbers is the number that occurs most frequently. (এক-set সংখ্যার mode হচ্ছে ঐ সংখ্যাটি যেটি সবচেয়ে বেশি বার এসেছে ।)

If we have numbers 0, 12, 20, 30, and 80 there is no mode, since no one number appears with the greatest frequency. অর্থাৎ কোন সংখ্যাই অন্যগুলোর চেয়ে অপেক্ষাকৃত বেশিবার না আসার কারণে এখানে আমরা mode পেলাম না । কিন্তু নিচেরটির ক্ষেত্রে দেখুনঃ

**08. Review Example :** Find the mode of 0, 12, 12, 20, 30, 80.

**Solution :** 12 appears most frequently, so it is the mode.

**09. Review Example:** Find the mode of 0, 12, 12, 20, 30, 30, 80

**Solution :** Here both 12 and 30 are modes. অর্থাৎ এখানে 12 ও 30 দুটোই সবচেয়ে বেশিবার এসেছে বলে দুটোই mode.

## Probability

কোন একটি নির্দিষ্ট ঘটনা ঘটার সম্ভাব্যতাকে probability বলে। এটি একটি simple ratio বা অনুপাত:

$$\text{Probability of an event} = \frac{\text{কার্যকর উপায়ের সংখ্যা}}{\text{মোট উপায়ের সংখ্যা}}$$

Probability সবসময় 0 থেকে 1-এর মধ্যে থাকবে, যেহেতু মোট উপায়ের চেয়ে কার্যকর উপায়ের সংখ্যা কখনো বড় হবে না। 0-মানে no probability আর 1 মানে নিশ্চিত।

সুতরাং probability-এর ক্ষেত্রেঃ

- কোন কিছু ঘটা যদি 'অসম্ভব' হয় তবে ঐ ঘটনা ঘটার probability = 0
- কোন ঘটনা ঘটা যদি 'নিশ্চিত' হয় তবে ঐ ঘটনা ঘটার probability = 1
- আর যদি কোন কিছু ঘটার সম্ভাবনা থাকে কিন্তু নিশ্চিত না তখন probability 0 থেকে 1।

**10. Review Example:** A box contains six hard lead pencils and eighteen soft lead pencils. What is the probability of drawing a soft lead pencil from the box.

**Solution:** বাক্সে hard lead pencil 6-টি আর soft lead pencil 18-টি মোট lead pencil 24-টি।

$$\therefore \text{Probability of drawing a soft lead pencil} = \frac{\text{Number of soft lead pencils}}{\text{Total number of lead pencils}}$$

$$= \frac{18}{24} = \frac{3}{4}$$

**11. Review Example :** What is the probability that a head will turn up on a single throw of a penny?

**Solution:** The favourable number of ways is 1 (a head).

The total number of ways is 2 (a head and a tail). Thus, the probability is  $\frac{1}{2}$ .

## Functions

$x$ -এর function-কে প্রকাশ করা হয়  $f(x)$  রূপে।

উদাহরণস্বরূপ, যদি  $f(x) = 2x + 5$  হয় তাহলে  $f(3) = 2 \times 3 + 5 = 11$ .

এসব ক্ষেত্রে যেখানেই  $x$  পাব সেখানেই ৩ বসিয়ে দিব ব্যস তাহলেই যথেষ্ট।

একইভাবে  $f(-2) = 2 \times (-2) + 5 = 1$ .

আরেকটি example দেখুনঃ যদি  $f(y) = y^2 - y$ , then  $f(2) = 2^2 - 2 = 4 - 2 = 2$ .

$f(-2) = (-2)^2 - (-2) = 4 + 2 = 6$ .

এবার আরেকটি জটিল একটি example দেখুনঃ Let  $f(x) = x + 2$  and  $g(y) = 2^y$ .

**12. Review Example:** What is  $f[g(-2)]$ ?

**Solution:** এখন,  $g(-2) = 2^{-2} = \frac{1}{2^2} = \frac{1}{4}$ .

Thus  $f[g(-2)] = f(1/4)$ । যেহেতু  $f(x) = x + 2$ ,  $\therefore f(1/4) = 1/4 + 2 = 2\frac{1}{4}$

## Properties of numbers

এই অংশের অংকগুলির জন্য Math Review-এর গুরুত্ব অংশ দেখুন।

**13. Review Example:** If  $n$  is an odd integer, which of the following must also be odd?

- I.  $n + n$                       II.  $n + n + n$                       III.  $n \times n \times n$   
(A) I only (B) II only (C) III only (D) II and III only (E) I, II and III

**Solution** :  $n = 3$  ধরার পর পাই,  
I.  $n + n = 6$  (even)  
II.  $n + n + n = 9$ (odd)  
III.  $n \times n \times n = 27$  (odd)                      উত্তর (D)

**14. Review Example:** If  $n$  is an even integer, which of the following must also be even?


(যদি  $n$  একটি জোড় অখণ্ড সংখ্যা হয় তাহলে নীচের কোনগুলি অবশ্যই জোড় হবে?)


- I.  $n + n$                       II.  $n + n + n$                       III.  $n \times n \times n$   
(A) I only (B) II only (C) III only (D) II and III only (E) I, II and III




**Solution** যেহেতু  $n$  একটি even integer, তাহলে সবচেয়ে ছোট even integer টিকে বিবেচনা করি।




$\therefore n = 2$  ধরলে  
I.  $n + n = 4$  (even)    II.  $n + n + n = 6$ (even)    III.  $n \times n \times n = 8$  (even)  
উত্তর (E).




**Tips:** এ ধরনের অঙ্কগুলি কৃত্রিম visualization-এর মাধ্যমে আর একটি দ্রুত করতে পারেন।

যদি আমরা ধরিঃ even = একটি সমতল ব্লক = 

আর odd = একটি কোণা বের হওয়া ব্লক =  । তাহলে এবার দেখুন

even + even =  +  =  = even

even + odd =  +  =  = odd

odd + odd =  +  =  = even

এভাবে অন্য operation-গুলোও visible করে মাথায় গেঁথে নিন, তিন সেকেন্ডে অঙ্ক করে ফেলুন।

**15. Review Example :** If  $n$  is an integer, which of the following must be even?

- I.  $2n$                                   II.  $2n + n$                                   III.  $2n \times n$   
(A) I only (B) II only (C) III only (D) I & II only (E) I & III only

**Solution**

: এখানে আমরা জানি না,  $n$  কি odd নাকি even। সুতরাং যেকোনো odd ও even যেকোনটা ধরে ফলাফল অবশ্যই even হবে সেটাই আমাদের কাঙ্ক্ষিত উত্তর। হক দেখুন।

$\therefore$  শুধু I ও III সত্য, অর্থাৎ উত্তর (E).

	$n = 2$ অর্থাৎ even হলে	$n = 3$ অর্থাৎ odd হলে
I. $2n =$	$2 \times 2 = 4$	$2 \times 3 = 6$
II. $2n + n =$	6	9
III. $2n \times n =$	8	18

আর visualization-এর মাধ্যমে চিন্তা করুন (পরে সহজ হয়ে আসবে): I.  $n$  জোড় বা বিজোড় যাই হোক তার ২-গুণ বা পাশাপাশি ২-টি ব্লক অবশ্যই একটি সমতল ব্লকে পরিণত হবে। অর্থাৎ even হবে। II.  $2n$  অবশ্যই even হবে কিন্তু আরেকটি সংযুক্ত  $n$  যদি odd হয় তাহলে  $2n + n = \text{odd}$  হবে। III.  $2n = \text{even}$  সুতরাং একে এরপর যতগুণই করেন even থাকবে।

**16. Review Example :** Which of the following represents the product of two consecutive integers? (নীচের কোনটি দুইটি consecutive integer বা ত্রয়িক পূর্ণসংখ্যার গুণফল প্রকাশ করে?)

- (A)  $2n + 1$  (B)  $2n + n$  (C)  $2n^2$  (D)  $n^2$  (E)  $n^2 + n$

**Solution**

: একটা integer  $n$  হলে, পরের integer-টা হবে  $n + 1$ । অতএব, এদের product হচ্ছে,  $n(n + 1) = n^2 + n$ । উত্তর (E).

17. **Review Example** : If  $n$  is odd, which of the following represents the third odd number following  $n$ ?

- (A)  $n + 3$  (B)  $n + 4$  (C)  $n + 6$  (D)  $3n + 3$  (E)  $4n + 4$

**Solution** :  $n$ -একটি odd number হলে  $n$ -এর পরে  $n$ -কে follow করা first odd number  $n + 2$ , তারপরেরটা অর্থাৎ second  $n + 4$ , এরপর third  $n + 6$ ।  $\therefore$  উত্তর (C)

18. **Review Example**: If  $n$  is the first number in a series of three consecutive even numbers, which of the following represents the sum of the three numbers? ( $n$  হচ্ছে তিনটি consecutive even number-এর একটি সিরিজের প্রথম number, তাহলে নীচের কোনটি number তিনটির sum প্রকাশ করে?)

- (A)  $n + 2$  (B)  $n + 4$  (C)  $n + 6$  (D)  $3n + 6$  (E)  $6(3n)$

**Solution** : যেহেতু  $n$  হচ্ছে first even number, the second even number is  $n + 2$  & the third is  $n + 4$ . The sum of  $n$ ,  $n + 2$  and  $n + 4$  is  $n + n + 2 + n + 4 = 3n + 6$ . Answer is D.

19. **Review Example**: If  $n$  is any (যেকোন, অর্থাৎ even বা odd) integer, which of the following is always an odd integer?

- (A)  $n - 1$  (B)  $n + 1$  (C)  $n + 2$  (D)  $2n + 1$  (E)  $2n + 2$

**Solution** : ধরি,  $n = 2$ ;

- (A)  $n - 1 = 1$  (B)  $n + 1 = 3$ (odd) (C)  $n + 2 = 4$ (even)

- (D)  $2n + 1 = 5$  (E)  $2n + 2 = 6$

ধরি,  $n = 3$

- (A)  $n - 1 = 2$  (B)  $n + 1 = 4$  (even) (C)  $n + 2 = 5$  (odd)

- (D)  $2n + 1 = 7$  (E)  $2n + 2 = 8$

প্রশ্নে বলা হয়েছে  $n$  যেকোন integer। এজন্য  $n$ -কে একবার even, আরেকবার odd ধরা হলো। দেখা যাচ্ছে, উভয় ক্ষেত্রে শুধু  $(2n + 1)$  odd। উত্তর D।

এখানে একটা গুরুত্বপূর্ণ ব্যাখ্যা লক্ষ্যণীয়।  $n$  even বা odd যাই হোক না কেন,  $2n + 1$  সবসময়ই odd। আবার, একইভাবে (এই প্রশ্নেই E-তেও দেখা যায়)  $2n + 2$  সবসময়ই even। এ দুটো ব্যাখ্যা মনে রাখলে জটিল্যে অংক করার সময় অনেক সময় বাঁচবে এবং কম সময়ে অংক solve করতে পারবেন। এবার সরাসরি করার পদ্ধতি দেখুন,  $n$  odd বা even যাই হোক না কেন (এটাই দ্রুততর উপায়)।

(A) 1 বিয়োগ করলে odd হয়ে যাবে even আর even হয়ে যাবে odd.

(B) 1 যোগ করলেও একই ঘটনা ঘটবে।

(C) 2 যোগ করলে odd, odd ই থাকবে আর even, even-ই থাকবে।

(D)  $2n$  সবসময়ই even।  $\therefore 2n +$  সবসময় odd।


(E)  $2n$  সবসময়ই even সুতরাং  $2n + 2$  সবসময়ই even।

## Reciprocal

কোন number-কে যখন তার reciprocal দ্বারা multiple করা হয় তখন উত্তর হয় 1, কোন number-এর reciprocal জানতে চাইলে number-টিকে fraction আকারে প্রকাশ করে উল্টিয়ে দিন যেমন- the reciprocal of 5 or  $\frac{5}{1} = \frac{1}{5}$ .

আবার  $\frac{2}{3}$  এর reciprocal =  $\frac{3}{2}$ . আবার 1.2 এর বা  $\frac{12}{10}$  এর reciprocal =  $\frac{10}{12} = \frac{5}{6}$ .

## Number Line



শূন্য থেকে শুরু করে সমস্ত positive ও negative number-গুলোকে একটি line-এর উপর সাজানো যায় (ছবিটি দেখুন) Zero-এর ডানে সব positive number

আর বামে সব negative. 0 positive-ও না negative-ও না আর অন্যান্য সকল non zero number-গুলি হয় positive হবে না হয় negative হবে।

এই number line-টির ধারণা অঙ্কের সমাধানে কাজে লাগবে। মনে রাখবেন যত ডান - তত বড়। সুতরাং -2 এর চেয়ে কিন্তু 1 বড়।

## Special Characteristics of 1 and 0 (Zero)

0 এবং 1 এর বিশেষ গুণাবলী

■ Here are three unique characteristics of the integer 1 that you should keep in mind:

$$n \times 1 = n \qquad \frac{n}{n} = 1 \quad (n \neq 0) \qquad \frac{n}{1} = n$$

■ Here are three unique characteristics of the integer 0 (zero):

$$n \pm 0 = n \qquad n \times 0 = 0 \qquad \frac{0}{n} = 0$$



■ Here are two more characteristics of the integer 0 (zero) that you should distinguish from the preceding ones:

$$\frac{n}{0} = \text{undefined (অসীম) অথচ } \frac{0}{n} = 0$$

$$\frac{0}{0} = \text{indeterminate (অনির্ণেয়) যদিও } \frac{1}{1} = 1$$

### Short-cut Tip

{If  $n$  is an integer, even or odd}  $2n + 1 = \text{always odd}$   $2n + 2 = \text{always even}$

Positive এবং negative number সম্পর্কে নীচে কিছু formula এবং example দেয়া হলো।

## Positive & Negative Numbers

### ধনাত্মক ও ঋণাত্মক সংখ্যা

POSITIVE  $\times$  POSITIVE = POSITIVE (POSITIVE + POSITIVE = POSITIVE)

POSITIVE  $\times$  NEGATIVE = NEGATIVE (POSITIVE + NEGATIVE = NEGATIVE)

NEGATIVE  $\times$  POSITIVE = NEGATIVE (NEGATIVE + POSITIVE = NEGATIVE)

NEGATIVE  $\times$  NEGATIVE = POSITIVE (NEGATIVE + NEGATIVE = POSITIVE)

**20. Review Example :** If  $n$  is negative, which of the following must be positive?

I.  $2n$

II.  $n^2$

III.  $n^5$

(A) I only (B) II only (C) III only (D) I & II only (E) II & III only

**Solution** এখানে প্রথমে আরেকটা formula বলে নেয়া যেতে পারে। যদি কোন বিরোধবোধক সংখ্যাকে Odd number power-এ raise করা হয়, তবে সংখ্যাটির চিহ্ন Negative-ই হবে।

উদাহরণস্বরূপ, একটা negative সংখ্যা  $(-5)$ ; এখন,  $(-5)^9 = -(-5)^9$  অর্থাৎ negative। উল্টোদিকে negative number-কে even number power-এ raise করা হলে উত্তর positive হবে।

এখন আলোচ্য উদাহরণে: I.  $2n = \text{negative}$ . II.  $n^2 = \text{positive}$  III.  $n^5 = \text{negative}$ ; উত্তর (B); এবার ভগ্নাংশ সংক্রান্ত একটা গুরুত্বপূর্ণ formula দেয়া হলোঃ

$$\text{For example, } \frac{1}{2} \times \frac{1}{2} \times \frac{1}{2} = \frac{1}{8} \text{ and } \frac{1}{8} < \frac{1}{2};$$

অর্থাৎ কোন ভগ্নাংশকে যত power করা হবে, ভগ্নাংশটা ততই ছোট হবে;

$$\text{যেমন } \left(\frac{1}{2}\right)^2 = \frac{1}{4}; \left(\frac{1}{2}\right)^3 = \frac{1}{8}. \text{ Here, } \frac{1}{4} > \frac{1}{8}$$

21. **Review Example** : If  $0 < x < 1$  which of the following is the largest?

- (A)  $x$  (B)  $2x$  (C)  $x^2$  (D)  $x^3$  (E)  $x + 1$


**Solution** : এখানে, যেহেতু  $x$  হচ্ছে 1 এর চেয়ে ছোট কিন্তু 0-এর চেয়ে বড়, সুতরাং  $x$  একটা fraction।  
অতএব,  $x > x^2 > x^3$ ; আবার  $2x > x$ , যেহেতু একটি fraction এর চেয়ে অবশ্যই দুইটি fraction-এর মান বেশি হবে,  $2x$  মানে  $x + x$  অর্থাৎ (1এর চেয়ে ছোট একটি fraction + the same fraction) কিন্তু  $(x + 1)$  মানে (1 এর চেয়ে ছোট fraction-টি + 1)। অতএব, সর্বোচ্চই  $(x + 1)$  সবার বড়; উত্তর (E)।

এতক্ষণ যে formula গুলো নিয়ে বলা হলো, এগুলোই ঠিকমতো প্রয়োগ করলে এই ধরনের যে কোন problem solve করা অত্যন্ত সহজ। আর একান্তই কোন problem-এ যদি কোন অনুবিধা হয়, তবে সবচেয়ে simple technique-এর আশ্রয় নেবেন, সেটা হলোঃ সাংখ্যিক মান বসানো। নীচের উদাহরণটি দেখুনঃ

22. **Review Example**: If  $-1 < x < 0$ , which of the following is the largest?

- (A)  $-1$  (B)  $x$  (C)  $2x$  (D)  $x^3$  (E)  $x - 1$

**Solution** : ধরুন,  $x = -\frac{1}{2}$ ;  $\therefore$  (A)  $-1$  (B)  $-\frac{1}{2}$  (C)  $-1$  (D)  $-\frac{1}{8}$  (E)  $-1\frac{1}{2}$ ;



negative চিহ্ন থাকতে number line অনুযায়ী খেয়াল রাখতে হবে, যে সংখ্যার সাংখ্যিক মান যত ছোট, সে সংখ্যা তত বড়। অন্যভাবে, যত ডানে তত বড়। উত্তর (D)

### Review Exercise

Exercise-গুলো হাতে কলমে করা অঙ্কে দক্ষতা অর্জনের জন্য অসম্ভব গুরুত্বপূর্ণ। খাতা-কলম নিয়ে বসুন এবং আমাদের দেয়া solution না দেখে নিজে নিজেই try করতে শুরু করুন। পরে পারা-না পারা সব অংকের solution দেখুন। আপনার হাতে সময় যদি খুব কম হয় অঙ্কতঃ কালু অংক হাতে কলমে করে বাকিগুলোতে চোখ বুলিয়ে যান।

23. **Review** : Which of the following numbers are prime numbers?

- I. 11 II. 111 III. 1,111  
(A) I only (B) II only (C) I & II only (D) I & III only (E) I, II, & III

সমাধান: (A) I. 11 হলো prime number

111 সংখ্যাটি 3 দিয়ে ভাগ যায়। কারণ 111 এর মধ্যস্থিত তিনটি সংখ্যার যোগফল  $1 + 1 + 1 = 3$ , যেটা 3 দ্বারা বিভাজ্য। অতএব, 111 - 3 দ্বারা বিভাজ্য। অর্থাৎ 111 prime নয়।

III. 1111 সর্বোচ্চই 11 দ্বারা বিভাজ্য। অতএব, এটাও prime নয়। বোঝা যাচ্ছে কোন সংখ্যা দিয়ে কোন সংখ্যা ভাগ যায় সে সম্বন্ধে একটা পরিস্কার ধারণা থাকতেই হবে।

24. **Review:** Which of the following numbers are prime numbers?

- I. 12,345                      II. 999,999,999                      III. 1,000,000,002  
 (A) I only                      (B) III only                      (C) I & II only  
 (D) I & II, & III                      (E) None

সমাধান (E): I. 5 দ্বারা ~~স্পষ্ট~~ই divisible

II. 9 দ্বারা divisible, বোঝাই যাচ্ছে।

III. 2 দ্বারা divisible;  $\therefore$  কোনটাই prime নয়।

অনেক বড় সংখ্যা দেখে কখনোই ভয় পাবেন না, শেষ digit-এর দিকে তাকালেই সহজ হয়ে আসবে।

25. **Review:** What is the largest factor of both 6 and 9?

- (A) 1                      (B) 3                      (C) 6                      (D) 9                      (E) 12

সমাধান (B): 6 এর factor হলো 6, 3, 2, 1;

9-এর factor হলো 9, 3, 1; অতএব, largest factor হলো 3

26. **Review:** What is the smallest multiple of both 12 and 18?

- (A) 36                      (B) 48                      (C) 72                      (D) 128                      (E) 216

সমাধান (A): 12-এর multiple-গুলো হলো 12, 24, 36, 48, ....;

18 এর multiple-গুলো হলো 18, 36, 54, ..... অতএব,

উভয়ের smallest multiple হলো 36.

27. **Review:** Which of the following is (are) odd?

- I.  $24 \times 31$                       II.  $22 \times 49$                       III.  $33 \times 101$   
 (A) I only                      (B) II only                      (C) III only                      (D) I & III only                      (E) I, II & III

সমাধান (C): যেকোনো সংখ্যা odd নাকি even সেটা জানার জন্য দরকার সংখ্যাটির শুধু এককের স্থানের অংকটা

I.  $24 \times 31 =$  এককের স্থানে 4 এবং 1-এর গুণফল হবে 4। অতএব, গুণফলটা হবে even.

II.  $22 \times 49 =$  এককের স্থানে আসবে একটা even অংক।

III.  $33 \times 101 =$  এককের স্থানে আসবে  $3 \times 1 = 3$ . তাহাজা, আমরা জানি even-এর সঙ্গে odd বা even যাই multiply করা হোক অবশ্যই even হবে। আর  $odd \times odd = odd$ ।

$\therefore$  উত্তর হলো (C).

28. **Review:** Which of the following is (are) even ?

- I.  $333,332 \times 333,333$                       II.  $999,999 + 101,101$                       III.  $22,221 \times 44,441$

- (A) I only                      (B) II only                      (C) I & II only                      (D) I & III only                      (E) I, II, & III

সমাধান (C): I. এককের ঘরের অংক দুটোর গুণফল  $3 \times 2 = 6$ ;  $\therefore$  পুরো গুণফলটা even.

II. এককের ঘরে 9 এবং 1 কে যোগ করলে even হয়। (এখানে product না sum চাচ্ছে।  
 যত্ন খুব খেয়াল করা জরুরী)

III. দুটো সংখ্যারই এককের ঘরে 1 থাকতে গুণফলও এককের ঘরে 1 হবে।  $\therefore$  গুণফলটা odd হবে।

29. **Review:** If 8 is the 3<sup>rd</sup> number in a series of 3 consecutive whole numbers, what is the 1<sup>st</sup> number in the series?

- (A) 0 (B) 1 (C) 6 (D) 7 (E) 11

সমাধান (C): প্রমানুসারে third সংখ্যাটি হলো 8;  $\therefore$  2<sup>nd</sup> সংখ্যাটি হলো 7, 1<sup>st</sup> সংখ্যাটি হলো 6। খেয়াল করুন এখানে consecutive WHOLE numbers বলছে, অর্থাৎ odd-even সবই ধর্তব্য।

30. **Review:** If 15 is the fifth number in a series of 5 consecutive odd numbers, what is the third number in the series?

- (A) 5 (B) 7 (C) 9 (D) 11 (E) 13

সমাধান (D): প্রমানুসারে, পাঁচটা consecutive odd numbers-এর series-এ, 15 হলো fifth number;

$\therefore$  13 হলো 4th number

$\therefore$  11 হলো 3rd number

31. **Review:** If  $m$ ,  $n$ ,  $o$ ,  $p$  and  $q$  are integers, then  $m(n + o)(p - q)$  must be even when which of the following is even?

- (A)  $m + n$  (B)  $n + p$  (C)  $m$  (D)  $o$  (E)  $p$

সমাধান (C): কয়েকটি সংখ্যাকে গুণ করলে গুণফলটা even হবে যদি ঐ সংখ্যাগুলির মধ্যে কমপক্ষে একটা even হয়।

$\therefore m(n + o)(p - q)$  even হবে যদি  $m$  বা  $(n + o)$  বা  $(p - q)$  even হয়।

$\therefore$  Answer choice হলো অনুযায়ী উত্তর  $m$ ।

32. **Review:** If  $n$  is integer, which of the following must be even?

- (A)  $n - 1$  (B)  $n + 1$  (C)  $3n + 1$  (D)  $2n + 2$  (E)  $2n + n$

সমাধান (D): যেহেতু শুধু বলা আছে যে, " $n$  is integer", সুতরাং  $n$  odd বা even দুটোই হতে পারে।

(A)  $n - 1 = \text{odd}$  বা  $\text{even}$ । বুঝতেই পারছেন কোন সংখ্যা থেকে 1 বিয়োগ করলে সেটা odd থাকলে even হয়ে যাবে আর even থাকলে odd হয়ে যাবে।

(B)  $n + 1 = \text{odd}$  বা  $\text{even}$  একই কারণে।

(C)  $3n + 1 = \text{odd}$  বা  $\text{even}$ । কারণ odd বা even-কে, odd 3 দ্বারা গুণ করলে odd বা even পাওয়া যাবে। তারপর 1 যোগ করলে আশের অবস্থা।

(D)  $2n + 2 = \text{উভয় ক্ষেত্রেই even}$ । কারণ  $n$  odd বা even যা হোক even-2 দ্বারা গুণ করলে even হয়ে যাবে। তারপর 2 যোগ করলে even।

(E)  $2n + n = \text{odd}$  বা  $\text{even}$ । কারণ  $2n$  even হলেও  $n$  যখন odd হবে তখন  $n$  odd করলেই odd হয়ে যাবে।  $\therefore$  উত্তর (D)। [যাদের analysis-এর power একটু কম তারা  $n = 2$  ও  $3$  ধরে করে করে উত্তর বের করবেন]

33. **Review:** If  $p$  is the smallest of 3 consecutive integers,  $p$ ,  $q$  &  $r$ , what is the sum of  $q$  &  $r$  expressed in terms of  $p$ ?

- (A)  $3p + 3$  (B)  $3p + 1$  (C)  $2p + 3$  (D)  $2p + 1$  (E)  $2p$

সমাধান (C): প্রশ্নানুসারে, যেহেতু  $p$ ,  $q$  ও  $r$  consecutive integers বা তিনটি পরপর সংখ্যা,

$$\therefore q = p + 1$$

$$r = p + 2$$

$$\therefore q + r = (p + 1) + (p + 2) = 2p + 3$$

34. **Review:** If the 5<sup>th</sup> number in a series of 5 consecutive integers has the value  $n + 3$ , find the 1<sup>st</sup> number in the series expressed in terms of  $n$ ?

- (A) 0 (B) 1 (C)  $n - 1$  (D)  $n - 3$  (E)  $-4n$

সমাধান (C): five consecutive integers -এর একটি series-এ fifth number =  $n + 3$

$$\therefore 4\text{th number} = n + 2$$

$$\therefore 3\text{rd number} = n + 1$$

$$\therefore 2\text{nd number} = n$$

$$\therefore 1\text{st number} = n - 1$$

35. **Review:** If  $n$  is negative, all BUT which of the following must also be negative?

- (A)  $n^5$  (B)  $n^3$  (C)  $\frac{1}{n}$  (D)  $\frac{1}{n^2}$  (E)  $\frac{1}{n^3}$

সমাধান (D): all but which of the following must also be negative-এর অর্থ হচ্ছে কোনটি ছাড়া সবগুলো negative হবে অর্থাৎ কোনটি positive হবে? যে কোন negative সংখ্যার power, even হলে result positive সংখ্যা পাওয়া যাবে। আর, power যদি odd সংখ্যা হয়, তবে result negative সংখ্যা পাওয়া যাবে। এখন  $n$  negative সংখ্যা হওয়াতে (say  $n = -2$ )

$$\therefore (A) n^5 = (-2)^5 = -2^5 \quad (B) n^3 = (-2)^3 = -2^3$$

$$(C) \frac{1}{n} = \frac{1}{-2} = -\frac{1}{2} \quad (D) \frac{1}{n^2} = \frac{1}{(-2)^2} = \frac{1}{2^2}$$

$$[\text{এটা Positive}] (E) \frac{1}{n^3} = \frac{1}{(-2)^3} = -\frac{1}{2^3}$$

36. **Review:** If  $x = -1$ , which of the following is the largest?

- (A)  $2x$  (B)  $x$  (C)  $\frac{x}{2}$  (D)  $x^2$  (E)  $x^3$

সমাধান (D):  $x = -1$  হওয়াতে

$$(A) = -2 \quad (B) = -1 \quad (C) = -\frac{1}{2} \quad (D) = 1 \quad (E) = -1 \quad \therefore \text{largest is (D)}$$

37. **Review:** If  $x$  is greater than zero but less than 1, which of the following is the largest?

- (A)  $\frac{1}{x^2}$       (B)  $\frac{1}{x}$       (C)  $x$       (D)  $x^2$       (E)  $x^3$


সমাধান (A): দেয়া আছে,  $0 < x < 1$  অর্থাৎ  $x$  হলো একটি positive fraction number,

$$\text{যনে করি } x = \frac{1}{2}$$

$$\therefore \text{(A) } \frac{1}{x^2} = \frac{1}{\left(\frac{1}{2}\right)^2} = \frac{1}{\frac{1}{4}} = 1 \div \frac{1}{4} = 1 \times \frac{4}{1} = 4; \quad \text{(B) } \frac{1}{x} = \frac{1}{\frac{1}{2}} = 2;$$

$$\text{(C) } x = \frac{1}{2} \quad \text{(D) } x^2 = \frac{1}{4} \quad \text{(E) } x^3 = \frac{1}{8}; \text{ অতএব, largest হলো (A)}$$

# Odd-Man-Out & Series



## Odd-Man-Out & Series

**Turn odd man out:** As the phrase speaks itself, in this type of problems, a set of numbers is given in such a way that each one, except one satisfies a particular definite property. The one, which does not satisfy that characteristic, is to be taken out. Some important properties of numbers are given below: odd man out (মানে হচ্ছে অসামঞ্জস্যপূর্ণটিকে বাদ দেয়া। এ জাতীয় problem-এ কতগুলো সংখ্যা দেয়া থাকে যাদের মধ্যে একটি বাদে অন্যসবগুলো সমজাতীয়, সেই একটিকে চিহ্নিত করাই হচ্ছে কাজ। কোন বৈশিষ্ট্যের ভিত্তিতে সংখ্যাগুলো এক জাতীয় হচ্ছে তা বুঝার সুবিধার জন্য নীচের বৈশিষ্ট্যগুলোর প্রতি লক্ষ্য রাখুন।)

- (i) **Prime Numbers:** A counting number greater than, 1, which is divisible by itself and 1 only, is called a prime number. e.g. 2, 3, 5, 7, 11, 13; 17, 19, 23, 29, 31, 37, 41, 43, 47, 53, 61, 67, 71, 73, 79, 83, 89, 97 etc.
- (ii) **Even Numbers:** A number divisible by 2 is an even number e.g. 2, 4, 6, 8, 10 etc.
- (iii) **Odd Numbers:** A number not divisible by 2 is called an odd number.
- (iv) **Perfect Squares:** A counting number whose square root is a counting number, and equal to a fraction is called a perfect square; e.g. 1, 4, 9, 16, 25, 36, 49, 64, etc.  
অর্থাৎ, যে সংখ্যার কোন বর্গমূল পূর্ণ সংখ্যা বা ভগ্নাংশের সম্পন্ন হয়।
- (v) **Perfect Cubes:** A counting number whose cube-root is a counting number is called a perfect cube, e.g. 1, 8, 27, 64, 125 etc.
©528. Simple interest on a certain sum at a certain rate is  $\frac{9}{16}$  of the sum. If the number representing rate per cent and time in years be equal, then the time is:

(অর্থাৎ একটি নির্দিষ্ট পরিমাণ আসলের সুদ আসলের  $\frac{9}{16}$  ভাগ। যদি শতকরা সুদের হার এবং বছরের

সংখ্যা সমান হয়, সময় কত?)

- (a)  $5\frac{1}{2}$       (b)  $6\frac{1}{2}$       (c)  $6\frac{1}{4}$       (d)  $7\frac{1}{2}$

সমাধানঃ Let, Principal =  $P$ . Then, S.I. =  $\frac{9}{16}P$ . Let,

Rate =  $R\%$  per annum and Time =  $R$  years.

$$\text{Then, } \frac{9}{16}P = \frac{P \times R \times R}{100}. \text{ So, } R^2 = \frac{900}{16} \text{ or } \frac{30}{4} = 7\frac{1}{2} \text{ years.}$$

©529. Tk. 800 amounts to Tk. 920 in 3 years at simple interest. If the interest rate is increased by 3%, it would amount to how much? (অর্থাৎ ৮০০ টাকার একটি মূলধন সরল সুদে ৩ বছরে ৯২০ টাকা হলো। যদি সুদের হার ৩% বৃদ্ধি পায় তাহলে মূলধন কত টাকায় পরিণত হবে?)

- (a) 1056      (b) 1112      (c) 1182      (d) 992



সমাধানঃ Principal = Tk. 800,

S.I. = Tk. (920 - 800) = Tk. 120 and Time = 3 years.

Original rate =  $\frac{100 \times 120}{800 \times 3} = 5\%$ . New rate = 8%.

Now, S.I. = Tk.  $\left(\frac{800 \times 8 \times 3}{100}\right) = \text{Tk. } 192$ . Amount = Tk. 992.

- ©530. A lent Tk. 600 to B for 2 years and Tk. 150 to C for 4 years and received altogether from both Tk. 90 as simple interest. The rate of interest is: (অর্থাৎ A ২ বছরের জন্য B কে ৬০০ টাকা এবং C কে ৪ বছরের জন্য ১৫০ টাকা ধার দিলো এবং উভয়ের কাছ থেকে সব মিলিয়ে A সরল সুদ হিসেবে ৯০ টাকা পেল। সুদের হার কত?)  
 (a) 4 (b) 5 (c) 10 (d) 12

সমাধানঃ Let, rate =  $x\%$  per annum.

Then,  $\frac{600 \times x \times 2}{100} + \frac{150 \times x \times 4}{100} = 90$  or  $18x = 90$  or  $x = 5$ .

- ©531. If the interest on Tk. 1200 be more than the interest on Tk. 1000 by Tk. 50 in 3 years, the rate per cent is: (অর্থাৎ যদি ৩ বছরে ১২০০ টাকার সুদ ১০০০ টাকার সুদের চেয়ে ৫০ টাকা বেশী হয় তবে শতকরা সুদের হার কত?)

(a)  $10\frac{1}{3}$  (b)  $6\frac{2}{3}$  (c)  $8\frac{1}{3}$  (d)  $9\frac{2}{3}$

সমাধানঃ Let, rate =  $x\%$  per annum.

Then,  $\frac{1200 \times x \times 3}{100} - \frac{1000 \times x \times 3}{100} = 50$  or  $6x = 50$  or  $x = 8\frac{1}{3}$ .

Rate =  $8\frac{1}{3}\%$  per annum.

- ©532. A sum was put at simple interest at a certain rate for 2 years. Had it been put at 1% higher rate, it would have fetched Tk. 24 more. The sum is: (অর্থাৎ একটি নির্দিষ্ট পরিমাণ মূলধন একটি নির্দিষ্ট সুদের হারে ২ বছরের জন্য রাখা হলো। যদি শতকরা ১ টাকা বেশী হারে রাখা হতো তাহলে ২৪ টাকা বেশী হতো। আসল কত?)

(a) 600 (b) 800 (c) 1200 (d) 480

সমাধানঃ Let, sum = Tk.  $x$  and original rate =  $y\%$  per annum.

Then,  $\frac{x \times (y+1) \times 2}{100} - \frac{x \times y \times 2}{100} = 24$  or  $x = 1200$ .

- ©533. A sum of money becomes  $\frac{8}{5}$  of itself in 5 years at a certain rate of interest. The rate per cent per annum is: (অর্থাৎ একটি নির্দিষ্ট পরিমাণ আসল নির্দিষ্ট সুদের হারে ৫ বছরে আসলের  $\frac{8}{5}$  গুণ হয়। বার্ষিক শতকরা সুদের হার কত?)
- (a) 5 (b) 8 (c) 10 (d) 12

সমাধানঃ Let, sum = Tk.  $x$ . Then, amount = Tk.  $\left(\frac{8x}{5}\right)$ .

$$\text{S.I.} = \text{Tk.} \left(\frac{8x}{5} - x\right) = \text{Tk.} \left(\frac{3x}{5}\right). \text{ Rate} = \left(\frac{100 \times \frac{3x}{5}}{x \times 5}\right) \% = 12\%.$$

- ©534. The simple interest on a sum of money at 8% per annum for 6 years is half the sum. The sum is: (অর্থাৎ বার্ষিক শতকরা ৮ টাকা সুদে কোন আসলের ৬ বছরের সুদ আসলের অর্ধেক। আসল কত?)
- (a) 4800 (b) 6000 (c) 8000 (d) Data inadequate

সমাধানঃ Let, sum =  $P$   $\therefore$  S.I. =  $\frac{P}{2}$ , Rate = 8% & Time = 6 years.

$$\therefore \frac{P}{2} = \frac{P \times 8 \times 6}{100}. \text{ Thus, data is inadequate.}$$

- ©535. A certain sum of money at simple interest amounts to Tk. 1012 in  $2\frac{1}{2}$  years and to Tk. 1067.20 in 4 years. The rate of interest per annum is: (অর্থাৎ একটি নির্দিষ্ট পরিমাণ আসল নির্দিষ্ট সময় সুদে  $2\frac{1}{2}$  বছরে ১০১২ টাকা এবং ৪ বছরে ১০৬৭.২০ টাকা হয়। বার্ষিক শতকরা সুদের হার কত?)
- (a) 2.5 (b) 3 (c) 4 (d) 5

সমাধানঃ S.I. for  $\frac{3}{2}$  years = Tk. (1067.20 - 1012) = Tk. 55.20.

$$\text{S.I. for } \frac{5}{2} \text{ years} = \text{Tk.} \left(55.20 \times \frac{2}{3} \times \frac{5}{2}\right) = \text{Tk.} 92.$$

$$\therefore \text{Sum} = \text{Tk.} (1012 - 92) = \text{Tk.} 920. \text{ Hence, Rate} = \left(\frac{100 \times 92 \times 2}{920 \times 5}\right) = 4\%.$$

- ©536. The difference between in interests received from two different banks on Tk. 500 for 2 years, is Tk. 2.50. The difference between their rates is: (অর্থাৎ ৫০০ টাকার ২ বছরে দুটো ব্যাংক থেকে সুদ প্রাপ্তির পার্থক্য হলো ২.৫০ টাকা। সুদের হারের পার্থক্য কত?)  
 (a) 1 (b) 0.5 (c) 2.5 (d) 0.25

সমাধানঃ Let the rates be  $x\%$  and  $y\%$ .

$$\text{Then, } \frac{500 \times x \times 2}{100} - \frac{500 \times y \times 2}{100} = 2.5 ; 0 (x-y) = 2.5 \text{ or } x - y = 0.25.$$

- 537. A man invested  $\frac{1}{3}$  of his capital at  $7\%$ ;  $\frac{1}{4}$  at  $8\%$  and remained at  $10\%$ . If his annual income is Tk. 561, the capital is: (অর্থাৎ এক লোক তার মূলধনের এক-তৃতীয়াংশ শতকরা ৭ টাকা হারে, এক-চতুর্থাংশ শতকরা ৮ টাকা হারে এবং বাকীটা শতকরা ১০ টাকা হারে বিনিয়োগ করল। যদি তার বার্ষিক আয় ৫৬১ টাকা হয়, তবে মূলধন কত?)  
 (a) 5400 (b) 6000 (c) 6600 (d) 7200

সমাধানঃ Let the capital be Tk.  $x$ .

$$\text{Then, } \frac{x}{3} \times \frac{7}{100} + \frac{x}{4} \times \frac{8}{100} + \left[ x - \left( \frac{x}{3} + \frac{x}{4} \right) \right] \times \frac{10}{100} = 561$$

$$\Rightarrow \frac{7x}{300} + \frac{x}{50} + \frac{x}{24} = 561 \Rightarrow \frac{14x + 12x + 25x}{600} = 561$$

$$\Rightarrow 51x = 561 \times 600 \Rightarrow x = 6600.$$

- 538. The simple interest on a sum of money will be Tk. 600 after 10 years. If the principal is trebled after 5 year, what will be the total interest at the end of the tenth year? (অর্থাৎ একটি নির্দিষ্ট পরিমাণ আসলের সরল সুদ ১০ বছরে ৬০০ টাকা হবে। যদি আসল ৫ বছর পর তিনগুণ হয় তাহলে ১০ বছর শেষে মোট সুদ কত হবে?)  
 (a) 600 (b) 900 (c) 1200 (d) Data inadequate

সমাধানঃ Let, sum = Tk.  $x$ .  $\therefore$  S.I. = Tk. 600, Time = 10 years.

$$\text{Rate} = \left( \frac{100 \times 600}{x \times 10} \right) = \left( \frac{6000}{x} \right) \% \text{ per annum.}$$

$$\text{S.I. on } x \text{ for } 1^{\text{st}} 5 \text{ years} = \left( x \times \frac{6000}{x} \times 5 \times \frac{1}{100} \right) = \text{Tk. } 300$$

$$\text{S.I. on } 3x \text{ for next 5 years} = \left( 3x \times \frac{6000}{x} \times 5 \times \frac{1}{100} \right) = \text{Tk. } 900$$

$$\text{Total interest} = \text{Tk. } (300 + 900) = \text{Tk. } 1200.$$

- 539. A man lends Tk. 10000 in four parts. If he gets 8% on Tk. 2000,  $7\frac{1}{2}$  % on Tk. 4000 &  $8\frac{1}{2}$  % on Tk. 1400, what per cent must he get for the remainder, if the average interest is 8.13%? (অর্থাৎ এক লোক ১০০০০ টাকা চার ভাগ করে ধার দেয়। সে ২০০০ টাকায় শতকরা ৮ টাকা হারে, ৪০০০ টাকায়  $৭\frac{১}{২}$  টাকা হারে এবং ১৪০০ টাকায়  $৮\frac{১}{২}$  টাকা হারে সুদ পায়। বাকী টাকায় তাকে শতকরা কত টাকা হারে সুদ পেতে হবে যদি গড় সুদের হার ৮.১৩ টাকা হয়?)

(a) 7 (b) 9 (c)  $9\frac{1}{4}$  (d)  $10\frac{1}{2}$

সমাধানঃ 
$$\left(\frac{2000 \times 8 \times 1}{100}\right) + \left(4000 \times \frac{15}{2} \times \frac{1}{100}\right) + \left(1400 \times \frac{17}{2} \times \frac{1}{100}\right) + \left(\frac{2600 \times x \times 1}{100}\right) = \left(\frac{10000 \times 8.13 \times 1}{100}\right)$$
 or  $160 + 300 + 119 + 26x = 813 \Rightarrow 26x = 234 \Rightarrow x = 9\%$

- 540. Two equal amounts of money are deposited in two banks, each at 15% per annum, for  $3\frac{1}{2}$  years and 5 years. If difference between their interests is Tk.

144, each sum is: (অর্থাৎ বার্ষিক শতকরা ১৫ টাকা সুদে দুটো ব্যাংকে দুটো সমপরিমাণ টাকা  $৩\frac{১}{২}$

বছর ও ৫ বছরের জন্য জমা রাখা হলো। যদি তাদের সুদের পার্থক্য ১৪৪ টাকা হয় মূলধন কত?)

(a) 460 (b) 500 (c) 640 (d) 720

সমাধানঃ Let each sum be Tk. P. Then, 
$$\frac{P \times 15 \times 5}{100} - \frac{P \times 15 \times 7}{100 \times 2} = 144.$$

$$\therefore \frac{3}{4}P - \frac{21}{40}P = 144 \text{ or } \frac{9P}{40} = 144. P = \frac{144 \times 40}{9} = 640.$$

- 541. The rate of interest on a sum of money is 4% per annum for the first 2 years, 6% per annum for the next 4 years and 8% per annum for the period beyond 6 years. If the simple interest accrued by the sum for a total period of 9 years is Tk. 1120, what is the sum? (অর্থাৎ একটি নির্দিষ্ট পরিমাণ মূলধনের উপর প্রথম দু বছরের বার্ষিক শতকরা সুদের হার ৪ টাকা, পরবর্তী ৪ বছরে ৬ টাকা এবং ৬ এর অধিক বছরের জন্য সুদের হার ৮ টাকা। যদি সব মিলিয়ে ৯ বছরে সরল সুদ ১১২০ টাকা হয় তবে আসল কত?)

(a) 1500 (b) 2000 (c) 2500 (d) 4000

সমাধানঃ Let, sum = Tk.  $x$ .

$$\text{Then, } \frac{x \times 4 \times 2}{100} + \frac{x \times 6 \times 4}{100} + \frac{x \times 8 \times 3}{100} = 1120$$

$$56x = 112000 \text{ or } x = \frac{112000}{56} = 2000.$$

- 542. A man deposits Tk. 600 in a Bank at 10% interest rate compounded annually. At the end of the second year, the total amount including interest will become.  
 (a) 660            (b) 720            (c) 726            (d) 625

সমাধানঃ Compound Amount = Principal  $\left(1 + \frac{\text{Rate}}{100}\right)^{\text{Time}}$

$$= 600 \left(1 + \frac{10}{100}\right)^2 = 600 \times \frac{110}{100} \times \frac{110}{100} = 726$$

- 543. If \$1 were invested at 8 percent interest compounded annually, the total value of the investment, in dollars, at the end of 6 years would be  
 (a)  $(1.8)^6$             (b)  $(1.08)^6$             (c)  $6(1.08)$             (d)  $1 + (0.08)^6$

সমাধানঃ Compound Amount = Principal  $\left(1 + \frac{\text{Rate}}{100}\right)^{\text{Time}}$

$$= 1 \left(1 + \frac{8}{100}\right)^6 = 1 \times \left(\frac{108}{100}\right)^6 = (1.08)^6$$



বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু problems ও এদের সমাধান

544. How much interest will Tk. 2000 earn at an annual rate of 10% in one year if the interest is compounded every 6 months? *IFIC Bank LTD. Probationary Officer- 2011*
- a. 200                      b. 210                      c. 220                      d. None of these

সমাধান (d) : Compound amount =  $P \left(1 + \frac{\text{rate}}{100}\right)^n$  (P = principal); time period at

$$\text{compounding} = \frac{1}{2} \text{ years. Total value} = 2000 \left(1 + 5\%\right)^2 = 2000 (1.05)^2 = 2205$$

কারণ 6 মাসে একবার compounding বা চক্রবৃদ্ধি হবে বলে বার্ষিক rate অর্ধেক করে হিসেব করতে হবে।

অর্থাৎ, rate =  $10 \div 2 = 5\%$  এবং দুইবার compounded হবে বলে  $n = 2$ ;

অর্থাৎ, In one year the interest will be computed 2 times.

$$\text{For the first half, Interest} = 2000 \times \frac{10}{100} \times \frac{1}{2} \Rightarrow 100$$

The principle at the end of the half year  $\Rightarrow 2000 + 100 = 2100$ .

$$\text{For the second half year, interest} = 2100 \times \frac{10}{100} \times \frac{1}{2} \Rightarrow 105$$

$\therefore$  The principle at the end of the year will be  $2100 + 105 = 2205$

$\therefore$  Interest is  $(2205 - 2000) = 205$

545. How much interest will Tk. 1000 earn in one year at an annual interest rate of 20% if interest rate is compounded every 6 months? *Bangladesh Bank Assistant Director Recruitment Test-2010*

- a. 200                      b. 205                      c. 110                      d. 208                      e. 210,

সমাধান(e) : 1 year = 12 months

12 মাসের 100 টাকায় interest = 20 টাকা

$$1 \text{ " } 100 \text{ " " } = \frac{20}{12}$$

$$6 \text{ " } 100 \text{ " " } = \frac{20 \times 6}{12} = 10 \text{ টাকা}$$

$$1 \text{st } 6 \text{ মাসে সুদ পাওয়া যায়} = \frac{10}{100} \times 1000 = 100$$

সুদসহ মোট টাকা = 1100

$$\text{পরের ছয়মাসে সুদ হয়} = \frac{10}{100} \times 1100 = 110$$

মোট সুদ =  $110 + 100 = 210$  টাকা।

অথবা,

$$FV = P \left(1 + \frac{r}{2}\right)^n = 1000 \left(1 + \frac{20\%}{2}\right)^2$$

$$= 1000 \times (1 + 10\%)^2$$

$$= 1000 \times (1.1)^2 = 1000 \times 1.21 = 1210$$

$$\text{সুদ} = 1210 - 1000 = 210$$

বছরে দু'বার compounding হচ্ছে বলে  $n = 2$  এবং rate-কে অর্ধেক করা হয়েছে।

546. Tk. 2000 is deposited in a savings account which pays 6% annual interest compounded semi-annually. To the nearest Taka, how much is in the account at the end of the year?

MBA 2005 – 2006

(A) Tk. 2060

(B) Tk. 2120

(C) 2122

(D) Tk. 2247

(E) Tk. 2258

সমাধান (C): আমরা জানি Compound interest-এর ক্ষেত্রে Formula-টি হল,

Final Capital =  $P(1 + r)^n$  Tk ; এখানে, P = Principal (আসল)

R = Interest rate; n = Time(Period of compounding) =  $\frac{1}{2}$  year

অথবা, In one year, the interest will be computed 2 times,

For the first half, Interest =  $2000 \times \frac{6}{100} \times \frac{1}{2} = \text{Tk. } 60$

∴ The principal at the end of half year =  $2000 + 60 = \text{Tk. } 2060$

For second half year, interest =  $2060 \times \frac{6}{100} \times \frac{1}{2} = \text{Tk. } 61.80$

∴ The principal at the end of second half year =  $2060 + 61.80 = 2121.80 = 2122$

সুতরাং Answer হবে (C)।

547. A man borrowed Taka 100 at 6.5% per year and had to pay Taka 2.14 as interest when he repaid the loan. For how many days did he borrow the money?

E-MBA Feb, 2006

A. 70

B. 80

C. 100

D. 120

E. 150

সমাধান (D): 2.14-এর ঋণ তিন গুণ হল 6.5;

6.5 টাকা interest হয় 365 দিনে, তাহলে 365 দিনের  $\frac{1}{3}$  হল ঋণ 120 দিন

যা Answer choice-থেকে পাওয়া যায়, বা,  $\frac{365 \times 2.14}{6.5} \approx 120$

548. The difference between the interests received from two different banks on Taka 500 for 2 years is Taka 2.50. The difference between their rates is:

E-MBA Feb, 2006

- A. 10%      B. 0.50%      C. 2.5%      D. 25%      E. 0.25%

সমাধানঃ (D): 500 tk'র জন্য পার্থক্য হয় 2.5 tk

$$1 \quad " \quad " \quad " \quad " \quad \frac{2.5}{500} "$$

$$\therefore 100 \quad " \quad " \quad " \quad " \quad \frac{2.5 \times 100}{500} = .5 \text{ tk.}$$

এখন, 2 বছরে পার্থক্য হয় .5 tk.

$$\therefore 1 \quad " \quad " \quad " \quad \frac{.5}{2} = .25 \text{ tk.}$$

\(\therefore\) 100 tk'র 1 বছরে পার্থক্য .25 tk.

অর্থাৎ, .25%.

**Shortcut :** ধরি, 500 টাকার 2 বছরের সুদের পরিমাণ একটি ব্যাংকে  $x$  টাকা;

তাহলে অপর ব্যাংকে হবে  $(x + 2.5)$  টাকা;

প্রথম ব্যাংকের rate মানে 100 টাকার 1 বছরের সুদ =  $\frac{x \times 100}{500 \times 2} = \frac{x}{10} \%$  এবং অন্য ব্যাংকের

$$\text{rate হবে } \frac{(x+2.5) \times 100}{500 \times 2} = \frac{x+2.5}{10} \%$$

$$\therefore \text{Difference} = \frac{x+2.5}{10} - \frac{x}{10} = \frac{x+2.5-x}{10} = \frac{2.5}{10} = \frac{1}{4} \% = 0.25\%$$

549. Muzahid wants to borrow Tk. 2,00,000 from a bank. The amount with interest rate of 15% is to be repaid 18 months from now. How much will be the repayment amount?

Mercantile Bank 2006


- (A) Tk. 1,63,200      (B) Tk. 2,58,000      (C) Tk. 2,45,000  
(D) Tk. 2,85,000      (E) None of these

$$\text{সমাধান (C): } \frac{115 \times 2,00,000 \times 18}{100 \times 12} = 2,45,000$$



# Ratio & Proportion





# Ratio & Proportion

**Ratio:** The ratio of two quantities in the same units is a fraction that one quantity is of the other. অর্থাৎ একই এককযুক্ত দুটি সংখ্যার ratio বা অনুপাত হচ্ছে একটির সঙ্গে আরেকটির তৈরী হওয়া ভগ্নাংশ। মানে উপরে একটি সংখ্যা আর নিচে অন্য সংখ্যাটি।

সুতরাং  $a$  ও  $b$ -এর ratio হচ্ছে  $\left(\frac{a}{b}\right)$ , written as  $a : b$ .

The first term of a ratio is called antecedent, while the second term is known as consequent.

Thus, the ratio 4:7 represents  $\left(\frac{4}{7}\right)$  with antecedent 4 and consequent 7.

**Rule:** The multiplication or division of each term of a ratio by a same non-zero number does not affect the ratio. অর্থাৎ কোন অনুপাতের প্রতিটি সংখ্যাকে যেকোন একই সংখ্যা দিয়ে গুণ বা ভাগ করলে অনুপাত ঠিক থাকবে।

সুতরাং  $3 : 5 = 6 : 10 = 9 : 15 = 12 : 20$  ইত্যাদি। অথবা  $27 : 36 = 9 : 12 = 3 : 4$  ইত্যাদি।

**Proportion:** The equality of two ratios is called proportion.

Thus,  $2:3 = 8:12$  is written as  $2:3 :: 8:12$  and we say that 2, 3, 8 and 12 are in proportion.

In a proportion, the first and fourth terms are known as extremes, while second and third terms are known as means. অর্থাৎ, একটা সমানুপাতে প্রথম এবং চতুর্থ পদকে বলে extremes (এক্সট্রীমস); আর দ্বিতীয় এবং তৃতীয় পদকে বলে mean.

In a proportion: Product of Means = Product of Extremes. অর্থাৎ, mean-দ্বয়ের গুণফল = extreme-দ্বয়ের গুণফল।

কোন সংখ্যাকে নির্দিষ্ট অনুপাতে বিভক্ত করাঃ ধরুন বলা হল 48-কে 5 : 7 এই ratio-তে বিভক্ত করুন। তাহলে 48-কে এমনভাবে ভাগ করতে হবে যাতে একদিকে 5 ভাগ ও আরেকদিকে 7 ভাগ পড়ে। এক্ষেত্রে আমরা ratio-এর উপাদান দুটোকে

যোগ করে ফেলব প্রথমে। পেলাম 12। এবার দেখব 12-এর মধ্যে এক অংশ 5 হলে 48-এর মধ্যে হবে =  $48 \times \frac{5}{12} = 20$

(ত্রৈকিক নিয়মে করে দেখুন) আর 12-এর মধ্যে অন্য অংশ 7 হলে 48-এর মধ্যে হবে =  $48 \times \frac{7}{12} = 28$  অথবা  $48 - 20 = 28$

সংক্ষেপে যেকোন নির্দিষ্ট পরিমাণ বা সংখ্যাকে নির্দিষ্ট অনুপাতে ভাগ করতে চাইলে আমরা এভাবে হিসাব করব।

উক্ত সংখ্যা  $\times \frac{\text{অনুপাতে ভর একটি উপাদান}}{\text{উপাদানগুলির যোগফল}}$ ।

## Solved Problems

**550. Example:** A stick 1.4 m long casts a shadow 1.3 m long at the same time when a pole casts a shadow 5.2 m long. Find the length of the pole. (অর্থাৎ ১.৪ মিটার লম্বা কাঠির ছায়া ১.৩ মিটার হয়। একই সময়ে একটি খুঁটির ছায়া ৫.২ মিটার হলে খুঁটির দৈর্ঘ্য কত?)

**Solution:** বোঝাই যায় যে, বস্তুর দৈর্ঘ্যের সঙ্গে সমান ratio-তে ছায়ার দৈর্ঘ্যও বাড়তে থাকবে। সুতরাং যেকোন দুটি ছায়ার ratio এবং তাদের মূল বস্তুর দৈর্ঘ্যের ratio সমান হবে। সুতরাং ১ম ছায়ার দৈর্ঘ্য : ২য় ছায়ার দৈর্ঘ্য = ১ম বস্তুর দৈর্ঘ্য : ২য় বস্তুর দৈর্ঘ্য =  $1.3 : 5.2 = 1.4 : x$ ;

$$\therefore 1.3 \times x = 5.2 \times 1.4 \text{ or } x = \frac{5.2 \times 1.4}{1.3} = 5.6.$$

Hence, the length of the pole is 5.6 m.

**551. Example:** If  $a : b = 2 : 3$  and  $b : c = 5 : 7$  find  $a : c$  and  $a : b : c$ .

(অর্থাৎ যদি  $a : b = 2 : 3$  এবং  $b : c = 5 : 7$  হয় তাহলে  $a : c$  এবং  $a : b : c$ -এর মান কত?)

**Solution:**  $\frac{a}{b} = \frac{2}{3}$  and  $\frac{b}{c} = \frac{5}{7} \therefore \frac{a}{c} = \left( \frac{a}{b} \times \frac{b}{c} \right) = \left( \frac{2}{3} \times \frac{5}{7} \right) = \frac{10}{21}.$

Hence,  $a : c = 10 : 21$ . এখন  $a : b : c$ -এর মান বের করতে চাইলে  $a : b$ -এর শেষের  $b$  এবং  $b : c$ -এর শুরু  $b$ -এর মান সমান করে নিতে হবে।

$\therefore a : b = 2 : 3$  ও  $b : c = 5 : 7$ -এর মধ্যে দুই  $b$ -এর মান যথাক্রমে 3 ও 5

Now, L.C.M. (Least Common Multiple অর্থাৎ ল.সা.স) of 3 and 5 is 15.

এখন ratio দুইটিতে অনুপাত ঠিক রেখে  $b$ -এর মান 15 করে ফেলতে হবে।

$\therefore a : b = 2 : 3 = 10 : 15$  and  $b : c = 5 : 7 = 15 : 21$ . Hence,  $a : b : c = 10 : 15 : 21$ .

**552. Example:** Divide Tk. 455 in the ratio 4:3. (অর্থাৎ 455 টাকাকে 4:3 অনুপাতে ভাগ কর।)

**Solution:** Ratio 4:3 অর্থাৎ একভাগ 4 টাকা অন্যভাগ 3 টাকা এবং সমষ্টি  $4 + 3 = 7$  টাকা। তাহলে

প্রথম ভাগ হবে সমষ্টির  $\frac{4}{7}$  অংশ আর দ্বিতীয় ভাগ হবে  $\frac{3}{7}$  অংশ।

Now formally, Sum of the terms of the ratio =  $(4 + 3) = 7$ .

$$\therefore \text{First part} = \text{Tk.} \left( 455 \times \frac{4}{7} \right) = \text{Tk.} 260.$$

$$\text{Second part} = \text{Tk.} \left( 455 \times \frac{3}{7} \right) = \text{Tk.} 195. \text{ বা } 455 - 260 = 195$$

### Ratio & Proportion

**553. Example:** A bag contains Taka, 50 paisa and 25 paisa coins in the ratio 5:6:8. If the total amount is Tk. 420, find the number of coins of each type. (অর্থাৎ একটি থাগেতে টাকা, 50 পয়সা এবং 25 পয়সার মুদ্রা ৫, ৬ ও ৮ অনুপাতে রয়েছে। যদি উহাদের মোট পরিমাণ 420 টাকা হয় তাহলে প্রত্যেকটির সংখ্যা বাহির কর।)

**Solution:**

ব্যাগে টাকার coin : 50 paisa coin : 25 paisa coin = 5 : 6 : 8

অর্থাৎ ব্যাগটিতে 5-টি টাকার coin থাকলে, 6-টি 50 পয়সার coin এবং 8-টি 25 পয়সার coin থাকবে।

এরকম বিভিন্ন মানের মধ্যে অনুপাত থাকলে সবগুলোকে এক মানের করে ফেলতে হয়, অর্থাৎ

সবগুলোই টাকা বা সবগুলোই পয়সা হয়। Ratio of values =  $5 : \frac{6}{2} : \frac{8}{4} = 5 : 3 : 2$

(কারণ, একই Value করার জন্য সবগুলোকে টাকায় রূপান্তরিত করা হয়েছে। যেমন, 6-টি 50

পয়সার value হচ্ছে  $\frac{6}{2}$  বা 3 টাকা।) Now, divide Tk. 420 in the ratio 5:3:2.

1st part = Tk.  $\left(420 \times \frac{5}{10}\right) = \text{Tk } 210$ ; অর্থাৎ 210-টি টাকার Coin।

(যেহেতু 10 টাকার মধ্যে 5 টাকা থাকে টাকার coin.  $\therefore 5/10$  দিয়ে গুণ।)

2nd part = Tk.  $\left(420 \times \frac{3}{10}\right) = \text{Tk } 126$ ; অর্থাৎ  $126 \times 2 = 252$ -টি 50 পয়সার Coin

3rd part = Tk.  $\left(420 \times \frac{2}{10}\right) = \text{Tk } 84$ . অর্থাৎ  $84 \times 4 = 336$ -টি 25 পয়সার Coin।

**554. Example:** Find three numbers in the ratio 2:3:5, the sum of whose squares is 608.

(অর্থাৎ ২ : ৩ : ৫ অনুপাতের তিনটি সংখ্যা নির্ণয় কর যাদের বর্গের যোগফল ৬০৮ হয়।)

**Solution:**

সংখ্যা তিনটির অনুপাত 2:3:5, অর্থাৎ, 2, 3 ও 5-কে যেকোন একই সংখ্যা দিয়ে গুণ করলে যে

তিনটি সংখ্যা পাওয়া যাবে, তারা এই অনুপাতের মধ্যে পড়বে। যেহেতু 2, 3, 5-কে কত দিয়ে

গুণ করলে উদ্দিষ্ট সংখ্যাগুলো পাওয়া যাবে তা আমাদের জানা নেই সেহেতু  $x$  দিয়ে গুণ করে

ধরিঃ number গুলো হচ্ছে  $2x$ ,  $3x$  এবং  $5x$ .

তাহলে প্রশ্নের শর্ত অনুযায়ী লিখি,  $(2x)^2 + (3x)^2 + (5x)^2 = 608$ .

or  $4x^2 + 9x^2 + 25x^2 = 608$  or  $38x^2 = 608$ .

$\therefore x^2 = \frac{608}{38} = 16$  or  $x = 4$ . So, the numbers are  $2 \times 4$ ,  $3 \times 4$  এবং  $5 \times 4$

অর্থাৎ 8, 12 and 20.

**555. Example:** In a mixture of 35 liters, the ratio of milk and water is 4 : 1. Now, 7 liters of water is added to the mixture. Find the ratio of milk and water in the new mixture. (অর্থাৎ ৩৫ লিটার একটি মিশ্রণে দুধ ও পানির অনুপাত ৪:১। ঐ মিশ্রণে ৭ লিটার পানি যোগ করা হলে দুধ ও পানির অনুপাত বাহির কর।)

**Solution:**

ধাপে ধাপে করে ফেললে সহজ অংক। প্রথমে আমরা পুরানো ৩৫ লিটার মিশ্রণে ৪ : ১ অনুযায়ী কতটুকু দুধ আর কতটুকু পানি আছে তা বের করব। এরপর ৭ লিটার পানি মেশানোর পর কতটুকু দুধ আর কতটুকু পানি হচ্ছে তা বের করে তাকে অনুপাতে প্রকাশ করব। বাস।

Milk in 35 liters of mixture

$$= \text{মিশ্রণের মোট পরিমাণ} \times \frac{\text{দুধের অনুপাত}}{\text{দুধ + পানির অনুপাত}} \left( 35 \times \frac{4}{5} \right) = 28 \text{ liters.}$$

Water in this mix = (35 - 28) = 7 liters;

New mixture contains milk = 28 liters.

Water in new mixture = (7 + 7) liters = 14 liters.;

∴ Ratio of milk & water in new mix. = 28 : 14 = 2 : 1.

**556. Example:** A mixture contains alcohol and water in the ratio 4:3 If 7 liters of water is added to the mixture, the ratio of alcohol and water becomes 3:4. Find the quantity of alcohol in the mixture. (অর্থাৎ একটি মিশ্রণে অ্যালকোহল ও পানির অনুপাত ৪:৩। যদি মিশ্রণে ৭ লিটার পানি যোগ করা হয় তাহলে অ্যালকোহল ও পানির অনুপাত ৩:৪ হয় অ্যালকোহলের পরিমাণ বের কর।)

**Solution:**

এখানে মিশ্রণের মোট পরিমাণ কোথাও উল্লেখ নেই। এই অবস্থায়ও সমাধান করা সম্ভব।

Example-5-এর মত ধরি alcohol ও water-এর পরিমাণ যথাক্রমে  $4x$  ও  $3x$  litre।

তাহলে প্রশ্ন অনুসারে,  $\frac{4x}{3x+7} = \frac{3}{4}$  or  $16x = 9x + 21$  or,  $16x - 9x = 21$  or,  $7x =$

$$21 \text{ or, } x = \frac{21}{7} = 3$$

∴ Quantity of alcohol in the mixture =  $4x = 4 \times 3 = 12$  litres.

**557. Example:** Three utensils contain equal mixtures of milk and water in the ratio 6:1, 5:2, and 3:1 respectively. If all the solutions are mixed together, find the ratio of milk and water in the final mixture. (অর্থাৎ তিনটি পাত্রে সমপরিমাণ করে মিশ্রণ রয়েছে যেখানে দুধ ও পানির অনুপাত যথাক্রমে ৬:১, ৫:২ এবং ৩:১। যদি সমস্ত দ্রবণ একসাথে মিশ্রিত করে ফেলা হয় তাহলে সেই final মিশ্রণে দুধ ও পানির অনুপাত কত হবে?)

### Ratio & Proportion

**Solution:** প্রথম Mix-এ দুধ =  $\frac{6}{6+1}$  বা  $\frac{6}{7}$  এবং পানি =  $\frac{1}{7}$

দ্বিতীয় Mix-এ দুধ =  $\frac{5}{5+2}$  বা  $\frac{5}{7}$  এবং পানি =  $\frac{2}{7}$

তৃতীয় Mix-এ দুধ =  $\frac{3}{4}$  এবং পানি =  $\frac{1}{4}$

So in final mixture, we have : quantity of milk =  $\left(\frac{6}{7} + \frac{5}{7} + \frac{3}{4}\right) =$

$$\frac{24 + 20 + 21}{28} = \frac{65}{28}$$

quantity of water =  $\left(\frac{1}{7} + \frac{2}{7} + \frac{1}{4}\right) = \frac{19}{28}$ .

$$\therefore \text{Milk : Water} = \frac{65}{28} : \frac{19}{28} = 65 : 19.$$

**558. Example:** Find the fourth proportional to 4, 5 and 12. (অর্থাৎ ৪, ৫ এবং ১২-এর চতুর্থ অনুপাত বের কর।)

**Solution:** Let  $4 : 5 :: 12 : x$ . অর্থাৎ  $\frac{4}{5} = \frac{12}{x}$

Then,  $4 \times x = 5 \times 12$  [একে বস্তু গুণন পদ্ধতি বলে = চিহ্নের একপাশের লবের সঙ্গে অন্যপাশের হরকে গুণ করা] or  $x = \frac{5 \times 12}{4} = 15$

Hence, the 4<sup>th</sup> proportional to 4, 5 & 12 is 15.

**559. Example:** Find the third proportional to 9 and 12. (অর্থাৎ ৯ এবং ১২-এর তৃতীয় অনুপাত বের কর।)

**Solution:** অনুপাতের জন্য প্রকৃত পক্ষে যেটি রাশি জোড় সংখ্যক হওয়া প্রয়োজন।

$\therefore$  Third proportional to 9 and 12 is the same as the fourth proportional

to 9, 12 and 12. Let  $9 : 12 :: 12 : x \Rightarrow \frac{9}{12} = \frac{12}{x}$

Then,  $9 \times x = 12 \times 12$  or  $x = \left(\frac{12 \times 12}{9}\right) = 16$ .

Hence, the third proportional to 9 and 12 is 16.

### Ratio & Proportion

**560. Example:** Find the mean proportional between 49 and 64. (অর্থাৎ 49 এবং 64-এর মধ্যবর্তী অনুপাত বের কর।)

**Solution:** জেনে রাখুন,  $a$  ও  $b$ -এর সাধারণ অনুপাত যেমনঃ  $\frac{a}{b}$  তেমনি  $a$  ও  $b$ -এর গড় অনুপাত  $\sqrt{ab}$

সুতরাং যেহেতু Mean proportional between  $a$  &  $b$  is:  $\sqrt{ab}$

$$\begin{aligned} \therefore \text{Mean proportional between } 49 \text{ \& } 64 &= \sqrt{49 \times 64} \\ &= \sqrt{(7)^2 \times (8)^2} = 7 \times 8 = 56. \end{aligned}$$

**561. Example:** Divide 1162 into three parts such that 4 times the first part, 5 times the second part and 7 times the third part are equal. (অর্থাৎ 1162 কে তিনভাগে ভাগ কর যেন প্রথমটির 8 গুণ, দ্বিতীয়টির 5 গুণ এবং তৃতীয়টির 7 গুণ এক সমান হয়।)

**Solution:** ধরি part তিনটি হচ্ছে A, B এবং C।

$$\text{এবং } 4A = 5B = 7C = x. \text{ Then, } A = \frac{x}{4}, B = \frac{x}{5} \text{ and } C = \frac{x}{7}; \text{ (অর্থাৎ আমরা সুবিধার}$$

জন্য সবগুলোকে একই সংখ্যা  $x$ -এ convert করলাম।)

$$\therefore A : B : C = \frac{x}{4} : \frac{x}{5} : \frac{x}{7} = 35 : 28 : 20;$$

(সবগুলো লবকে 4, 5 ও 7-এর ল.সা.গু 140 দ্বারা গুণ করলে)

$$\text{Sum of the terms of the ratio} = 35 + 28 + 20 = 83$$

$$\therefore A = 1162 \times \frac{35}{83} = 490$$

$$B = 1162 \times \frac{28}{83} = 392$$

$$C = 1162 \times \frac{20}{83} = 280$$

**662. Example:** Compare the ratio 2 : 3 and 4 : 7. (অর্থাৎ অনুপাত 2 : 3 এবং 4 : 7-এর তুলনা কর।)

**Solution:** 2:3 represents  $\frac{2}{3} = 0.66$ ; 4 : 7 represents  $\frac{4}{7} = 0.57$ .

Clearly,  $0.66 > 0.57$ ; Hence  $(2 : 3) > (4 : 7)$ . অর্থাৎ, 2:3 হচ্ছে 4 : 7-এর চেয়ে বড়।

### সু-পরামর্শ

এই বইয়ে থেকের অনেক দেয়া আছে Exercise-গুলোতে। এটি আপনাদের জন্য এক বিরাট সুযোগ। যতবেশী অংক হাতে কলমে করবেন, ততবেশী শক্তিশালী হবেন অংকে, অংক মনে হবে রসগোল্লার মত সুবাসু।

আর যদি শুধু চোখ বুজিয়েই হেঁড়ে দেন তাহলে অংকের ভয় হবে না কোনদিন জয়!

- 01713 40 20 17

**Exercise on Ratio & Proportion**

\*663. If  $A : B = 2 : 3$  and  $B : C = 4 : 5$ , then  $C : A$  is equal to?

(অর্থাৎ  $A : B = 2 : 3$  এবং  $B : C = 4 : 5$  হলে  $C : A$  কত?)

- (a) 15 : 8      (b) 12 : 10      (c) 8 : 5      (d) 8 : 15

সমাধান (a): প্রথমে আমরা  $A : B$ -কে  $\frac{A}{B}$  আকারে এবং  $B : C$ -কে  $\frac{B}{C}$  আকারে লিখে শুরু করব।

এরপর  $\frac{A}{B} : \frac{B}{C}$ -এর মান যেহেতু জানা আছে, সুতরাং এদের ব্যবহার করে  $\frac{A}{C}$ -এর মান বের করে ফেলব।

$$\frac{A}{B} = \frac{2}{3} \text{ and } \frac{B}{C} = \frac{4}{5} \therefore \frac{A}{C} = \left( \frac{A}{B} \times \frac{B}{C} \right) = \left( \frac{2}{3} \times \frac{4}{5} \right) = \left( \frac{8}{15} \right).$$

সুতরাং,  $\frac{C}{A} = \frac{15}{8}$  অর্থাৎ  $C : A = 15 : 8$

\*664. If 10% of  $x$  is the same as 20% of  $y$ , then  $x : y = ?$  (অর্থাৎ  $x$  এর ১০% যদি  $y$ -এর ২০% এর সমান হয়, তবে  $x : y$  কত?)

- (a) 1 : 2      (b) 2 : 1      (c) 5 : 1      (d) 10 : 1

সমাধান (b): 10% of  $x = 20\%$  of  $y \Rightarrow \frac{10}{100}x = \frac{20}{100}y \therefore \frac{x}{10} = \frac{y}{5}$  or  $\frac{x}{y} = \frac{10}{5} = \frac{2}{1}$ .

Hence,  $x : y = 2 : 1$ .

\*665. 0.6 of a number equals 0.09 of another number. The ratio of the numbers is: (অর্থাৎ একটি সংখ্যার 0.6 হলো আরেকটি সংখ্যার 0.09 গুণ। সংখ্যাভয়ের অনুপাত কত?)

- (a) 2 : 3      (b) 1 : 15      (c) 20 : 3      (d) 3 : 20

সমাধান (d):  $0.6x = 0.09y \Rightarrow \frac{x}{y} = \frac{0.09}{0.60} = \frac{9}{60}$

[উপরে-নীচে দশমিক দুই ঘর ভালে সরানো হয়েছে]  $= \frac{3}{20}$

\*666. If  $A : B = 7 : 9$  and  $B : C = 3 : 5$ , then  $A : B : C$  is? (অর্থাৎ  $A : B = 7 : 9$  এবং  $B : C = 3 : 5$  হলে  $A : B : C$  কত হবে?)

- (a) 7 : 9 : 5      (b) 21 : 35 : 45      (c) 7 : 9 : 15      (d) 7 : 3 : 15

সমাধান (c): এখানে  $A : B$ -তে  $B$ -এর মান ও  $B : C$ -তে  $B$ -এর মান সমান করে নিলে একাধারে  $A : B : C$ -এর মান পেয়ে যাব।

$A : B = 7 : 9$  and  $B : C = 3 : 5 = 9 : 15 \therefore A : B : C = 7 : 9 : 15$

**\* = Easy; © = Medium; □ = Hard**



### Exercise on Ratio & Proportion

- \*667. If  $A : B = 5 : 7$  and  $B : C = 6 : 11$ , then  $A : B : C$  is? (অর্থাৎ  $A : B = 5 : 7$  এবং  $B : C = 6 : 11$  হলে  $A : B : C$  কত হবে?)  
 (a)  $55 : 77 : 66$  (b)  $30 : 42 : 77$  (c)  $35 : 49 : 42$  (d) none of these

সমাধান (b): এখানেও দুই B-এর মান সমান করার জন্য ল.সা.গু করি।

L. C. M. of 7 and 6 is 42.  $\therefore A : B = 5 : 7 = 30 : 42$

and  $B : C = 6 : 11 = 42 : 77$ ; Hence,  $A : B : C = 30 : 42 : 77$

- \*668. If  $A = \frac{1}{3} B$  and  $B = \frac{1}{2} C$ , then  $A : B : C$  is? (অর্থাৎ  $A = \frac{B}{3}$  এবং  $B = \frac{C}{2}$  হলে  $A : B : C$  কত হবে?)  
 (a)  $1 : 3 : 6$  (b)  $2 : 3 : 6$  (c)  $3 : 2 : 6$  (d)  $3 : 1 : 2$

সমাধান (a): ধরি,  $A = \frac{1}{3} B = x \therefore B = 3x = \frac{C}{2}$

$\therefore C = 6x$ , তাহলে  $A : B : C = x : 3x : 6x = 1 : 3 : 6$

- \*669. If  $A : B = 2 : 3$ ,  $B : C = 4 : 5$  and  $C : D = 6 : 7$ , then  $A : D$  is equal to? (অর্থাৎ  $A : B = 2 : 3$  এবং  $B : C = 4 : 5$  এবং  $C : D = 6 : 7$  হলে  $A : D$  কত হবে?)  
 (a)  $2 : 7$  (b)  $7 : 8$  (c)  $16 : 35$  (d)  $4 : 13$

সমাধান (c):  $\frac{A}{D} = \left( \frac{A}{B} \times \frac{B}{C} \times \frac{C}{D} \right) = \left( \frac{2}{3} \times \frac{4}{5} \times \frac{6}{7} \right) = \frac{16}{35} \therefore A : D = 16 : 35$ .

- \*670. If  $2A = 3B = 4C$  then  $A : B : C$  is? (অর্থাৎ  $2A = 3B = 4C$  হলে  $A : B : C$  কত হবে?)  
 (a)  $2 : 3 : 4$  (b)  $4 : 3 : 2$  (c)  $6 : 4 : 3$  (d)  $3 : 4 : 6$

সমাধান (c): Let  $2A = 3B = 4C = x$ . Then,  $A = \frac{x}{2}$ ,  $B = \frac{x}{3}$  and  $C = \frac{x}{4}$ .

$\therefore A : B : C = \frac{x}{2} : \frac{x}{3} : \frac{x}{4} = 6x : 4x : 3x$  (অনুপাত তিনটিকে 2, 3, 4 হরতলোর ল.সা.গু 12

দ্বারা গুণ করতে হয়েছে)  $= 6 : 4 : 3$ . Hence,  $A : B : C = 6 : 4 : 3$ .

- \*671. If  $2A = 3B$  and  $4B = 5C$ , then  $A : C$  is? (অর্থাৎ  $2A = 3B$  এবং  $4B = 5C$  হলে  $A : C$  কত হবে?)  
 (a)  $3 : 4$  (b)  $8 : 15$  (c)  $15 : 8$  (d)  $4 : 3$

সমাধান (c):  $2A = 3B$  and  $4B = 5C$ .  $\therefore 8A = 12B$  and  $12B = 15C$ .

So,  $8A = 12B = 15C = x$ .

$\therefore A = \frac{x}{8}$ ,  $B = \frac{x}{12}$ ,  $C = \frac{x}{15}$ . So,  $A : C = \frac{x}{8} : \frac{x}{15} = 15 : 8$ . [একইভাবে আগের অংকটির

মত 15 ও 8-এর ল.সা.ও দিয়ে অনুপাত দুটোকে গুণ করা হয়েছে]

\*672. If  $x : y = 2 : 3$  and  $2 : x = 1 : 2$ , then the value of  $y$  is? (অর্থাৎ  $x : y = 2 : 3$  এবং  $2 : x = 1 : 2$  হলে  $y$  কত হবে?)

- (a) 4 (b) 6 (c)  $\frac{1}{3}$  (d)  $\frac{3}{2}$

সমাধান (b):  $\frac{x}{y} = \frac{2}{3}$  and  $\frac{2}{x} = \frac{1}{2}$ .  $\therefore \frac{x}{y} \times \frac{2}{x} = \frac{2}{3} \times \frac{1}{2}$  or  $\frac{2}{y} = \frac{1}{3}$  or  $y = 6$ .

\*673. 2 numbers are in the ratio 3 : 5. If each number is increased by 10, the ratio becomes 5 : 7. The numbers are: (অর্থাৎ দুটো সংখ্যার অনুপাত 3 : 5। প্রতিটি 10 করে বৃদ্ধি করলে নতুন অনুপাত হয় 5 : 7। সংখ্যা দুটো কত?)

- (a) 3, 5 (b) 7, 9 (c) 13, 22 (d) 15, 25

সমাধান (d): মনে করি number দুটো  $3x$  এবং  $5x$ . তাহলে,  $\frac{3x+10}{5x+10} = \frac{5}{7}$

or  $7(3x + 10) = 5(5x + 10)$ .  $\therefore 4x = 20$  or  $x = 5$ .

সুতরাং number-গুলো হচ্ছে 15 ও 25।

\*674. The ratio which bears  $\left(\frac{1}{3}$  of Tk. 9.30) to (0.6 of Tk. 1.55) is: (অর্থাৎ 9.30 টাকার

$\frac{1}{3}$  এবং 1.55 টাকার 0.6-এর অনুপাত কত?)

- (a) 1 : 3 (b) 10 : 3 (c) 3 : 10 (d) 3 : 1

সমাধান (b):  $\frac{\frac{1}{3} \text{ of Tk. 9.30}}{0.6 \text{ of Tk. 1.55}} = \frac{\frac{1}{3} \times 9.30}{0.6 \times 1.55} = \frac{3.10}{0.93} = \frac{310}{93} = \frac{10}{3}$ .

\*675. If one-third of  $A$ , one-fourth of  $B$  and one-fifth of  $C$  are equal, then  $A : B : C$  is: (অর্থাৎ  $A$ -এর এক-তৃতীয়াংশ,  $B$ -এর এক-চতুর্থাংশ এবং  $C$ -এর এক-পঞ্চমাংশ সমান হলে  $A : B : C$  কত?)

- (a) 3 : 4 : 5 (b) 4 : 3 : 5 (c) 5 : 4 : 3 (d)  $\frac{1}{3} : \frac{1}{4} : \frac{1}{5}$

### Exercise on Ratio & Proportion

সমাধান (a):  $\frac{1}{3}A = \frac{1}{4}B = \frac{1}{5}C = x$ . Then,  $A = 3x$ ,  $B = 4x$  and  $C = 5x$ .

$$\therefore A : B : C = 3x : 4x : 5x = 3 : 4 : 5.$$

✱676. If  $\frac{1}{5} : \frac{1}{x} = \frac{1}{x} : \frac{1}{1.25}$ , then the value of  $x$  is: (অর্থাৎ  $\frac{1}{5} : \frac{1}{x} = \frac{1}{x} : \frac{1}{1.25}$  হয়, তবে  $x = ?$ )

(a) 1.25

(b) 1.5

(c) 2.5

(d) 2.25

সমাধান (c): দেয়া আছে  $\frac{1}{5} : \frac{1}{x} = \frac{1}{x} : \frac{1}{1.25}$   $\therefore \frac{1}{x} \times \frac{1}{x} = \frac{1}{5} \times \frac{1}{1.25}$  or  $\frac{1}{x^2} = \frac{4}{25}$

[যেহেতু ভূমিকা অনুযায়ী product of means = product of extremes]

$$\text{or } x^2 = \frac{25}{4}, \quad \therefore x = \frac{5}{2} = 2.5.$$

✱677. Out of the ratios 7:15, 15:23, 17:25 and 21:29, the smallest one is: (অর্থাৎ 7:15, 15:23, 17:25 এবং 21:29-এর মধ্যে ক্ষুদ্রতম কোনটি?)

(a) 17 : 25

(b) 7 : 15

(c) 15 : 23

(d) 21 : 29

সমাধান (b):  $7 : 15 = \frac{7}{15} = 0.466$ ;  $15 : 23 = \frac{15}{23} = 0.652$ ;

$$17 : 25 = \frac{17}{25} = 0.68 \text{ \& } 21 : 29 = \frac{21}{29} = 0.724. \therefore \text{The smallest one is } 7 : 15.$$

✱678. In a ratio which is equal to 5:8, if the antecedent is 40, then consequent is:

(অর্থাৎ 5:8-এর সমান একটি অনুপাতে পূর্ববর্তী পদ 40 হলে পরবর্তী পদ কত?)

(a) 25

(b) 64

(c) 48

(d) none

সমাধান (b):  $\frac{5}{8} = \frac{5 \times 8}{8 \times 8} = \frac{40}{64}$ .  $\therefore$  Consequent = 64.

✱679. What must be added to each term of the ratio 7:13 so that the ratio becomes 2:3? (অর্থাৎ 7:13 অনুপাতটির প্রতিটি সংখ্যার সাথে কত যোগ করলে অনুপাত 2:3 হবে?)

(a) 1

(b) 2

(c) 3

(d) 5

সমাধান (d):  $\frac{7+x}{13+x} = \frac{2}{3}$  or  $3(7+x) = 2(13+x)$  or  $x = 5$ .

**Exercise on Ratio & Proportion**

\*680. A fraction bears the same ratio to  $\frac{1}{27}$  as  $\frac{3}{7}$  does to  $\frac{5}{9}$ . The fraction is: (অর্থাৎ  $\frac{3}{7}$

ও  $\frac{5}{9}$ -এর মধ্যে যে অনুপাত নীচের কোন ভগ্নাংশ এবং  $\frac{1}{27}$ -এর মধ্যে সেই একই অনুপাত?)

- (a)  $\frac{7}{45}$                       (b)  $\frac{1}{35}$                       (c)  $\frac{45}{7}$                       (d)  $\frac{5}{21}$

সমাধান (b):  $x : \frac{1}{27} = \frac{3}{7} : \frac{5}{9}$  or  $\frac{5}{9}x = \frac{1}{27} \times \frac{3}{7}$ .  $\therefore \frac{5}{9}x = \frac{1}{63}$  or  $x = \left(\frac{1}{63} \times \frac{9}{5}\right) = \frac{1}{35}$ .

\*681. What number should be added to each one of 6, 14, 18, 38 to make it equally proportionate: (অর্থাৎ 6, 14, 18 ও 38-এর প্রত্যেকটির সাথে কত যোগ করলে সমানুপাতিক হবে?)

- (a) 1                      (b) 2                      (c) 3                      (d) 4

সমাধান (b):  $\frac{6+x}{14+x} = \frac{18+x}{38+x} \Rightarrow (6+x)(38+x) = (18+x)(14+x)$ .

$$\Rightarrow x^2 + 44x + 228 = x^2 + 32x + 252 \Rightarrow 12x = 24 \Rightarrow x = 2$$

\*682. What number should be subtracted from each of the numbers 54, 71, 75 and 99 so that remainders may be proportional: (অর্থাৎ 54, 71, 75 এবং 99 এই প্রত্যেকটি সংখ্যা থেকে কত বিয়োগ করলে বিয়োগফলগুলো সমানুপাতিক হবে?)

- (a) 1                      (b) 2                      (c) 3                      (d) 6

সমাধান (c): আগেরটির মত একইভাবে ধরি এখানে  $x$  বিয়োগ করলে সংখ্যা চারটি সমানুপাতিক হবে।

$$\frac{54-x}{71-x} = \frac{75-x}{99-x} \Rightarrow (54-x)(99-x) = (75-x)(71-x)$$

$$\Rightarrow x^2 - 153x + 5346 = x^2 - 146x + 5325 \Rightarrow x = 3.$$

\*683. The fourth proportional to 0.2, 0.12 and 0.3 is: (অর্থাৎ 0.2, 0.12 এবং 0.3 এর চতুর্থ আনুপাতিক সংখ্যাটি কত?)

- (a) 0.13                      (b) 0.15                      (c) 0.18                      (d) 0.8

সমাধান (c): ধরি, চতুর্থ আনুপাতিক সংখ্যাটি =  $x$

$$\text{So, } 0.2 : 0.12 :: 0.3 : x. \text{ Then, } 0.2x = 0.12 \times 0.3 \Rightarrow x = \frac{0.12 \times 0.3}{0.2} = 0.18.$$

\*684. The third proportional to 0.8 and 0.2 is: (অর্থাৎ 0.8 এবং 0.2 এর তৃতীয় আনুপাতিক সংখ্যাটি কত?)

- (a) 0.4                      (b) 0.8                      (c) 0.05                      (d) 0.032

### Exercise on Ratio & Proportion

সমাধান (c): Let  $0.8 : 0.2 :: 0.2 : x$ . Then,  $0.8x = 0.2 \times 0.2$

$$\Rightarrow x = \frac{0.2 \times 0.2}{0.8} = \frac{0.04}{0.80} = \frac{4}{80} = 0.05.$$

\*685. The mean proportional between 0.32 and 0.02 is: (অর্থাৎ ০.৩২ এবং ০.০২ এর মধ্যবর্তী আনুপাতিক সংখ্যাটি কত হবে?)

- (a) 0.34                      (b) 0.3                      (c) 0.16                      (d) 0.08

সমাধান (d): Mean proportional =  $\sqrt{0.32 \times 0.02} = \sqrt{0.0064} = 0.08$ .

\*686. The weight of a 13 m long iron rod is 23.4 kg. The weight of a 6 m long of such rod will be: (অর্থাৎ ১৩ মিটার দৈর্ঘ্যের একটি লোহার রডের ওজন ২৩.৪ কেজি। এরূপ ৬ মিটার লম্বা রডের ওজন কত হবে?)

- (a) 7.2 kg                      (b) 12.4 kg                      (c) 10.8 kg                      (d) 18 kg

সমাধান (c): রডের দৈর্ঘ্য ও দামের অনুপাত একই হবে। দৈর্ঘ্য কমবে দামও কমবে।  $\therefore 13 : 6 :: 23.4 : x$ .

$$\text{So, } 13x = 6 \times 23.4 \text{ or } x = \frac{6 \times 23.4}{13} = 10.8.$$

\*687. Two whole numbers whose sum is 64, cannot be in the ratio: (অর্থাৎ দুটো পূর্ণ সংখ্যার যোগফল 64। ঐ সংখ্যাদুটো কোন অনুপাতে হবে না?)

- (a) 5 : 3                      (b) 7 : 1                      (c) 3 : 4                      (d) 9 : 7

সমাধান (c): যে দুটি সংখ্যার যোগফল 64 হবে, সেই দুটি সংখ্যার অনুপাতের যোগফল দ্বারা 64 অবশ্যই বিভাজ্য হবে। সুতরাং এখানে, (a)  $5 + 3 = 8$ , (b)  $7 + 1 = 8$ , (c)  $3 + 4 = 7$  (d)  $9 + 7 = 16$   
 $\therefore$  এখানে 7 দ্বারা 64 বিভাজ্য না। অতএব, সংখ্যা দুটো 3:4 অনুপাতে থাকতে পারে না।

\*688. If a carton containing a dozen mirrors is dropped, which of the following cannot be the ratio of broken mirrors to unbroken mirrors? (অর্থাৎ একটি বাক্সে এক ডজন আয়না আছে। বাক্সটি ফেলে দেয়াতে কিছু আয়না ভেঙে গেলো। ভাঙ্গা আয়না ও ভাল আয়নার অনুপাত নীচের কোনটি হতে পারবে না?)

- (a) 2 : 1                      (b) 3 : 1                      (c) 3 : 2                      (d) 7 : 5

সমাধান (c): For dividing 12 (a dozen) into two whole numbers, the sum of the terms of the ratio must be a factor of 12. So, they cannot be in the ratio 3 : 2.

\*689. The ratio of two numbers is 3:4 and their sum is 420. The greater of the two numbers is: (অর্থাৎ দুটো সংখ্যার অনুপাত 3:4 এবং তাদের যোগফল 420 হলে বৃহত্তর সংখ্যাটি কত?)

- (a) 175                      (b) 200                      (c) 240                      (d) 315

\* = Easy; ◎ = Medium; ◻ = Hard

সমাধান (c): রাশিসমূহের যোগফল দেয়া থাকলে, প্রথমে অনুপাতের যোগফল বের করতে হবে। তারপর সেটি বের করতে হবে সেই রাশির অনুপাত Numerator-এ এবং অনুপাতের যোগফল Denominator-এ বসিয়ে রাশিসমূহের যোগফলের (এখানে 420) সাথে গুণ দিলেই Answer পাওয়া যাবে। Greater number =  $\left(420 \times \frac{4}{7}\right) = 240$ .

অথবা অন্যভাবে 3:4 অনুপাতে ধরি রাশিষয়  $3x$  এবং  $4x$

তাহলে  $3x + 4x$  or  $x = 60$ ।  $\therefore$  Greater number =  $4x = 4 \times 60 = 240$ ।

- \*690. A bag contains 25 paise, 10 paise and 5 paise coins in the ratio 1:2:3. If their total value is Tk. 30, the number of 5 paise coins is: (অর্থাৎ একটি ব্যাগে 25 পয়সা, 10 পয়সা ও 5 পয়সার মুদ্রা 1:2:3 অনুপাতে আছে। যদি সবগুলি মিলে 30 টাকা হয় তবে 5 পয়সার মুদ্রা কতটি?)  
 (a) 50 (b) 100 (c) 150 (d) 200

সমাধান (c): Example 4-এর অনুসরণ করুন। Ratio of their values =  $\frac{1}{4} : \frac{2}{10} : \frac{3}{20} = 5:4:3$ .

Ratio ভগ্নাংশ আকারে থাকলে হরগুলোর ল.সা.গু দিয়ে প্রত্যেক ratio-কে গুণ দিলে (এখানে 20) পূর্ণ সংখ্যায় পরিণত হয়।

$\therefore$  Value of 5-paise coins = Tk.  $30 \times \frac{3}{13} =$  Tk. 7.50.

$\therefore$  Number of 5-paise coins =  $\frac{750 \text{ paise}}{5 \text{ paise}} = 150$ .

- \*691. Monthly salary of A, B, C is in the proportion of 2:3:5. If C's monthly salary is Tk. 1200 more than that of A, then B's annual salary is: (অর্থাৎ A, B ও C-এর মাসিক বেতনের অনুপাত 2:3:5। যদি C-এর মাসিক বেতন A-এর বেতনের তুলনায় 1200 টাকা বেশী হয়, তাহলে B-এর বাৎসরিক বেতন কত?)  
 (a) 14400 (b) 24000 (c) 1200 (d) 2000

সমাধান (a): ধরি, 2:3:5 অনুপাতে A, B এবং C-এর monthly salary যথাক্রমে  $2x$ ,  $3x$  এবং  $5x$   
 Then, C এবং A-এর salary difference = 1200 or  $5x - 2x = 1200$  or  $x = 400$ .  
 $\therefore$  B's monthly salary =  $3x =$  Tk. 1200.  
 কিন্তু খেয়াল করুন B-এর Monthly salary জানতে চায়নি, চেয়েছে Annual Salary  
 $\therefore$  B's annual salary = Tk.  $(12 \times 1200) =$  Tk. 14400.

**Tips:** অংকে সাফল্যের প্রথম ধাপ হচ্ছে প্রশ্নে ছিন্নমস্তিকে পুনর্জানুসন্ধানভাবে পড়া।

**Exercise on Ratio & Proportion**

- \*692. Three friends divide Tk. 624 among themselves in the ratio  $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4}$ . The share of the third friend is: (অর্থাৎ তিন বন্ধু ৬২৪ টাকা নিজেদের মধ্যে  $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4}$  অনুপাতে ভাগ করে নেয়। তৃতীয় বন্ধুর অংশ কত?)
- (a) 288                      (b) 192                      (c) 148                      (d) 144

সমাধান (d): Ratio =  $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4} = 6 : 4 : 3$ .

$$\therefore \text{Share of third friend} = \text{Tk} \left( 624 \times \frac{3}{13} \right) = \text{Tk. 144.}$$

- \*693. A circle and a square have same area. Therefore, the ratio of the side of the square and the radius of the circle is: (অর্থাৎ একটি বর্গ ও একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল সমান হলে বর্গক্ষেত্রের বাহু ও বৃত্তের ব্যাসার্ধের অনুপাত কত?)
- (a)  $\sqrt{\pi} : 1$                       (b)  $1 : \sqrt{\pi}$                       (c)  $1 : \pi$                       (d)  $\pi : 1$

সমাধান (a): ধরি, square-এর একটি side  $x$  এবং circle-এর radius  $y$ .

এখন আমাদের  $x : y$  বের করতে হবে। আমরা জানি square-এর area = (একটি side)<sup>2</sup> =  $x^2$  এবং circle-এর area =  $\pi(\text{radius})^2 = \pi y^2$

$$\text{তাহলে প্রথমতে, } x^2 = \pi y^2 \Rightarrow \frac{x^2}{y^2} = \pi \text{ or } \frac{x}{y} = \sqrt{\pi} = \frac{\sqrt{\pi}}{1} \therefore x : y = \sqrt{\pi} : 1.$$

- \*694. A right cylinder and a right circular cone have the same radius and the same volume. The ratio of the height of the cylinder to that of the cone is: (অর্থাৎ একটি খাঁড়া সিলিন্ডার এবং একটি খাঁড়া বৃত্তাকার মৌচাকর ব্যাসার্ধ এবং আয়তন সমান। সিলিন্ডারের উচ্চতা এবং মৌচাকর উচ্চতার অনুপাত কত?)
- (a) 3 : 5                      (b) 2 : 5                      (c) 3 : 1                      (d) 1 : 3


Exercise on Ratio & Proportion

সমাধান (d): Let the heights of the cylinder and cone be  $h$  and  $H$  respectively এবং radius  $r$ .

আমাদের বের করতে হবে  $h : H$

এখন, Cylinder-এর volume = Cone-এর volume or  $\pi r^2 h = \frac{1}{3} \pi r^2 H$

or  $\frac{h}{H} = \frac{1}{3}$ . So, their heights are in the ratio 1 : 3.



\*695. The areas of two spheres are in the ratio 1:4. The ratio of their volumes is:

(অর্থাৎ দুটো গোলকের ক্ষেত্রফলের অনুপাত 1:4। তাদের আয়তনের অনুপাত কত?)

- (a) 1 : 2                  (b) 1 : 4                  (c) 1 : 8                  (d) 1 : 6

সমাধান (c): এ ধরনের অংক করতে হলে জ্যামিতিক সূত্র জেনে নিতে হবে।  $\frac{4\pi r^2}{4\pi R^2} = \frac{1}{4}$  or  $\frac{r^2}{R^2} = \frac{1}{4}$

$$\& \text{ so } \frac{r}{R} = \frac{1}{2}. \therefore \frac{r^3}{R^3} = \frac{1}{8}. \text{ Hence, } \frac{\frac{4}{3} \pi r^3}{\frac{4}{3} \pi R^3} = \frac{r^3}{R^3} = \frac{1}{8}.$$

Thus, their volumes are in the ratio 1 : 8

\*696. If  $18 : x = x : 8$ , then  $x$  is equal to: (অর্থাৎ  $18 : x = x : 8$  হলে  $x =$  কত?)

- (a) 144                  (b) 72                  (c) 26                  (d) 12

সমাধান (d):  $18 \times 8 = x^2$  or  $x = \sqrt{144} = 12$ .

S@ifur's জ্যামিতি গড়ন - অংকের গতিকে আরও মসুন করতে।



**Exercise on Ratio & Proportion**

- \*697. The prices of a scooter and a television set are in the ratio 3:2. If a scooter costs Tk. 6000 more than the television set, the price of the television set is: (অর্থাৎ একটি স্কুটার ও টেলিভিশনের দামের অনুপাত 3:2। যদি স্কুটারটির মূল্য টেলিভিশন সেটের তুলনায় 6000 টাকা বেশী হয় টেলিভিশনের মূল্য কত?)  
 (a) 6000                      (b) 10000                      (c) 12000                      (d) 18000

সমাধান (c): Let the price of a scooter be Tk.  $3x$  & that of a TV set be Tk.  $2x$ .  
 Then,  $3x - 2x = 6000$  or  $x = 6000$ .  
 $\therefore$  Cost of a television set =  $2x = \text{Tk. } 12000$ .

- \*698. A certain amount was divided between Kulsum and Ayesha in the ratio 4:3. If Ayesha's share was Tk. 2400, the amount is : (অর্থাৎ একটি নির্দিষ্ট পরিমাণ টাকা কুলসুম ও আয়েশার মধ্যে 8:3 অনুপাতে ভাগ করে দেওয়া হয়। যদি আয়েশার অংশ 2400 টাকা হয় মোট টাকার পরিমাণ কত?)  
 (a) 5600                      (b) 3200                      (c) 9600                      (d) none

সমাধান (a): খুব সহজ অংক। Let their shares be Tk.  $4x$  and Tk.  $3x$ .  
 Then,  $3x = 2400 \Rightarrow x = 800$ .  
 $\therefore$  Total amount =  $7x = \text{Tk. } 5600$ .

- \*699. The cost of making an article is divided between materials, labor and overheads in the ratio of 3 : 4 : 1. If the materials cost Tk. 67.50, the cost of article is: (অর্থাৎ একটি দ্রব্য তৈরীতে কাঁচামাল, শ্রম ও আনুষঙ্গিক নির্দিষ্ট খরচ খাতে নির্মাণ খরচের অনুপাত 3:4:1। যদি কাঁচামাল বাবদ 67.50 টাকা খরচ হয় তাহলে বস্তুটির উৎপাদন খরচ কত?)  
 (a) 180                      (b) 122.50                      (c) 380                      (d) 540

সমাধান (a): If materials cost Tk. 3, the cost of the article is  $(3 + 4 + 1)$  or 8  
 If materials cost Tk. 67.50.

$$\text{The cost of the article} = \text{Tk.} \left( \frac{8}{3} \times 67.50 \right) = \text{Tk. } 180.$$

এখানে,  $x$  ধরে করলে বুঝতে সুবিধা হবে!

$$\text{Material cost, } 3x = 67.50 \Rightarrow x = 22.50$$

$$\therefore \text{Total cost} = 3x + 4x + x = 8x = 8 \times 22.5 = \text{Tk. } 180$$

- \*700. Tk. 53 is divided among A, B and C in such a way that A gets Tk. 7 more than what B gets and B gets Tk. 8 more than what C gets. The ratio of their shares is: (অর্থাৎ 53 টাকা A, B ও C-এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হয় যাতে A পায় B-এর চেয়ে 7 টাকা বেশী এবং B পায় C-এর চেয়ে 8 টাকা বেশী। A, B ও C-এর অংশের অনুপাত কত?)  
 (a) 16:9:18                      (b) 25:18:10                      (c) 18 : 25 : 10                      (d) 15 : 8 : 30

### Exercise on Ratio & Proportion

সমাধান (b): এক্ষেত্রে সবচেয়ে কম যে পায় তার পরিমাণকে  $x$  ধরে নিম্নরূপে এগুতে হবে।

Say, C gets Tk.  $x$ . Then, B gets Tk.  $(x + 8)$

and A gets Tk.  $(x + 8 + 7)$  বা Tk.  $(x + 15)$

$$\therefore x + x + 8 + x + 15 = 53 \text{ or } x = 10.$$

So, A gets Tk 25, B gets Tk. 18 and C gets Tk. 10.

$$\therefore A : B : C = 25 : 18 : 10.$$

\*701. The speeds of 3 cars are in the ratio 3:4:5. The ratio between times taken by them to travel the same distance is: (অর্থাৎ তিনটি গাড়ীর গতির অনুপাত 3:4:5। গাড়ী তিনটি একই দূরত্ব অতিক্রম করতে যে সময় নেয় তার অনুপাত কত?)

- (a) 3 : 4 : 5      (b) 5 : 4 : 3      (c) 12:15: 20      (d) 20:15 : 12

সমাধান (d): আমরা জানি, Speed = distance/time or  $\frac{\text{distance}}{\text{speed}} = \text{Time}$ ;

এখানে Same distance হওয়ায় speed-এর ratio-কে নিম্নরূপে time-এর ratio-তে পরিণত করে solve করা যায়। ধরি distance = 1

$$\text{তাহলে Ratio of time taken} = \frac{1}{3} : \frac{1}{4} : \frac{1}{5} = 20 : 15 : 12.$$

\*702. The sides of a triangle are in the ratio  $\frac{1}{3} : \frac{1}{4} : \frac{1}{5}$  and its perimeter is 94 cm. The

length of smallest side is: (অর্থাৎ একটি ত্রিভুজের বাহুগুলির অনুপাত  $\frac{1}{3} : \frac{1}{4} : \frac{1}{5}$  এবং উহার

পরিসীমা 94 সেমি। সবচেয়ে ছোট বাহুটির দৈর্ঘ্য কত?)

- (a) 18.8 cm      (b) 23.5 cm      (c) 24 cm      (d) 31.3 cm

সমাধান (c): Ratio of sides =  $\frac{1}{3} : \frac{1}{4} : \frac{1}{5} = 20 : 15 : 12.$

[হরগুলোর ল.সা.গু. 60 এবং এই 60 দ্বারা প্রতিটি ratio-কে গুণ দিলে পূর্ণ সংখ্যায় ratio পাওয়া গেল।]

$$\text{Length of smallest side} = \left( 94 \times \frac{12}{47} \right) \text{cm} = 24 \text{cm}.$$

\*703. Tk. 2430 has been divided among A, B, C in such a way that if their shares be diminished by Tk. 5, Tk. 10 and Tk. 15 respectively, the remainders are in the ratio 3:4:5. Then A's share is: (অর্থাৎ 2430 টাকা A, B এবং C-এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হলো যে যদি তাদের অংশ থেকে যথাক্রমে 5, 10 ও 15 টাকা কমানো হয় তবে অবশিষ্ট টাকার অনুপাত দাঁড়ায় 3:4:5। A এর অংশ কত?)

- (a) 800      (b) 600      (c) 595      (d) 605

\* = Easy; © = Medium; □ = Hard

সমাধান (d): Sum of Remainders = Tk. [2430 - (5 + 10 + 15)] = Tk. 2400.

$$\therefore A's \text{ share} = \text{Tk.} \left[ \left( 2400 \times \frac{3}{12} \right) + 5 \right] = \text{Tk.} 605$$

অথবা 3 : 4 : 5 অনুপাতে  $3x + 4x + 5x = 2400 \therefore x = 200$

$$\therefore A's \text{ share} = 3x + 5 = 605$$

\*704. Some money is divided among A, B and C in such a way that 5 times A's share, 3 times B's share and 2 times C's share are all equal. The ratio between the shares of A, B, C is: (অর্থাৎ কিছু টাকা A, B ও C এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হলো যাতে A-এর অংশের 5 গুণ, B-এর অংশের 3 গুণ ও C-এর অংশের 2 গুণ পরস্পর সমান। A, B ও C-এর অংশগুলির অনুপাত কত?)

- (a) 5 : 3 : 2      (b) 2 : 2 : 5      (c) 15 : 10 : 6      (d) 6 : 10 : 15

সমাধান (d): এ ধরনের অংকে ratio বের করতে হলে equal amount (x) ধরে নিতে হয়ঃ

(Example - 12 দেখুন)

$$\text{যেমনঃ } 5A = 3B = 2C = x \Rightarrow A = \frac{x}{5}, B = \frac{x}{3} \text{ and } C = \frac{x}{2}.$$

$$\therefore A : B : C = \frac{x}{5} : \frac{x}{3} : \frac{x}{2} = \frac{1}{5} : \frac{1}{3} : \frac{1}{2} = 6 : 10 : 15.$$

\*705. Tk. 385 has been divided among A, B, C in such a way that A receives  $\frac{2}{9}$  th of what B and C together receive. Then, A's share is: (অর্থাৎ 385 টাকা A, B ও C এর মধ্যে এমনভাবে ভাগ করে দেওয়া হলো যাতে A পায় B ও C একত্রে যা পায় তার  $\frac{2}{9}$  ভাগ। A এর অংশ কত?)

- (a) 70      (b) 77      (c) 82.50      (d) 85

সমাধান (a): B + C যা পায়, A পায় তার  $\frac{2}{9}$  অংশ। অর্থাৎ B + C-এর মোট পরিমাণের 9 ভাগের থেকে 2

যদি,	$a > b$ হয় এবং 'c' ধনাত্মক সংখ্যা হলে $\frac{a}{c} > \frac{b}{c}$ হবে	একই নিয়ম- $a < b$ $a \geq b$ $a \leq b$ এর ক্ষেত্রে।
------	--	--

06. ঋণাত্মক সংখ্যা দিয়ে ভাগ করলে :

যদি,  $a > b$  হয়

এবং, 'c' একটি ঋণাত্মক সংখ্যা হলে।  $\frac{a}{c} < \frac{b}{c}$  হয়ে যাবে।

একই নিয়ম,  $a < b$ ,  $a \geq b$  এবং  $a \leq b$ . এর ক্ষেত্রে- প্রযোজ্য হবে। উদাহরণস্বরূপ,  $a \leq b$  হলে,  $\frac{a}{c} \geq \frac{b}{c}$  হবে।

07. উভয় side কেই একটি নির্দিষ্ট একটি positive বা negative সংখ্যা থেকে বিয়োগ করলে inequality চিহ্নটি উল্টে যায়।

যেমন,  $a > b$  হলে,  $\pm 3 - a < \pm 3 - b$ .

08. কোন একটি নির্দিষ্ট সংখ্যাকে যদি উভয় side দিয়ে ভাগ করা হয় তবে inequality চিহ্নটি উল্টে যায়।

যেমন,  $a > b$  হলে,

একটি নির্দিষ্ট সংখ্যা 4 কে যদি উভয় side দিয়ে ভাগ করি, তাহলে চিহ্নটি উল্টে যাবে।

অর্থাৎ,  $\frac{4}{a} < \frac{4}{b}$  হয়ে যাবে।

09. যদি reciprocal করা হয় তাহলে চিহ্ন উল্টে যাবে।

যেমন-  $a > b$  হলে এবং  $a < b$  হলে

$\frac{1}{a} < \frac{1}{b}$  হবে |  $\frac{1}{a} > \frac{1}{b}$  হয়ে যাবে।

10. দুটি সংখ্যার গুণফল '0' থেকে বড় হলে অর্থাৎ ধনাত্মক হলে, তাদের দুইটিই ধনাত্মক হবে কিংবা দুইটিই ঋণাত্মক হবে।

যেমন-  $ab > 0$  হলে,

হয়,

or,

$a = \text{positive}$	$a = \text{negative}$	$++ = +$
এবং $b = \text{positive}$	এবং $b = \text{negative}$	$-- = +$

11. দুটি সংখ্যার গুণফল যদি '0' থেকে ছোট হয় অর্থাৎ ঋণাত্মক হয় তাহলে অবশ্যই একটিকে ধনাত্মক এবং অন্যটিকে ঋণাত্মক হতে হবে।

যেমন,  $ab < 0$  হলে,

হয়, $a = \text{positive}$	Or, $a = \text{negative}$	$+ - = -$
$b = \text{negative}$	$b = \text{positive}$	$- + = -$

12. যদি, দুটি সংখ্যা অন্য কোন নির্দিষ্ট সংখ্যা থেকে বড় হয় তাহলে ঐ দুটি সংখ্যার মধ্যে কে বড় কে ছোট তা বের করা যাবে না।  
যেমন, যদি  $a > b$  হয়  
এবং  $c > b$  হয়  
তাহলে,  $a$  এবং  $c$  এর মধ্যে কে বড় কে ছোট তা বলা যাবে না।
13. যদি, দুটি সংখ্যা অন্য নির্দিষ্ট কোন একটি সংখ্যা থেকে ছোট হয় তাহলে ও ঐ দুটি সংখ্যার মধ্যে কে বড় কে ছোট তা বের করা যাবে না।  
যেমন- যদি,  $a < b$   
এবং  $a < c$  হয়  
তাহলে,  $b$  এবং  $c$  এর মধ্যে যে কেউই ছোট বড় হতে পারে।  
অর্থাৎ, হতে পারে,  $b > c$   
অথবা,  $c > b$ .
14. যদি,  $a > b$  এবং  
 $b > c$  হয়  
তাহলে,  $a > b > c$  লেখা যাবে। অর্থাৎ,  $a > c$  হবে।
15. যদি বলা হয়,  $x > 7$  এবং  $x > 3$   
তাহলে,  $x > 7$  বললে দুটি কথাই ঠিক থাকে।  
কারণ, 7 এর চেয়ে বড় হলে 3 এর চেয়ে বড় অবশ্যই হবে।  
কিন্তু, 3 এর চেয়ে বড় যেকোন সংখ্যা যে 7 এর চেয়ে বড় হবে এমন কথা নিশ্চিত ভাবে বলা যাবে না।
16. যদি বলা হয়,  $x < 5$  এবং,  $x < 10$   
তাহলে,  $x < 5$  বললে দুটি কথাই ঠিক থাকে কারণ 5 এর চেয়ে ছোট যেকোন সংখ্যাই 10 এর চেয়ে ও ছোট হবে।  
কিন্তু, 10 এর চেয়ে ছোট যেকোন সংখ্যা 5 এর চেয়ে ছোট নাও হতে পারে।
17. দশমিক মুক্ত সংখ্যা কিংবা ভগ্নাংশকে বর্গ করলে মান কমে কিন্তু বর্গমূল বা square root ( $\sqrt{\quad}$ ) করলে মান বেড়ে যায়।  
যেমন,  $\frac{1}{2} > \left(\frac{1}{2}\right)^2$  অর্থাৎ,  $\frac{1}{2} > \frac{1}{4}$   
এবং  $(.5) > (.5)^2$  অর্থাৎ,  $.5 > .25$

<b>Inequalities</b>
---------------------

Symbol	Words	Example Use
$\geq$	greater than or equal to	$x \geq 1$
$\leq$	less than or equal to	$y \leq 3$

$$-4 \leq X \leq 12$$

$$-2 \leq Y \leq 13$$

এই দুইটি equation থেকে ৮ প্রকারের প্রশ্ন হতে পারে -

01. What is the maximum value of  $x + y$ ?  
 $(X + Y)_{\max} = X_{\max} + Y_{\max} = 12 + 13 = 25$
02. What is the minimum value of  $x + y$ ?  
 $(X + Y)_{\min} = X_{\min} + Y_{\min} = -4 - 2 = -6$
03. What is the maximum value of  $X - Y$ ?  
 $(X - Y)_{\max} = X_{\max} - Y_{\min} = 12 + 2 = 14$
04. What is the minimum value of  $X - Y$ ?  
 $(X - Y)_{\min} = X_{\min} - Y_{\max} = -4 - 13 = -17$
05. What is the maximum value of  $Y - X$ ?  
 $(Y - X)_{\max} = Y_{\max} - X_{\min} = 13 + 4 = 17.$
06. What is the minimum value of  $Y - X$ ?  
 $(Y - X)_{\min} = Y_{\min} - X_{\max} = -2 - 12 = -14.$
07. What is the maximum value of  $XY$ ?  
 $XY_{\max} = X_{\max} \times Y_{\max} = 12 \times 13 = 156.$
08. What is the minimum value of  $XY$ ?
  - i)  $4 \leq X \leq 12$        $2 \leq Y \leq 13$   
 $XY_{\min} = X_{\min} \times Y_{\min} = 4 \times 2 = 8$
  - ii)  $4 \leq X \leq 12$        $-2 \leq Y \leq 13$   
 $XY_{\min} = X_{\max} \times Y_{\min} = 12 \times -2 = -24$
  - iii)  $-4 \leq X \leq 12$        $-2 \leq Y \leq 13$   
 $XY_{\min} = X_{\min} \times Y_{\max} = -4 \times 13 = -52$

#839. Which is not an inequality symbol?

(IBA, BBA 98)

- A. >      B. <      C. ≥      D. ≠      E. None of these  
E. all of them are inequality symbols.

**সমাধান** inequality symbol

∴ Answer হল (E)।

⊙840. If  $xy < 0$  and  $y > 0$  which of the following must be positive?

- A.  $x - y$       B.  $2x + 3y$       C.  $-x$       D.  $-y$       E.  $2y^2 + x$

⊙841. If  $b < 2$  and  $2x - 3b = 0$ , which of the following must be true?

(IBA, BBA-2008, IBA MBA-09, PB Ltd. Jr Officer (Cash), May2011- EMBA, Feb.02)

- A.  $x > -3$       B.  $x < 2$       C.  $x = 3$       D.  $x < 3$       E. none of these

**সমাধান** (D) সরাসরি গাণিতিকভাবেও করা যায়, আবার যুক্তি অনুসারে চিন্তা করেও করা যায়।

গাণিতিকভাবে

$$2x - 3b = 0$$

$$\text{or } 2x = 3b$$

$$\text{or } 2x < 6$$

$$x < 3$$

⊙842. If  $x/y > 0$ , which of the following must be true?

(MBA.2008-09)

- A.  $x > 0$       B.  $y > 0$       C.  $xy > 0$       D.  $x - y > 0$       E. all of these

**সমাধান** (C)  $\frac{x}{y} > 0$  দেয়া আছে।  $\frac{x}{y} > 0 \Rightarrow x > y \times 0 \Rightarrow x > 0$  মানে  $x$ -এর মান positive;

কাজেই  $y$ -এর মানও positive হবে। কিন্তু  $x$  ও  $y$  উভয়ে negative হতে পারে;

তখন  $\frac{-x}{-y} = \frac{x}{y} > 0$ ; কাজেই  $-x \times -y = xy > 0$  যা সব সময়ই সত্য হবে।

#843. If  $a > b$  and  $ab < 0$ , which of the following must be positive? (MBA.2001-02)

- A.  $b^2 - a^2$       B.  $\frac{a}{b}$       C.  $a + b$       D.  $\frac{b}{a}$       E.  $a^2 + b^2$

**সমাধান** (C)

⊙ = Easy; ⊙ = Medium; ⊠ = Hard

### Inequalities

- \*844.** If  $x + 2y > 8$ , then  $2x + 4y$  is - [Premier Bank Junior Officer (Cash) Nov. 2011]  
 A. Greater than 20      B. Smaller than 20      C. Equal to 16  
 D. Equal to 20      E. Greater than 16

**সমাধান** (e)  $x + 2y > 8$

$$2x + 4y > 16 \text{ [উভয় পক্ষে 2 দ্বারা গুণ করে]}$$

$\therefore$  Ans. (e)

- ©845.** If  $x + y > 5$  and  $x - y > 3$ , then which of the following gives all and only possible values of  $x$ ? [Bangladesh Bank Asst.Dirt. পদে নিয়োগ পরীক্ষা July-2011]  
 A.  $x < 3$       B.  $x > 3$       C.  $x > 4$       D.  $x < 5$       E.  $x > 5$

**সমাধান**  $x + y > 5$  ..... (i)

$$x - y > 3$$
 ..... (ii)

---


$$2x > 8$$

$\therefore x > 4$  Answer is (C)

- \*846.** If  $2x - 4 < 4$ , then -

A.  $x > 2$       B.  $x < 2$       C.  $2 < x < 4$       D.  $x < 4$       E.  $2 > x > 4$  [E.MBA, Oct.07]

**সমাধান**  $2x - 4 < 4 \Rightarrow 2x < 8 \Rightarrow x < 4$  সূত্রানু উত্তর হবে (D)।

- \*847.** Which of the following inequalities is the solution to the inequality  $7x - 5 < 2x + 18$ ? [Standard Bank Ltd. Probationary Senior Officer Nov-2011]  
 A.  $x < \frac{13}{5}$       B.  $x > \frac{23}{9}$       C.  $x < \frac{23}{5}$       D.  $x > \frac{23}{5}$       E. none of these

**সমাধান** ধনসম্ব অসমতা,


$$7x - 5 < 2x + 18 \text{ বা, } 7x - 2x < 18 + 5 \text{ বা, } 5x < 23$$

$$\therefore x < \frac{23}{5} \text{ . উত্তর: (C)}$$

- ©848.** Karim's school is 10 kms from his home. From there he travels 4 kms to get to his friend's house and then travels 3 kms to get to the cricket ground. If he is then  $x$  miles from home, what is the range of possible values of  $x$ ? [Far east Life Insurance Officer recruitment Test, 2008]  
 A.  $3 \leq x \leq 12$       B.  $3 \leq x \leq 17$       C.  $3 \leq x < 10$       D.  $3 \leq x \leq 14$       E. None of these


**\* = Easy; © = Medium ; □ = Hard**

**সমাধান** (B) এক্ষেত্রে দুই রকম extreme ব্যাপার ঘটতে পারে। এক - straight সামনের দিকে যেতেই থাকল



এক্ষেত্রে  $x$  এর সর্বোচ্চ মান =  $10 + 4 + 3$  বা 17 হয়

দুই - School থেকে পিছনের দিকে ফিরে আসল



এক্ষেত্রে  $x$  এর সর্বনিম্ন মান =  $10 - 4 - 3 = 3$

∴  $x$  অবশ্যই 3 এর সমান বা এর বড় হবে এবং 17-এর সমান বা এর ছোট হবে।

অর্থাৎ  $3 \leq x \leq 17$



©849. If  $(x^2 - 4x + 10) < 7$ , which of the following must be true? (IBA, BBA-2008)

- A.  $x > 3$       B.  $1 > x > 3$       C.  $1 < x < 3$       D.  $x > 1$       E. none of these

### Inequalities

**সমাধান** প্রথমে দেয়া  $(x^2 - 4x + 10) < 7$  সমীকরণটিকে প্রথমে উৎপাদকে বিশ্লেষণ করে নেয়া যাক।

$$(x^2 - 4x + 10 - 7) < 0 \Rightarrow x^2 - 4x + 3 < 0 \Rightarrow x^2 - 3x - x + 3 < 0$$

$$\Rightarrow (x - 3)(x - 1) < 0$$

0 বা শূন্য থেকে ছোট হওয়ায়  $(x - 3)$  ও  $(x - 1)$ -এর গুণফল negative হবে মানে  $(x - 3)$  ও  $(x - 1)$ -রাশি দুটির উভয়েই positive বা উভয়েই negative হতে পারে না। একটি negative হলে অপরটি positive হবে। যখন  $x > 3$  হয়, তখন উভয় রাশি positive হবে। যখন  $x < 1$  হয়, তখন উভয় রাশি negative হবে। কিন্তু যখন  $x$ -এর 1 ও 3-এর মধ্যে থাকে তখন  $(x - 3)$  হবে negative এবং  $(x - 1)$  হবে positive; আর এতে করেই উভয় রাশির গুণফল negative মান দিবে। সুতরাং  $x$ -এর মানকে এক্ষেত্রে নিম্নরূপে প্রকাশ করা যাবে-  $1 < x < 3$

$\therefore x$ -এর এই রাশিটি সব সময় সত্য বলে answer হবে (C)।

©850. Find the range of real values of  $x$  satisfying the inequalities  $3x - 2 > 7$  and  $4x - 13 > 15$ . [IBA, MBA-June 2012]

- A.  $x > 3$       B.  $x > 7$       C.  $x < 7$       D.  $x < 3$       E. none of these

**শব্দের অর্থ** range : পরিসর; বিস্তার। satisfy : অনুসরণ করা।

inequalities : যে সমীকরণে উভয় পাশের মান সমান নয় তা-ই inequalities।

**প্রশ্নের বাক্যের অর্থ** দুটি inequalities সমীকরণ থেকে  $x$ -এর মানের range বা  $x$ -এর মান কত থেকে কত হয় তা বের করতে হবে?

**সমাধান** প্রথমে আছে,  $3x - 2 > 7 \Rightarrow 3x > 9 \Rightarrow x > 3$ ; এবং  $4x - 13 > 15 \Rightarrow 4x > 28 \Rightarrow x > 7$ ;

এখানে,  $x$ -এর মান 3 এবং 7 থেকে বড় পাওয়া গেল।

প্রশ্নের উভয় inequalities-এর জন্য  $x > 7$  হলে সঠিক হবে।

[ $x = 7, 6 \dots$  বসিয়ে যাচাই করে দেখতে পারেন]

$\therefore$  Answer (B)।

©851. Find the range of real values of  $x$  satisfying the inequalities  $3x - 2 > 7$  and  $4x - 13 > 15$ . [MBA2008-09]

- A.  $7 > x > 3$       B.  $-3 > x > -7$       C.  $x > 7$   
D.  $x > 3$       E. none of these

**শব্দের অর্থ** range : পরিসর; বিস্তার। satisfy : অনুসরণ করা।

inequalities : যে সমীকরণে উভয় পাশের মান সমান নয় তা-ই inequalities।

**প্রশ্নের বাক্যের অর্থ** দুটি inequalities সমীকরণ থেকে  $x$ -এর মানের range বা  $x$ -এর মান কত থেকে কত হয় তা বের করতে হবে?

\* = Easy; © = Medium; ■ = Hard



**সমাধান** প্রশ্নে আছে,  $3x - 2 > 7 \Rightarrow 3x > 9 \Rightarrow x > 3$ ; এবং  $4x - 13 > 15 \Rightarrow 4x > 28 \Rightarrow x > 7$ ;  
এখানে,  $x$ -এর মান 3 এবং 7 থেকে বড় পাওয়া গেল।

প্রশ্নের উভয় *inequalities*-এর জন্য  $x > 7$  হলে সঠিক হবে।

$[x = 7, 6 \dots$  বসিয়ে যাচাই করে দেখতে পারেন]

$\therefore$  Answer (B)।

852. If  $r = 0.345$ ,  $s = (0.345)^2$ , and  $t = \sqrt{0.345}$ , which is the correct ordering of  $r$ ,  $s$ , and  $t$ ?

[Executive MBA(IBA.-2008)]

A.  $r > s > t$  B.  $t > s > r$  C.  $s > r > t$  D.  $t > r > s$  E. None of these

**সমাধান** (e) এ ধরনের অঙ্কের ক্ষেত্রে আপনার মনে রাখতে হবে যে, দশমিক সংখ্যার square বা বর্গ করলে সংখ্যাটা ছোট হয়ে যায়, আর square root বর্গমূল করলে সংখ্যাটা বড় হয়ে যায়।

$\therefore$  উত্তর হবে  $\sqrt{0.345} > 0.345 > (0.345)^2$ ।

Saifur sir-এর বক্তব্য আমি নিজেও যখন অঙ্কটি প্রথম solve করতে যাই, তখন আমিও একইভাবে চিন্তা করেছি।

ভার মানে,  $r$ ,  $s$ ,  $t$ -র প্রতিটি 0.345-র সাথে সম্পর্কিত হওয়াতে চিন্তা করেছি যে, দশমিকের root করলে বড় হয়, আর যত power করা হয় তত ছোট হয়।

853. If  $x^3 < x^2 < x$ , then the value of  $x$  could be?

[Bangladesh Bank Assistant Director Recruitment Test-2010]

A. 0 B. 1 C.  $\frac{1}{3}$   
D. Square root of 3 E. 2

**সমাধান** (c)  $x^3 < x^2 < x \rightarrow$  যে কোন ভগ্নাংশকে বর্গ করলে এর মান ছোট হতে থাকে এবং বর্গমূল বা ঘন করলে এর মান বড় হতে থাকে।

$\Rightarrow \left(\frac{1}{3}\right)^3 < \left(\frac{1}{3}\right)^2 < \frac{1}{3}$  (c হতে মান বসিয়ে)  $\Rightarrow \frac{1}{27} < \frac{1}{9} < \frac{1}{3}$  অতএব, Ans. (c)

854. Which of the following inequalities is true?

(Uttara Bank 2009)

A.  $0 < \frac{1}{10} < 0.01$  B.  $0.12 < \frac{1}{8} < 0.13$   
C.  $0.30 < \frac{1}{4} < 0.50$  D.  $0.30 < \frac{1}{3} < 0.33$  E. none of these

☛ = Easy; ☉ = Medium; ☒ = Hard

**সমাধান** (b) অর্থাৎ, নীচের অসম্য রাশিগুলোর মধ্যে কোনটি সত্য?

এখানে answer-এর রাশিগুলোর প্রতিটির মাঝে একটি তুলনা আছে, বুঝার সুবিধার্থে এদেরকে দশমিকে নেয়া যাক :

(a)  $0 < .1 < .01$

(b)  $.120 < .125 < .130$

(c)  $.30 < .25 < .50$

(d)  $.30 < .33 < .33$

E. none of these

দেখা যাচ্ছে (b) বাদে অন্যগুলি মিথ্যা।

**Q855. If  $u > t$ ,  $r > q$ ,  $s > t$ , and  $t > r$ , which of the following must be true?**

[Pubali Bank Ltd. Junior Officer (Cash), May, 2011]

I.  $u > s$

II.  $s > q$

III.  $u > r$

A. I only.

B. II only

C. III only

D. I and II

E. II and III

**সমাধান** দেওয়া আছে,  $u > t$ ,  $r > q$ ,  $s > t$

এবং  $t > r$

এদিক informationগুলো সাজিয়ে নিলে পাই,

$u > t > r > q$  এবং  $s > t > r > q$

এবার, answer option গুলো দেখা যাক :

i)  $u > s$ , এটা হতে পারে আবার নাও হতে পারে। কিন্তু, must be true না।

ii)  $s > q$ , সব সময় সত্য।

iii)  $u > r$ , সব সময় সত্য।

∴ Answer হচ্ছে (d).

**Q856. If  $m > p$ ,  $m > r$ ,  $n < r$  and  $p < s$ , which of the following must be true?**

(IBA, BBA-2008)

A.  $p > r$

B.  $s > m$

C.  $n > m$

D.  $m > n$

E. none of these

**সমাধান**  $m > p$ ,  $m > r$ ,  $n < r$  এবং  $p < s$  রাশিগুলিকে একত্র করলে পাওয়া যায়,

$m > r > n$  এবং  $m > p < s$

এখানে  $m$  হল  $p$ -এর চেয়ে বড় কিন্তু  $p$ , এখানে  $r$  বা  $n$ -এর চেয়ে বড় না ছোট বুঝা যায় না।

এবার answer দেখা যাক-

(A)-তে,  $p > r$ -এর তথ্যানুসারে এটি সত্য নাও হতে পারে বলে (A) বাদ। এভাবে (B) ও বাদ।

(C)-তে,  $n > m$ -এটি সত্য নয়।

(D)-এর  $m > n$ -এটি এর তথ্যানুসারে সবসময় সত্য বলে answer হবে (D)।

857. Given that  $x$  and  $y$  are integers and  $x + y < 10$  and  $x > 5$ , what is the smallest possible value of  $x - y$ ? [IBA, MBA-June, 2012]
- A. 0      B. 1      C. 2      D. 3      E. none of these

শব্দের অর্থ | Given that : দেয়া আছে যে, | possible : সম্ভাব্য | value : মান।

প্রশ্নের বাক্যের অর্থ | দেয়া আছে,  $x$  ও  $y$  হল পূর্ণ সংখ্যা (*integer*) এবং  $x + y < 10$ , and  $x > 5$  অর্থাৎ  $(x + y)$ -এর মান 10 থেকে ছোট হবে এবং  $x$  এর মান 5 থেকে বড়। তাহলে,  $x - y$ -এর সর্বনিম্ন *value* কত হতে পারে?

সমাধান | এখানে  $x$ -এর সর্বনিম্ন মান 6-এর কম হবে না এবং  $y$ -এর সর্বোচ্চ মান 3-এর বেশী হবে না। কারণ  $y = 4$  হলে  $(x + y)$ -এর মান 10-এর কম থাকে না। সুতরাং, এখানে  $x$ -এর সর্বনিম্ন মান এবং  $y$ -এর সর্বোচ্চ মান নিলে  $(x - y) = 6 - 3 = 3$ ; Ans. (D)

858. If  $x \geq 10$  and  $y \geq 12$ , then which of the following must be true? [Bangladesh Bank Assistant Director Recruitment Test-2010]
- a.  $(x + y) \leq 22$    b.  $(x - y) \leq 22$    c.  $(x + y) = 22$    d.  $(x - y) \leq 0$    e.  $(x + y) \geq 22$

সমাধান | (e) এখানে  $x$ -এর মান 10 এবং  $y$ -এর মান 12 নিলে  $x + y \geq 22$  সঠিক হয় মানে  $x$  ও  $y$ -এর সর্বনিম্ন মান 10 ও 12, তাহলে এদের সর্বনিম্ন যোগফল 22 হবে। এছাড়া অন্যগুলো ঠিক হতেও পারে আবার নাও পারে।

859. If  $x \geq 10$  and  $y \leq 7$ , which of the following must be true? (IBA BBA-2008)
- A.  $x + y \geq 3$    B.  $x - y \geq 3$    C.  $x + y \geq 7$    D.  $x + y > 0$    E. none of these

সমাধান |  $x \geq 10$  বলতে বুঝায়  $x$ -এর মান 10-এর সমান বা 10-এর বড় হবে এবং  $y \leq 7$  দ্বারা বুঝায়  $y$ -এর মান 7-এর সমান বা ছোট হবে; তারমানে  $x$ -এর সর্বনিম্ন মান হল 10 এবং  $y$  এর সর্বোচ্চ মান হল 7। এবার Answer-এর কোন রাশিটি *must be true* হবে তা দেখা যাক।

(A)-তে,  $x + y \geq 3$  মানে  $x$  ও  $y$ -এর যোগফল 3-এর সমান বা বড় হবে-এই ব্যাপারটি অবশ্যই সত্য কিনা দেখা যাক। প্রশ্নের রাশিটি সত্য হতে পারে যদি  $x = 10$  এবং  $y = -7$  হয় ( $10 - 7 = 3$ ), এবং সত্য নাও হতে পারে যদি  $x = 10$  এবং  $y = -10$  হয়, ইত্যাদি।  $y$ -এর মান যেহেতু 7-এর ছোট হতে পারে তাই মাইনাস চিহ্নযুক্ত সবচেয়ে ছোট যে কোন মান হতে পারে।  $\therefore$  (A) বাদ।

(B)-তে,  $x - y \geq 3$ -এখানে  $y$ -এর মান positive ধরলে  $x - y$ -এর মান 3-এর সমান বা যত বড় হতে পারে negative ধরলে  $(x - y)$ -এর মান আরও বড় হবে। সুতরাং দেখা যায় উক্ত রাশি সব সময়ে সত্য মানে *must be true*।  $\therefore$  Answer হবে (B)।

(C) ও (D) বাদ কারণ এদের তথ্য *must be true* হবে না।  $\therefore$  Answer হবে (B)।

**Inequalities**

- ©860. If  $-4 \leq x \leq 12$  and  $-2 \leq y \leq 13$ , which of the following numbers represent the maximum value of  $(y - x)$ ?  
 A. 25      B. 1      C. 14      D. 17      E. -1

**সমাধান**  $(Y - X)_{\max} = Y_{\max} - X_{\min} = 13 + 4 = 17$

- 861. If  $1 \leq x \leq 3$  and  $2 \leq y \leq 4$  then which of the followings must be true? (IBA BBA 2005)  
 A.  $xy \geq 5$       B.  $xy \leq 12$       C.  $xy = 12$       D.  $xy > 3$       E. none of these


**সমাধান** Maximum value of  $xy = 3 \times 4 = 12 \therefore xy \leq 12 \therefore$  Answer হল (B)।

- \*862. If  $0 \leq x \leq 3$  and  $y < 12$ , which of the following cannot be the value of  $xy$ ? [Executive MBA, Feb- 2009]  
 A. -3      B. 0      C. 3      D. 36      E. none of these

**সমাধান** (D) এখানে  $x$ -এর সর্বনিম্ন মান 0, আর  $y$ -এর সীমাহীন। আবার  $x$ -এর সর্বচ্চ মান 3, আর  $y$ -এর 12-এর কম। তাহলে  $xy$ -এর সর্বনিম্ন মানের negative দিকে কোন সীমা নেই, কিন্তু সর্বোচ্চ মান কোনক্রমেই  $3 \times 12$  অর্থাৎ 36 বা তার বেশি হতে পারে না। সুতরাং উত্তর (D)।

- 863. If  $x \geq 8$  and  $y \leq 3$ , it must be true that: (IBA BBA -2004 & 2006)  
 A.  $x + y \geq 5$       B.  $x + y \leq 11$       C.  $x - y \geq 5$       D.  $x - y \leq 5$       E. None of these

**সমাধান**  $x \geq 8$  এবং  $y \leq 3$  থেকে একটি Number Line-এ বসাই।



এখন,  $x - y$  বা  $x$  থেকে  $y$ -এর ব্যবধান সব সময়ই 5 বা তার বেশী হবে, i.e.  $x - y \geq 5$   
 $\therefore$  Answer (C)।

- ©864. The distance from point P to point Q is 20 miles, and the distance from point P to point R is 12 miles. If  $d$  is the distance, in miles, between points Q and R, then the range of possible values for  $d$  is indicated by-

[Trust Bank (প্রবেশনারী অফিসার নিয়োগ), Nov, 2011]

- A.  $8 \leq d \leq 20$       B.  $8 \leq d \leq 32$       C.  $12 \leq d \leq 20$   
 D.  $12 \leq d \leq 32$       E. None of these

**সমাধান** যেহেতু ধাপে দিক উল্লেখ নেই এবং Range জানতে চাওয়া হয়েছে, তাই P থেকে R-এর সর্বোচ্চ দূরত্ব হবে PQ + QR.

অর্থাৎ,  $20 + 12 = 32$  mile. অপর দিকে সর্বনিম্ন দূরত্ব হবে  $PQ - QR = 20 - 12 = 8$ ; তাহলে Range হচ্ছে  $8 \leq d \leq 32$ .  $\therefore$  Answer is (D)

□865. If  $x + y = z$  and  $x$  and  $y$  are positive, then which of the following statements can be inferred? [IBA-MBA,2005]

- I.  $x < y$       II.  $x < z$       III.  $x < 2z$   
 A. I only      B. II only      C. I and II only  
 D. II and III only      E. I, II, and III only

**সমাধান** যেহেতু,  $x + y = z \therefore x < z$  কিন্তু  $x < 2z$  এটা নাও হতে পারে, এবং  $x$  ও  $y$ -এর মধ্য কে বড় কে ছোট ভা বলা যাবে না।  $\therefore$  Answer is (B).

□866. If  $x + y > 4$  and  $x < 3$  then  $y > 1$  is true—

- (Sylhet gas Field 2006) Warid telecom-2006  
 A. always      B. only if  $x < 0$       C. only if  $x > 0$   
 D. only if  $x = 0$       E. Never

**সমাধান**  $x + y > 4$  or,  $y > 4 - x$  or,  $y > 4 - 3$  [যেহেতু  $x < 3$ , অর্থাৎ  $x$  যদি 3-এর চেয়ে ছোটই হয় তাহলে 4 থেকে 3-এর চেয়ে ছোট সংখ্যা এর বিয়োগ ফল 1-এর চেয়ে বড় অবশ্যই হবে] যেহেতু কোন অবস্থাতেই  $x$ , 3-এর চেয়ে বড় হতে পারেনা সেহেতু কখনোই  $y$ , 1-এর চেয়ে ছোট বা সমান হতে পারেনা,  $y$  সবসময় 1-এর চেয়ে বড় হবে।  $\therefore$  Answer is (A)

□867. If  $\frac{P}{Q} < 1$ , and  $P$  and  $Q$  are positive integers, which of the following must be greater than 1? [Bangladesh Bank Assistant Director Recruitment Test-2010]

- A.  $\sqrt{P/Q}$       B.  $Q/P^2$       C.  $P/2Q$       D.  $P/Q^2$       E.  $Q/P$

**সমাধান** এখানে, দেয়া আছে,  $\frac{P}{Q} < 1$ .  $\frac{P}{Q}$  হল একটি ভগ্নাংশ ও positive; যে কোন ভগ্নাংশের লবকে

(numerator) হর (Denominator) ও হরকে লব করলে অর্থাৎ inverse  $(\frac{P}{Q})$  করলে এর মান 1-

এর বড় হয়ে যাবে। যেমন:  $\frac{1}{2}$ ,  $\frac{1}{8}$  এদেরকে উল্টাইলে 2 ও 8 হয়। এবার answer দেখা যাক। (E)

©868. Where does  $p$  lie if  $p^2 < p$ ?

[Bangladesh Bank Assistant Director Recruitment Test-2010]

- A. Between  $-1$  and  $0$       B. Between  $-1$  and  $1$       C. Between  $0$  and  $1 +$   
D. It is always less than  $0$       E. It is always greater than  $1$

সমাধান

P-এর মান উদ্ভাষণ হবে। উদ্ভাষণকে বর্গ করলে মান ছোট হয়। যেমন  $P = \frac{1}{2}$  হলে  $P^2 = \frac{1}{4}$ ; আর

$\frac{1}{4}$  হলো  $\frac{1}{2}$  এর চেয়ে ছোট। এ কারণে P-এর মান  $0$  থেকে  $1$ -এর মধ্যে হবে। (C).

©869. যদি  $a > b$  হয়, তবে নিচের কোনটি সঠিক?

[Krishi Bank(Supervisor/Cashier)-2010]

- A.  $-2a > 2b$       B.  $2a < 2b$       C.  $-2a < -2b$       D.  $-2b > 2a$

সমাধান

$a > b$  এর উভয়পক্ষ  $2$  দ্বারা গুণ করে হয়  $2a > 2b$ । উপরোক্ত রাশিকে উভয়পক্ষ  $-$  দ্বারা গুণ করলে চিহ্ন উল্টে যাবে, অর্থাৎ,  $-2a < -2b$ ।  $\therefore$  Answer is (C).

□870. If  $A > B$  and  $C < 0$ , which of the following is correct?

[Uttara Bank Ltd. Assistant Officer (Cash), 2011]

- A.  $AC > BC$       B.  $\frac{A}{C} = \frac{B}{C}$       C.  $AC < BC$       D. None of these

সমাধান

দেয়া আছে,  $A > B$  এবং  $C < 0$  হলে

C-এর মান অন্যের চেয়ে ছোট অর্থাৎ, এটি নেগেটিভ।

এখন,  $A > B$  -এর উভয় পাশে নেগেটিভ দ্বারা বহন করলে চিহ্ন ( $>$ ) উল্টে যাবে।

$\therefore AC < BC$  হবে। (C)

©871. If  $a < b$  and  $c < d$ , then

(IBA BBA -2006)

- A.  $-c - a > -d - b$       B.  $c + a > d + b$       C.  $c = d$   
D.  $a = b$       E. None of these

সমাধান

$a < b$  &  $c < d$  সুতরাং, ছোট + ছোট < বড় + বড় হবে অর্থাৎ,  $a + c < b + d$

অথবা, উভয় পক্ষকে  $(-)$  দ্বারা গুণ করলে,  $-c - a > -b - d$  (A)

©872. If  $b < 2$  and  $2x - 5b = 0$ , which of the following must be true?

[Executive IBA-MBA, Feb- 2009]

- A.  $x > 5$       B.  $x < 2$       C.  $x = 5$       D.  $x < 5$       E. none of these

সমাধান

দেওয়া আছে,  $2x - 5b = 0$

$\Rightarrow 2x = 5b \Rightarrow x = \frac{5b}{2}$  এখন  $b$  এর মান যদি  $2$  হতো তাহলে  $x = \frac{5 \cdot 2}{2} = 5$  হতো। যেহেতু,  $b$  এর মান  $2$  এর চেয়ে কম। তাই  $x < 5$  হবে।  $\therefore$  Answer is (D).

\* = Easy; © = Medium; □ = Hard

©873. If  $x$  is greater than  $-8$  but less than  $4$ , then which of the following must be true? [Bangladesh Agricultural Development Corporation-2011]

- A.  $x > 11$     B.  $x > 2$     C.  $x > -7$     D.  $x < 3$     E.  $x > -9$

সমাধান  $x$ -এর মান  $-8$ -এর বড় কিন্তু  $4$ -এর চেয়ে ছোট অর্থাৎ  $-8 < x < 4$ ; তার মানে  $x$ -এর মান  $-7$  থেকে  $3$  পর্যন্ত যে কোন মান হতে পারে। সুতরাং, অবশ্যই  $x > -9$  হবে। (E)

©874. If  $x^2 - 7x + 18 = 6$ , which of the following *must* be false? (IBA, BBA-2007)

- A.  $x = 4$     B.  $x = -4$     C.  $x > 3$     D.  $x > 0$     E. None of these

সমাধান

$$x^2 - 7x + 12 = 0 \quad \text{বা, } x^2 - 3x - 4x + 12 = 0$$

$$\text{বা, } x(x-3) - 4(x-3) = 0 \quad \text{বা, } (x-3)(x-4) = 0$$

$$\text{বা, } x-3 = 0 \quad \text{অথবা, } x-4 = 0$$

$$\therefore x = 3$$

$$\therefore x = 4$$

$\therefore$  Answer is

(B)

□875. If the square root of  $x$  is greater than  $x$ , then  $x$  could be- [NCCB.2009]

- A. 0    B.  $\frac{1}{2}$     C. 2    D. 4    E. None of these

সমাধান যদি  $\sqrt{x} > x$  হয় তাহলে  $x$ -এর মান অবশ্যই ভগ্নাংশ হবে। কারণ ভগ্নাংশকে বর্গমূল করলে মান বড় হয়।

$$\text{যেমন, } x\text{-এর মান } \frac{1}{4} \text{ হলে } \sqrt{\frac{1}{4}} = \frac{1}{2} \text{ হবে আর } \frac{1}{2} > \frac{1}{4} \text{ অর্থাৎ } \sqrt{\frac{1}{4}} > \frac{1}{4} \text{। এই ভাবে } \sqrt{\frac{1}{2}} > \frac{1}{2}$$

হবে। (B).

\*876. যদি  $6 - 4x \leq 14$  হয়, তাহলে  $x$ -এর মান কত? [BRDB RURAL 2009]

- A.  $x \leq 2$     B.  $x > 2$     C.  $x \leq 14$     D.  $x \geq -2$     E. None of these

সমাধান  $6 - 4x \leq 14 \Rightarrow -4x \leq 8 \Rightarrow -x \leq 2$

উভয় পাশ '-' বারী গুণ দিলে চিহ্ন উল্টে যাবে। অর্থাৎ,  $x \geq -2$  (D).

\*877. If  $2x + y > 10$ , then  $4x + 3y$  must be - [Bank Asia Ltd. MTO, June, 2011]

- A. greater than 20    B. Smaller than 22    C. Equal to 21  
D. Equal to 22    E. None of these

সমাধান

$$2x + y > 10 ;$$

$$\therefore 4x + 2y > 20 \text{ [2 দ্বারা গুণ করে]}$$

এখানে  $4x + 2y$  এর মান 20 থেকে বড়,

সুতরাং  $4x + 3y$  এর মান অবশ্যই 20 থেকে বেশি হবে। (A).

©878. If  $x + 1 > 1 - 2x$  then

(Agrani Bank, Senior Officer-2011)

A.  $x > 0$

B.  $x < 0$

C.  $x > 3$

D.  $x < -3$

E.  $x = -2$

সমাধান

দেওয়া আছে,

$$x + 1 > 1 - 2x \Rightarrow 3x + 1 > 1 \Rightarrow 3x > 1 - 1 \Rightarrow x > 0 \text{ (A).}$$

\*879. If  $x + 2y > 8$ , then  $2x + 4y$  can be [AB Bank Management Trainee, May, 2011]

A. greater than 20

B. smaller than 20

C. equal to 20

D. all of these

E. none of these

সমাধান

$$x + 2y > 8 \text{ বা, } 2(x + 2y) > 2 \times 8 \text{ বা, } 2x + 4y > 16 \text{ (D).}$$

□880. If  $x > 0$  and  $\sqrt{(y/x)} = x$ , then what is the value of  $y$  in terms of  $x$ ?

[Bangladesh Bank Asst. Dir. পদে নিয়োগ পরীক্ষা July-2011]

A.  $1/x$

B.  $\sqrt{x}$

C.  $x\sqrt{x}$

D.  $x^2\sqrt{x}$

E.  $x^3$

সমাধান

$$\sqrt{y/x} = x \Rightarrow (\sqrt{y/x})^2 = x^2 \Rightarrow \frac{y}{x} = x^2 \Rightarrow y = x^3 \text{ (E).}$$

\*881. Which of the following inequalities is equivalent to  $10 - 2x > 18$ ?

[MBA.2005-06]

A.  $x > -14$

B.  $x > -4$

C.  $x > 4$

D.  $x < 4$

E.  $x < -4$

সমাধান

$$10 - 2x > 18 \Rightarrow -2x > 8 \Rightarrow -x > 4 \Rightarrow x < -4$$

[(-) দ্বারা গুণ করলে চিহ্ন উল্টে যাবে] (E).

\*882. If  $4x - 7 < 2x + 13$ , then which of the following must be true?

(IBA BBA -2004)

A.  $x > 7$

B.  $x > 13$

C.  $x < 10$

D.  $x < 6$

E. none of these

সমাধান

$$4x - 7 < 2x + 13 \text{ বা, } 2x < 20 \text{ বা, } x < 10 \text{ (C).}$$



#883. If  $3 - 2x \leq 7$ , then

(EMBA- July 04)

- A.  $x \leq 2$       B.  $x \geq 2$       C.  $x \leq -2$       D.  $x \geq -2$       E.  $x > -2$

সমাধান  $3 - 2x \leq 7$ , বা,  $-2x \leq 7 - 3$  বা,  $-2x \leq 4$  বা,  $-x \leq 2$  বা,  $x \geq -2$

[(-) দ্বারা গুণ করলে চিহ্ন উল্টে যাবে] (D).

©884. If  $2x + y = 2$  and  $x + 3y > 6$ , then

[MBA.2008-09]

- A.  $y \geq 2$       B.  $y < 2$       C.  $y > 2$       D.  $y \leq 2$       E.  $y = 2$

সমাধান প্রথমে রাশিগুলো থেকে  $y$ -এর মান কিসের চেয়ে বড় বা ছোট বা সমান তা বের করতে হবে। এজন্য প্রথম সমীকরণ থেকে  $x$ -এর মান পরের inequal রাশীতে replace করলেই হবে।

দেয়া আছে,  $2x = 2 - y \Rightarrow x = \frac{2 - y}{2}$

$\therefore x + 3y > 6$

$\Rightarrow \frac{2 - y}{2} + 3y > 6 \Rightarrow \frac{2 - y + 6y}{2} > 6 \Rightarrow 5y + 2 > 12 \Rightarrow 5y > 10 \Rightarrow y > 2$  (C).

©885. What is the value of  $m$  which satisfies  $3m^2 - 21m + 30 < 0$ ? (MBM - 2011)

- A.  $m < 2$  or  $m > 5$       B.  $m > 2$       C.  $2 < m < 5$       D. Both A. and

সমাধান দেওয়া আছে,

$3m^2 - 21m + 30 < 0$

$\Rightarrow 3m^2 - 15m - 6m + 30 < 0$

$\Rightarrow 3m(m - 5) - 6(m - 5) < 0$

$\Rightarrow (3m - 6)(m - 5) < 0$

$\therefore 3m - 6 < 0$ , and,  $m - 5 > 0$

$\Rightarrow 3m < 6$        $\therefore m > 5$

$\therefore m < 2$

Or,  $m - 5 < 0$ ,

$\Rightarrow m < 5$

এখান থেকে পাওয়া যায়,  $2 < m < 5$ , এটা সম্ভব হতে পারে। তাই এটাই (C)

Note: আমরা জানি,  $xy < 0$  হলে

হয়  $x < 0$  and  $y > 0$  অথবা  $x > 0$  and  $y < 0$

এখান থেকে পাওয়া যায়-  $m$  এর মান 5 এর চেয়ে বড় এবং 2 এর চেয়ে ছোট। কিন্তু এটা সম্ভব নয়। কারণ, কোন একটা সংখ্যা একই সাথে 5 এর চেয়ে বড় আবার 2 এর চেয়ে ছোট হতে পারে না। তাই এটা গ্রহণযোগ্য নয়।

□886. If  $x + y = z$  and  $y > 0$ , which of the following statements cannot be true?

[Executive MBA(IBA.-2008)]

- i.  $x > z$       ii.  $x + y > -z$       iii.  $y = z$   
 A. only i      B. only ii      C. only iii      D. i and ii      E. all the these

সমাধান

A..  $y > 0$  মানে  $y$ -এর যে কোন Positive মান ( $\frac{1}{2}$ , 1, 2 ..... ইত্যাদি) থাকতে পারে:

$x$ -এর মান Positive বা Negative যে কোনটি হতে পারে।

প্রশ্নে দেয়া, Statement-গুলোর কোনটি সত্য হতে পারে না তা দেখা যাক :

(i) -এ আছে  $x > z$  -এটি *cannot be true* হবে এই কারণে যে,  $x$  যদি Positive হয় (ধরি 2) তাহলে  $x$  -এর সাথে আরও একটি Positive মান ( $y$ ) যোগ হয়ে  $z$ -এর সমান হতে হয় অথবা,  $x$ -এর মান যদি Negative (ধরি -2) হয় তাহলে এর সাথে  $y$ -এর কোন Positive মান যোগ হলে  $z$ -এর মান অবশ্যই  $x$ -এর চেয়ে বড় হবে; যেমন :  $-x + y = -3 + 1 = -2$  মানে  $-2 > -3$  অর্থাৎ  $z > x$  হবে।

(ii)  $x + y > -z$  G  $x$ -এর যে কোন ধনাত্মক মান বসালে এটি সব সময় সত্য।

(iii)-এ,  $y = z$  হতে পারে কারণ  $x + y = z$  এই সমীকরণে  $x = 0$  এবং  $y = 1$  (কারণ  $y > 0$ ) বসালে  $0 + 1 = 1$ , মানে উভয়পক্ষ সমান হবে।

[Note: *cannot be true*-এর ক্ষেত্রে যে কোন একভাবে প্রশ্নের statement সত্য হলেই হল কিন্তু *must be true*-এর ক্ষেত্রে সবদিক দিয়ে statement-কে শর্ত পূরণ করতে হবে।]

Answer হবে A.।

887. If  $a > 0$ ,  $b < 0$ ,  $c > 1$  and  $d < 1$ , which of the following must be true?

[IBA BBA 2003]

A.  $ab > cd$  B.  $ab < cd$  C.  $ac > bd$  D.  $ac > ab$  E. None of these

সমাধান দুইটি ধনাত্মক সংখ্যার গুণফল একটি ধনাত্মক এবং একটি ধনাত্মক সংখ্যার গুণফলের চেয়ে সবসময়ই বেশী হবে। সুতরাং  $ac > ab$  (D)

888. If  $m > n$ ,  $n < p$  and  $n > 0$ , which of the following must be true?

[IBA MBA 03]

A.  $mn > p^2$  B.  $mp > n^2$  C.  $pn > m^2$  D.  $mn > np$  E. none of these

সমাধান  $m > n$  এবং  $n < p$  অর্থাৎ  $p > n$  হওয়াতে,  $mp > n \times n$  ( $n > 0$  হওয়াতে)  $\Rightarrow mp > n^2$  দেখান রাখতে হবে  $n > 0$  না হলে  $mp > n^2$  হতো না, কারণ, মনে করুন,  
 $m = -2$ ,  $n = -4$  এবং  $p = -3$ ;  $\therefore m > n$  এবং  $p > n$  বা,  $-2 > -4$  এবং  $-3 > -4$   
 $\therefore mp = (-2) \times (-3) = 6$  এবং  $n^2 = (-4)^2 = 16$   $\therefore mp > n^2$  হয় না। (B)

889. If  $x < y$ ,  $y < z$  and  $z < w$ , which of the following statements is always true?

[EMBA Oct. 06, EMBA Feb 02]

A.  $x > w$  B.  $x > z$  C.  $y = w$  D.  $y > w$  E.  $x < w$

সমাধান যেহেতু  $x < y$ ,  $y < z$  এবং  $z < w$  সুতরাং সাজিয়ে নিলে আমরা পাই  $x < y < z < w$  (E)

#890. If  $a > b$ ,  $b > c$  and  $c > d$ , then which of the following is true?

[E.MBA, Feb.02]

- A.  $a > c$       B.  $b > a$       C.  $c > a$       D.  $c > b$       E. none

সমাধান  $a > b, b > c, c > d$  so,  $a > b > c > d$   $\therefore a > c$  is true. s

প্রশ্নটিকে সাজিয়ে নিলে আমরা পাই  $a > b > c > d$   $\therefore$  (A)

©891. If  $a > b > c$ , then which of the following is true?

[E.MBA, APRIL.09]

- A.  $a - b < b - c$       B.  $a - c > a - b$       C.  $a + b = b + c$   
D.  $a - c < a - b$       E.  $a + b > 2a$

সমাধান B. b যদি c-এর চেয়ে বড় হয় আর a সবচেয়ে বড় হয় তাহলে তো অবশ্যই a থেকে b বাদ দিলে যে সংখ্যা পাওয়া যাবে সেটা a থেকে c বাদ দিলে পাওয়া সংখ্যার চেয়ে বড় হবেই। a, b ও c -এর মান যথাক্রমে 3, 2 ও 1 অথবা 10, 2 ও 1 অথবা অন্য যে কোন মান ধরে যাচাই করলেই বুঝা যাবে।

□892. If  $x = 5\sqrt{5}$ ,  $y = 10 + 2\sqrt{5}$  and  $z = 5 + 4\sqrt{5}$ , which of the following is true -

(South East Bank-2009)

- A.  $x > y > z$       B.  $x > z > y$       C.  $y > x > z$       D.  $y > z > x$       E. None of these

সমাধান এখানে সহজেই বুঝা যাবে  $z > x$  কারণ  $5 > \sqrt{5}$ , যেখানে  $x = 5\sqrt{5} = \sqrt{5} + 4\sqrt{5}$  পাওয়া যায়। আর y সবচেয়ে বড়। তাহলে  $y > z > x$  (D)

©893. If  $a > b > c$  then which of the following can never be true?

[Exim Bank- May, 2010]

- A.  $b + c < a$       B.  $2a > b + c$       C.  $2c > a + b$       D.  $ab > bc$       E. None of these

সমাধান C. কখনো সত্য হবে না। answer-তুলো সংখ্যামান দিয়ে যাচাই করে দেখতে পারেন

©894. If  $x > y$ ,  $z < y$ , and  $w < x$ , which of the following is always true?

[Bangladesh Bank, Cash Officer, Sep, 2011]

- A.  $z > w$       B.  $y > w$       C.  $y = w$       D.  $z < x$       E.  $x < z$

সমাধান দেয়া আছে,  $x > y$ ,  $z < y$  এবং  $w < x$

অর্থাৎ, x, y অপেক্ষা বড় এবং y, z অপেক্ষা বড় এবং x, w অপেক্ষা বড়।

অর্থাৎ,  $x > y > z$  এবং  $x > w$

তার মানে অবশ্যই  $x > z$  উত্তর : (D)

□895. If  $x > y > 0$  and  $p > q > 0$ , then which one of the following expressions must be greater than 1?

[Shahjalal Islami Bank Ltd.MTO, Oct - 2011]

- A.  $\frac{x+p}{y+q}$       B.  $\frac{x+q}{y+p}$       C.  $\frac{x}{p}$       D.  $\frac{xq}{yp}$       E.  $\frac{yq}{xp}$

✱ = Easy; © = Medium ; □ = Hard



$$\therefore x > y > 0 \text{ এবং } p > q > 0; \therefore \frac{x}{y} > 1 \text{ এবং } \frac{p}{q} > 1$$

$$\therefore x + p > y + q; \text{ বা, } \frac{x+p}{y+q} > 1 \text{ Ans: (A).}$$

□896. If  $a > 0, b < 0$  and  $c > a$ , which of the following must be positive? (IBA BBA 2003)

A.  $\frac{a-b}{c-b}$       B.  $\frac{b-c}{a-b}$       C.  $\frac{c-a}{a-c}$       D.  $\frac{abc}{c+b}$

সমাধান: এদিক relation-গুলো একত্রে সাজালে পাওয়া যায়  $c > a > 0 > b$ । এখানে C.-কে চিন্তা করলে দেখা যায়, হর (denominator)-এর  $a - c$  হলো negative কারণ  $c > a \Rightarrow 0 > a - c$ । আবার, লব (numerator)-এর  $\frac{c}{b}$  হলো negative কারণ  $b$  হলো negative। আবার,  $a$  হলো positive।

$$\therefore \frac{c}{b} - a \text{ অবশ্যই negative।} \therefore \text{C.-এর } \frac{\frac{c}{b} - a}{a - c} = \text{অবশ্যই positive কারণ, } \frac{-ve}{-ve} = +ve।$$

এটা অবশ্য A.-এর উত্তর দিয়ে এভাবে এগুলো দেখা যাবে, A. বা B. কোনোটাই must be positive হয় না। (C)

◎897. If  $-8 \leq x \leq 8$ , and  $0 \leq y \leq 14$ , what is the greatest possible value of  $(y - x)$ ? [National Bank Recruitment Test-2010]

A. 22      B. 8      C. 6      D. 8      E. None of these

$$\text{সূত্র 3: } (y - x)_{\max} = y_{\max} - x_{\min} = 14 - (-8) = 22 \text{ (A)}$$

\*898. If for integer  $x, 5 < x < 10$  and  $y = x + 5$ , what is the greatest possible value of  $x + y$ ? [Bangladesh Bank Asst. Director নিয়োগ পরীক্ষা: June, 2012]

A. 32      B. 22      C. 23      D. 27      E. None of them

$$\text{সূত্র 1: } (x + y)_{\max} = x_{\max} + y_{\max} = 9 + (9 + 5) = 9 + 14 = 23 \text{ (C)}$$

\*899. If  $-9 \leq x \leq 9$  and  $0 \leq y \leq 12$ . What is the greatest possible value of  $xy$ ? [Mercantile Bank Ltd. July, 2010, Trust Bank Assist. Officer, Jan, 2011]

A. -108      B. 0      C. 100      D. 108      E. None of these

$$\text{সূত্র: } (xy)_{\max} = x_{\max} \times y_{\max} = 9 \times 12 = 108 \text{ (D)}$$

- ©900. If  $0 \leq x \leq 4$  and  $y < 12$ , which of the followings cannot be the value of  $xy$ ?  
(IBA BBA 2005)
- A. -2      B. 48      C. 6      D. 24      E. none of these

**সমাধান**  $x$  এর মান ১২ হলে এবং  $y$  এর মান ৪ হলে  $xy = 48$  হতো। যেহেতু  $y$  এর মান ১২ এর কম তাই  $xy$  এর মান ৪৮ এর কম হবে। (B)

অর্থাৎ,  $xy = 48$  কখনই হতে পারবে না।

এছাড়া বাকী সবগুলোই সম্ভব। মান ধরে check করলেই হবে।

- ©901. If 4 times an integer  $x$  is increased by 10, the result is always greater than 18 and less than 34. What is the least value of  $x$ ? [Grammen Bank-2011]
- A. 2      B. 3      C. 5      D. 4      E. None of these

**সমাধান** একটি পূর্ণ সংখ্যা  $x$ -কে ৪ গুণ করে আরও ১০ যোগ করলে যোগফল সবসময় ১৮-এর বেশী ও ৩৪-এর কম হয়।

$$\text{এখানে } 4x + 10 > 18 \Rightarrow 4x > 8 \Rightarrow x > 2$$

$$\text{এবং } 34 > 4x + 10 \Rightarrow 24 > 4x \Rightarrow 6 > x$$

মানে  $x$ -এর মান ২-এর চেয়ে বড় ও ৬-এর চেয়ে ছোট হবে।  $x$ -এর *least value* ২-এর কাছাকাছি মান

Answer (i) থেকে পাওয়া যায় ৩। (B)

- ©902. If  $2 < x < 3$  and  $7 < y < 8$  which of the following expressions will have largest value?  
(Warid telecom-2006)

A.  $x^2y$       B.  $xy^2$       C.  $5xy$       D.  $\frac{4x^2y}{3}$       E.  $\frac{x^2}{y}$

**সমাধান**  $x$  এর সর্বোচ্চ মান এবং  $y$  এর সর্বোচ্চ মান ধরে চেষ্টা করতে হবে।

যেমন-  $x = 2$  এবং  $y = 7$  ধরলে (B) এর মান সবচেয়ে বড় হবে। (B)

- ©903. If  $3 < x < 8$  and  $5 < y < 11$ , which of the following represents all possible values of  $xy$ ?  
(IBA, MBA-2005, MBA. 2011, Sylhet gas Field 2006)

A.  $3 < xy < 11$       B.  $8 < xy < 19$       C.  $15 < xy < 88$   
D.  $24 < xy < 55$       E. None of these

C. দেয়া আছে,  $3 < x < 8$  এবং  $5 < y < 11$

অর্থাৎ,  $x$ , ৮-এর চেয়ে ছোট এবং  $y$  হল ১১-এর ছোট।

$$\therefore xy, 88\text{-র চেয়ে ছোট হবে অর্থাৎ, } xy < 88$$

একই ভাবে  $x$ , ৩-এর চেয়ে বড় এবং  $y$ , ৫-এর চেয়ে বড়।

$$\therefore xy, 15\text{ এর চেয়ে বড় হবে। অর্থাৎ, } 15 < xy$$

$$\therefore \text{আমরা পাই, } 15 < xy < 88;$$

বিকল্প পদ্ধতি :

$$3 < x < 8$$

$$5 < y < 11$$

$$(\text{গুন করে}) 15 < xy < 88$$

**Inequalities**

**\*904. If  $p > 2$  then which of the following increases as  $P$  increases?**

- I)  $p^2 + p$       II)  $p^2 - p$       III)  $\frac{1}{p^2 + 1}$   
 A. I only      B. II only      C. III only      D. I & II only      E. II & III only

**সমাধান**  $p$  এর যেকোন একটি মান ধরে চেষ্টা করা যাক:

$p > 2$	$p^2 + p$	$p^2 - p$	$\frac{1}{p^2 + 1}$
মনেকরি $p = 3$	12	6	$\frac{1}{10}$
Increase হলে কি হয় দেখা যাক - মনেকরি $p = 4$	20	12	$\frac{1}{17}$
	Increase	Increase	Decrease

**Answer : (D)**

[Note : পরীক্ষার হলে এইরকম চার্ট করতে হবে না। আপনার বুঝার সুবিধার্থে chart টি দেওয়া হল। অংকটি বুঝে গেলে দ্রুত করে ফেলাতে পারবেন। ]

**905. If  $A$  &  $B$  are positive and  $A > B$ , which of the following is true?**

- A.  $5 - A > 6 - B$       B.  $6 - A > 6 - B$   
 C.  $\frac{B}{A} > \frac{A}{B}$       D.  $\frac{1}{A} < \frac{1}{B}$       E. None of these

**সমাধান** মনেকরি,  $A = 2, B = 1$

মান বসিয়ে দেখা যাক কি হয়	মন্তব্য
$5 - A > 6 - B \Rightarrow 5 - 2 > 6 - 1 \Rightarrow 3 > 5$ , যাহা সম্ভব নয়।	অর্থাৎ মিথ্যা
$6 - A > 6 - B$ $6 - 2 > 6 - 1 \Rightarrow 4 > 5$ যাহা সম্ভব নয়।	অর্থাৎ মিথ্যা
$\frac{B}{A} > \frac{A}{B} \Rightarrow \frac{1}{2} > \frac{2}{1}$	অর্থাৎ মিথ্যা
$\frac{1}{A} < \frac{1}{B} \Rightarrow \frac{1}{2} < \frac{1}{1}$	সত্য

**Answer : (D)**

**906. If  $n \neq 0$ , which of the following would be true?**

[BBA-1996-1997]

- I)  $2n < n^2$       II)  $n^2 < -n$       III)  $2n < n$   
 A. I only      B. I & II only      C. I & III only  
 D. I, II & III only      E. None of these

**দ্রষ্টব্য**  $n \neq 0$  মানে বুঝায়, হয়  $n > 0$  অথবা,  $n < 0$ . মান বসিয়ে দেখা যাক কি হয় :

	(I) $2n < n^2$	(II) $n^2 < n$	(III) $2n < n$
মনেকরি, $n > 0$ $n = 1$	মিথ্যা	মিথ্যা	মিথ্যা
অবার, ধরে নেই, $n < 0$ $n = -1$	সত্য	মিথ্যা	সত্য

**Answer : (C)**

**Q907.** If  $x$  is a number such that  $-2 \leq x \leq 2$ , which of the following has the largest possible absolute value? [IBA MBA- 08]

- A.  $3x - 1$       B.  $x^2 + 1$       C.  $3 - x$       D.  $x - 3$       E.  $x^2 - x$

এই অংকটি আগের মতো চর্চা করে করে নিতে পারেন। বুঝতে সুবিধা হওয়ার জন্য নিচের বিস্তারিত ব্যাখ্যাটি পড়ুন।

**দ্রষ্টব্য** A. এখানে  $x$ -এর সম্ভাব্য সবচেয়ে বড় পরমমান বের করতে হবে।

দেওয়া আছে  $x$ -এর মান  $-2$  থেকে  $+2$  পর্যন্ত হতে পারে।

যেহেতু absolute value বা পরমমান বের করতে হবে।

তাই উভয় মান নিয়েই Answer choice -গুলো যাচাই করতে হবে।

A.-তে মান বসিয়ে,  $3 \times (-2) - 1 = -6 - 1 = -7$  ( $x = -2$  বসিয়ে)

এবং  $3 \times 2 - 1 = 6 - 1 = 5$  ( $x = +2$  বসিয়ে)

অর্থাৎ  $x = -2$  ধরিলে  $-7$  পাওয়া যায় যা পরমমান হিসেবে  $7$ -এর চেয়ে বড়।

B.-তে,  $x^2 + 1 = (-2)^2 + 1 = 4 + 1 = 5$  ( $x = -2$  বা  $+2$  যে কোন একটি বসালেই হবে কারণ  $x^2$ -এর মান উভয়ক্ষেত্রে পজিটিভ)

C.-তে,  $3 - x = 3 - 2 = 1$  এবং  $3 - (-2) = 3 + 2 = 5$

D. তে,  $x - 3 = -2 - 3 = -5$  এবং  $x - 3 = 2 - 3 = -1$

E. তে  $x^2 - x = (-2)^2 - (-2) = 4 + 2 = 6$

এবং,  $x^2 - x = (2)^2 - 2 = 4 - 2 = 2$

**∴ Answer : (A)**

©908. If  $x < z$  and  $x < y$ , which of the following statements are always true?

Assume  $x < 0$

I.  $y < z$       II.  $x < yr$       III.  $2x < y + z$

(A) only I      (B) only II      (C) only III      (D) II and III only      (E) I, II and III

**সমাধান** (C) # Statement (I) is not always true.

# Statement (II) is also may not true.

কেননা  $x < y$  এখানে উভয় পক্ষ থেকে  $x$  বাদ দিলে  $1 < y$  হয়, কিন্তু  $y$ -এর মান (1) হতে পারে।

# Statement (III) True.

কেননা,  $x < z$  ও  $x < y$  যোগ করলেই দেখা যায়,  $x + x < z + y$  বা  $2x < y + z$ .

©909. If  $x > y$ ,  $z < y$ , and  $w < x$ , which of the following statements is always true?

(A)  $z > w$       (B)  $y > w$       (C)  $y = w$       (D)  $z < x$       (E)  $x < z$

**সমাধান** (D)  $x > y$  আবার,  $z < y$  অর্থাৎ  $z, y$  এর থেকে ছোট।

তাহলে,  $x > y > z$ । অর্থাৎ  $x, z$  এর থেকে বড়।

∴ Ans. হবে (D). [বাকিগুলো Always true না]

□910. If  $a > b$  and  $ab < 0$ , which of the following must be positive?

(A)  $b^2 - a^2$       (B)  $a/b$       (C)  $a + b$       (D)  $b/a$       (E) none of these

**সমাধান** এখানে,  $z > b$  হবে না, হবে  $a > b$ .

যেহেতু  $ab < 0$  তাহলে,  $a$  ও  $b$  এর মধ্যে ১টি negative হবে।

আবার,  $a > b$  হওয়ায়  $b$  negative এবং  $a$  positive।

A)  $b^2 - a^2$  (+)ve হতেও পারে নাও পারে।  $b = -4$  ও  $a = 1$  হলে  $a^2 - b^2$   
 $= (-4)^2 - 1^2 = 16 - 1 = 15$

আবার,  $b = -1$  এবং  $a = 4$  হলে,  $b^2 - a^2 = 1 - 16 = -15$

B)  $\frac{a}{b}$  (+) হবে না, কেননা  $b$  negative। তাহলে  $\frac{a}{b}$  negative.

C)  $a + b$  (+) হতেও পারে নাও পারে। যেমন,  $a = 1, b = -7$  হলে  $a + b = -6$

D)  $\frac{b}{a}$  এর জন্য (B) এর rule

E) none of this – এটাই Ans.

□911. If  $m > n$ ,  $n < p$  and  $n > 0$ , which of the following must be true?

(A)  $mn > p^2$       (B)  $mp > n^2$       (C)  $pn > m^2$       (D)  $mn > np$       (E) none of these



### Inequalities

**সমাধান**  $m > n$ ,  $p > n$  এবং  $n > 0$  হওয়ায়  $m$ ,  $n$ ,  $p$  সব গুলোই (+) ve.

A) হবে না। যেমন:  $m = 2$ ,  $n = 1$  এবং  $p = 4$  হলে,  $2.1 < 4^2$

B)  $mp > n^2$  হবে। কেননা  $m$  ও  $p$  উভয়েই  $n$  অপেক্ষা বড়।

C)  $pn > m^2$  হবে না। যেমন,  $p = 5$ ,  $n = 2$ ,  $m = 6$  হলে  $5.2 < 6^2$

D)  $mn > np$  বা,  $m > p$ ; [উভয় পক্ষ থেকে  $n$  বাদ]  $m > p$  এটা শর্তে কোথাও বলা নাই।

©912. If  $X + 3y > 19$  and  $X - Y > 5$ , then which of the following gives all possible values of  $X$ ?

(A)  $X > 5$  (B)  $X > 6$  (C)  $X < 4$  (D)  $X > 10$  (E) None of these

**সমাধান**  $x + 3y > 19$ ;  $x - y > 5$

$$\therefore y > \frac{19-x}{3}$$

A)  $x > 5$  হলে ধরি,  $x = 6$  তাহলে,  $3y > 19 - 6 \Rightarrow y > \frac{13}{3} \Rightarrow y > 3.33$

$\therefore y = 4$  ধরি,

তাহলে,  $x - y = 6 - 4 = 2$  যা  $< 5$ .

B)  $x > 6$ ,  $\therefore x = 7$  ধরি,  $\therefore 3y > 19 - 7$  বা,  $3y > 12$  বা,  $y > 4$   $\therefore y = 5$  ধরি,

তাহলে,  $x - y = 7 - 5 = 2$  যা  $< 5$

C)  $x < 4$ , এখানে যখন  $x = 6, 7$  কোনটাই হবে না তখন  $x < 4$  বোঝাই যায় হবে না।

D)  $x > 10$ , ধরি,  $x = 11$  তাহলে,  $y > \frac{19-11}{3} = \frac{8}{3} = 2.66$   $\therefore y = 3$  ধরি,

$\therefore x - y = 11 - 3 = 8$  যা  $> 5$ .

তাহলে D) Ans. হতে পারে। আরেকটু Check করা যাক।

$$x = 10 \text{ হলে, } y > \frac{19-10}{3} = \frac{9}{3} = 3 \therefore x - y = 10 - 4 = 6 \text{ বা } > 5$$

তাই,  $x = 10$  হতে পারে। কিন্তু এটা  $x > 10$  শর্তের পরিপন্থি যেহেতু (D) - 3 Ans. হবে না।

Ans. (E)

©913.  $x$ ,  $y$ , &  $z$  are consecutive integers. If  $0 < x < y < z$  and  $(x + y + z)$  is an odd integer, which of the following could be the value of  $z$ ?

(A) 2 (B) 3 (C) 4 (D) 5 (E) None of these

**সমাধান** (C) পরপর তিনটি সংখ্যার যোগফল বেজোড় হলে এদের মধ্যে 2-টি সংখ্যা জোড় ও অপরটি বেজোড়।

তাহলে,  $x$  জোড়,  $y$  বেজোড় ও  $z$  জোড়।

$z$  জোড় হওয়ায় (B) ও (D) বাদ। (A) ও বাদ;  $z = 2$  হলে,  $y = 1$  হবে এবং  $x = 0$  হতে হবে। যা শর্ত পূরণ করেনা। (C) হবে।  $z = 4$  হলে  $y = 3$ ,  $x = 2$  যা শর্ত পূরণ করে।

©914. If  $X$  is greater than  $Y$  and  $Y$  is less than  $Z$ , which of the following is the most appropriate?

- (A)  $X > Z$  (B)  $Z > X$  (C)  $X = Z$   
 (D) Any of the above may be true (E) Not possible to answer

সমাধান (D)  $x > y ; z > y$

যেহেতু  $x$  ও  $z$ ,  $y$  অপেক্ষা বড় তাহলে,  $x = z$ ,  $x > z$  এবং  $x < z$  যে কোনটাই হতে পারে।  
 লক্ষ্যে (D) Ans. হবে। (E) হবে না। কেননা (A), (B), (C) তিনটাই সত্য হতে পারে।  
 অল্পত পক্ষে যেকোন একটা সত্য হবেই। তাই Not possible to ans. হবে না।

□915. If  $3 < x < 7$  and  $5 > y > 2$ , which of the following must be true?

- (A)  $x + y > 8$  (B)  $x - y > 0$  (C)  $x - 2y < 2$  (D)  $2x - y > 1$  (E) None of these

সমাধান  $3 < x < 7$  তাহলে,  $x$  এর সর্বোচ্চ মান হতে পারে 6.99 ও সর্বনিম্ন 3.01

$5 > y > 2$  তাহলে,  $y$  " " " " " 4.99 " " 2.01

A)  $x = 3.01$  ও  $y = 2.01$  হলে,  $x + y = 3.01 + 2.01 = 5.02$  যা  $< 8$ .

B)  $x = 3.01$  ও  $y = 4.99$  হলে,  $x - y = (-)$ ve হবে যা  $< 0$ .

C)  $x = 6.99$  ও  $y = 2.01$  হলে,  $6.99 - 4.02 = 2.97$  যা  $> 2$

D)  $x = 3.01$  ও  $y = 4.99$  হলে,  $6.02 - 4.99 = 1.03$  যা  $> 1$  (Ans.)

©916. If  $0 \leq x \leq 5$  and  $y < 10$  which of these can be a value of  $xy$ ?

I. -2

II. 0

III. 50

(A) I only

(B) II only

(C) III only

(D) I and II only

(E) I and III only

সমাধান (D)  $0 \leq x \leq 5$   $\therefore$   $x$ -এর সর্বোচ্চমান 5 এবং সর্বনিম্ন 0।

$y < 10$   $\therefore$   $y$ -এর সর্বোচ্চ মান 9.99 ধরি, এবং সর্বনিম্ন যে কোনটাই হতে পারে।

এখানে বলেছে  $xy$  এর value কোনটা হতে পারে।

(I) -2 এটা হতে পারে।  $x = 1$  ও  $y = -2$  হলে

(II) 0 এটা হতে পারে।  $x$  ও  $y$  এর যে কোন একটা = 0 হলেই হবে।

(III) 50 এটা হবে না,  $x$ -এর সর্বোচ্চ 5 ও  $y$  এর সর্বোচ্চ 9.99 ধরলেও  $xy < 50$  হয়।

$\therefore$  Ans. (D) I and II only

\*917. If  $a > b > c$ , then which of the following must be true?

(A)  $2a > b + c$

(B)  $a - b > a - c$

(C)  $a > b + c$

(D)  $2a = b + c$

(E) none of these

সমাধান (A) এটা true [ $\because a > b$ , ও  $a > c$   $\therefore a + a > b + c$ ]

B) হতেও পারে নাও পারে। কেননা  $b$  ও  $c$  এর মধ্যে কোন সম্পর্কে দেয়া হয়নি।

C) এটাও হতে পারে নাও পারে।  $a = 5$ ,  $b = 4$ ,  $c = 3$  হলে  $5 < 4 + 3$ .

D) same cause.

## Inequalities

#918. If  $x + y > 5$  and  $x - y > 3$ , then which of the following gives all and only possible values of  $x$ ?

- (A)  $x < 3$       (B)  $x > 3$       (C)  $x > 4$       (D)  $x < 5$       (E)  $x > 5$

সমাধান (C)  $x + y > 5$

$$x - y > 3$$

$$\frac{(+)}{2x > 8}$$

$$\Rightarrow x > 4 \text{ (Ans.)}$$

919. If  $ab > 0$  and  $a < 0$ , which of the following is negative?

- (A)  $-a$       (B)  $b$       (C)  $-b$       (D)  $(a - b)$       (E)  $-(a + b)$

সমাধান (B)  $ab > 0$  এবং  $a < 0$  অর্থাৎ,  $a$  negative তহলে,  $b$  also  $(-)$ ve, কেননা  $a$  ও  $b$  এর গুনফল  $(+)$ ve.

A)  $-a$   $(+ve)$  হবে। কেননা  $a$  negative। তাহলে-  $a$   $(+ve)$

B)  $b$   $(-ve)$  হবে। এটা প্রথমেই বের করা হয়েছে। (Ans.)

C)  $-b$   $(+ve)$  হবে।

D)  $(a - b) -ve / +ve$  দুটোই হতে পারে।

$$a = -4, b = -8 \text{ হলে, } a - b = -4 - (-8) = -4 + 8 = +4$$

E)  $-(a + b) +ve$  হবে।

কেননা  $a + b$   $(-ve)$  হলে আগে আরেকটা  $(-ve)$  হওয়ার কারণে  $(-), (-1) = (+)$  হবে।

920. If  $X > Z$  and  $X > Y$ , which of the following statements are always true? (Assume  $X > 0$ )

I.  $Y < Z$       II.  $X < YZ$       III.  $2X > Y + Z$

(A) I only      (B) II only      (C) III only

(D) II & III only      (E) I, II & III only

সমাধান (C)  $x > z$ ;  $x > y$  এবং  $x > 0$

(I)  $y < z$  এটা শর্তগুলো দ্বারা clear না,  $y > z$  ও হতে পারে।

(II)  $x < yz$  এটাও হতে পারে নাও পারে।  $x = 9, y = 2, z = 3$  ধরলে  $x > yz$  হয়।

(III)  $2x > y + z$  এটা সত্য। কেননা  $x > z$  ও  $x > y$  এদুটো যোগ করলেই  $2x > y + z$  হয়।

$\therefore$  Ans. (C) (III) only.

921. If  $xyz < 0$  and  $z < 0$  then which of the following must always be true?

- (A)  $xy > 0$       (B)  $xy < 0$       (C)  $xy > z$       (D)  $xy < z$       (E) None of these

দ্রষ্টব্য

(A/C)  $xyz < 0$  এবং  $z < 0$  $xyz < 0$  হলে হয়  $x, y, z$  তিনটাই  $(-ve)$  অথবা, 1 টা negative.যেহেতু  $z (-ve)$  সেহেতু হয়  $x, y$  দুটোই  $(+ve)$  অথবা দুটোই  $(-ve)$ ,(A) True  $x (+ve), y (+ve)$ ;  $xy (+ve) / x, (-ve), y (-ve), xy (+ve)$ 

(B) False ঐ একই কারণ

(C) True,  $xy (+ve)$  এবং  $z (-ve)$  তাহলে,  $xy > z$ .

(D) False, একই কারণ,

©922. If  $a < b$  and  $c < d$ , then(A)  $a = b$  (B)  $[c + a] < [d + b]$  (C)  $[c + a] > [d + b]$ (D)  $c = b$  (E)  $ac - bd$ 

দ্রষ্টব্য

(A)  $a = b$  প্রথমেই বাদ। যেহেতু  $a < b$ .

(B) এটা ঠিক আছে, শর্তসূত্রে যোগ করলেই দেখা যাবে।

(C) False

(D) হবেনা

(E)  $ac - bd$  এটা কোন অর্থ হয় না।\*923. If  $x > 1$ , which of the following decreases as  $x$  decreases?(I)  $x + x^2$  (II)  $2x^2 - x$  (III)  $\frac{1}{x^2 + 1}$ 

(A) only (I) (B) both (I) &amp; (II) (C) only (II)

(D) only (III) (E) None of these

দ্রষ্টব্য

(B) (I) কমবে।  $x > 1$  বলে  $x = 2, 3, 4, 5 \dots$  যাই বসানো হোক না কেন  $x + x^2$  বাড়বে। অর্থাৎ,  $x$  কমলে  $x + x^2$  কমবে।(II)  $2x^2 - x$  কমবে কেননা  $x$  থেকে  $2x^2$  বড়। $x$  বাড়লে  $2x^2 - x$  বাড়বে তাহলে  $x$  কমলে $2x^2 - x$  কমবে।(III) বাড়বে। কেননা ভগ্নাংশটির নিচে অবস্থিত। ফলে  $x$  কমলে ভগ্নাংশটি বাড়বে। $\therefore$  Ans. B both (I) and (II).

\*924. Which is not an inequality symbol?

(A)  $>$  (B)  $<$  (C)  $\geq$  (D)  $\neq$  (E) None of these

দ্রষ্টব্য

(D) প্রশ্নে বলা হয়েছে inequality এর চিহ্ন নয় কোনটা?

(A), (B), (C) এই চিহ্নগুলো inequality তে ব্যবহার করা হয়।

কিন্তু  $\neq$  চিহ্ন equal নয় এটা বোঝালেও inequality তে  $\neq$  চিহ্ন ব্যবহৃত হয় না।

## Inequalities

925. If  $a > b$  and  $a > c$ , which of the following must be greater than 0?

- (A)  $\frac{b-c}{b+c}$  (B)  $\frac{c-b}{a-b}$  (C)  $\frac{b-c}{b-a}$  (D)  $\frac{b-a}{c-a}$  (E) None of these

সমাধান

- A)  $b$  ও  $c$  এর মধ্যে কোন relation দেয়া নেই। সেহেতু (A) confirm না  
 B) এর লব  $c-b$  এর মান confirm করা যাচ্ছে না।  
 C) এর লব  $b-c$  " " " " " "  
 D)  $b-a$  (-ve) হবে কেননা  $b < a$   
 $c-a$  (-ve) " "  $c < a$   
 $\therefore \frac{b-a}{c-a} = \frac{(-)ve}{(-)ve} = (+)ve$  যা  $> 0$  (Ans.)

926. If  $a > 0$ ,  $b < 0$ ,  $c > 1$  and  $d < 1$ , which of the following must be true?

- (A)  $ab > cd$  (B)  $ab < cd$  (C)  $ac > bd$   
 (D)  $ac < bd$  (E) None of these

সমাধান

- $a$  এবং  $c$  (+ ve),  $b$  (- ve),  $d = 0$  অথবা (- ve)  
 A)  $ab$  (- ve),  $cd = 0$  অথবা, (- ve)  
 এখন,  $ab$  (- ve) এবং  $cd = 0$  হলে  $ab < cd$   $\therefore$  (A) False হতে পারে,  
 B)  $ab$  (- ve) এবং  $cd = 0$  হলে  $ab < cd$  হবে।  
 কিন্তু  $ab$  (- ve) এবং  $cd$  (- ve) হলে কোনটা বড় এটা confirm না।  
 C)  $ac$  (+ ve) এবং  $bd = 0$  অথবা (+ ve)  
 যখন  $ac$  (+ ve) এবং  $bd = 0$  তখন  $ac > bd$   
 কিন্তু যখন  $ac$  (+ ve) এবং  $bd$  (+ ve) তখন কোনটা বড় এটা confirm না।  
 D) এটাও (C) এর মত cause দেখানো যায়।  
 E) তাহলে এটাই Ans.

\*927. If  $3x - 4y > 2x + 3y$ , then which of the following must be true?

- (A)  $x > 0$  (B)  $y > 0$  (C)  $x > y$  (D)  $x < y$  (E) None of these

সমাধান

- $3x - 4y > 2x + 3y \Rightarrow 3x - 2x > 3y + 4y \Rightarrow x > 7y$   
 দেখা যাচ্ছে  $x > 7y$  কিন্তু এর মানে এই না যে  $x > y$ ।  
 কেননা  $x = -2$  এবং  $y = -1$  হলে,  $x < y$  but  $x > 7y$ .  
 $\therefore$  Ans. (E)

\*928. If  $x < -1$ , then which of the following must be true?

1016. If the average of 5, 9,  $k$ , and  $m$  is 12, what is the average of  $k + 7$  and  $m - 3$ ?

MBA 2004 - 2005

- (A) 14 (B) 17 (C) 19 (D) 21 (E) 38

সমাধানঃ (C) Total of 5, 9,  $k$ ,  $m = 12 \times 4 = 48$ .

$$\therefore k + m = 48 - 5 - 9 = 34$$

$$\therefore k + 7 + m - 3 = k + m + 4 = 34 + 4 = 38.$$

$\therefore$  তাহলে  $k + 7$  এবং  $m - 3$ -এর গড় হবে  $38 \div 2 = 19$

1017. The average mark obtained by 10 students was 6 and the average mark obtained by 6 students was 10. What was the average mark obtained by all 16 students?

E-MBA Feb, 2006

- A. 10 (B) 8 (C) 7.5 (D) 8.5 (E) 6.5

সমাধানঃ (C) Average mark obtained by 16 students is  $\frac{10 \times 6 + 6 \times 10}{16}$

$$= \frac{60 + 60}{16} = \frac{120}{16} = \frac{15}{2} = 7.5$$

1018. A car averages 40 miles per hour for the first 6 hours of a trip and averages 60 miles per hour for each additional hour of travel time. If the average speed for the entire trip is 55 miles per hour, how many hours long is the trip? *E-MBA April, 2005*
- A. 8                      B. 12                      C. 16                      D. 18                      E. 24

সমাধানঃ (E) Let the required time be  $x$  hours

$$\therefore 55x = 40 \times 6 + 60 \times (x - 6) \text{ or, } 55x = 240 + 60x - 360$$

$$\text{or, } 60x - 55x = 120 \text{ or, } 5x = 120; \therefore x = 24$$

1019. If a person earned Taka 25, Taka 30 and Taka 35 in the first three weeks of the month, how much he must earn in the fourth week in order to make an average weekly earning of Taka 35 in the month? *E-MBA Dec, 2004*
- A. Taka 30              B. Taka 35              C. Taka 40              D. Taka 45              E. Taka 50

সমাধানঃ প্রথম ৩ সপ্তাহের মোট আয়  $25 + 30 + 35 = 90$

$$\text{চার সপ্তাহের মোট আয়} = 35 \times 4 = 140$$

$$\therefore \text{৪র্থ সপ্তাহের আয়} = 140 - 90 = 50$$

# Ages



## 12



## Ages

Age মানে বয়স। এগুলোকে বলা যায় বয়স সংক্রান্ত অংক। এসব অংকের সাহায্যে আসলে আপনার সমীকরণ তৈরী করার এবং সেটা সমাধান করার দক্ষতা পরীক্ষা করা হবে। শুধু বয়স বা Age নিয়ে chapter তৈরীর কারণ, এ নিয়ে করা অংকগুলো আসলে বহুল প্রচলিত এবং প্রতিযোগিতামূলক বিভিন্ন পরীক্ষায় কমন। অনুপাত বা ratio-এর সঙ্গেও এই অধ্যায়ের মিল পাওয়া যাবে।

\*1020. Sum of the ages of a mother & a daughter is 50 years. Also, 5 years ago, the mother's age was 7 times the age of the daughter. The present ages of the mother and the daughter respectively are: (অর্থাৎ মাতা ও কন্যার বয়সের সমষ্টি ৫০ বছর। ৫ বছর আগে মায়ের বয়স কন্যার বয়সের ৭ গুণ ছিল। মাতা ও কন্যার বর্তমান বয়স যথাক্রমেঃ)

- (a) 35, 15      (b) 38, 12      (c) 40, 10      (d) 42, 8

সমাধান (c): এসব অংক প্রথমে  $x$  ধরে করাই সবচেয়ে সহজ। এখানে ধরি, কন্যার বর্তমান বয়স =  $x$  বছর।  
যেহেতু মা-মেয়ের বয়সের সমষ্টি 50 বছর, সুতরাং মায়ের বর্তমান বয়স =  $(50 - x)$  বছর  $\therefore$  প্রথমতে  
 $(x - 5) \times 7 = (50 - x - 5) \Rightarrow x = 10$ .

তাহলে মা ও মেয়ের বর্তমান বয়স 40 years ও 10 years.

\*1021. The sum of the ages of a son and father is 56 years. After four years, the age of the father will be three times that of the son. Their ages respectively are: (অর্থাৎ পুত্র ও পিতার বয়সের সমষ্টি ৫৬ বছর। ৪ বছর পরে পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ হবে। পুত্র ও পিতার বর্তমান বয়স যথাক্রমে কত?)

- (a) 12, 44      (b) 16, 42      (c) 16, 48      (d) 18, 36

সমাধান (a): ধরি, চার বছর পর পুত্রের বয়স হবে  $x$   
 " " " পিতার " "  $3x$   
 বর্তমানে, পিতার বয়স  $3x - 4$   
 পুত্রের "  $x - 4$   
 সুতরাং,  $3x - 4 + x - 4 = 56$   
 $4x = 56 + 8$   
 $x = 16$   
 বর্তমানে পুত্রের বয়স  $16 - 4 = 12$   
 " পিতার "  $56 - 12 = 44$ .

\* 1022. The age of a man is 4 times that of his son. Five years ago, the man was nine times as old as his son was at that time. The present age of the man is: (অর্থাৎ এক ব্যক্তির বয়স তার পুত্রের বয়সের চার গুন। পাঁচ বৎসর আগে ঐ ব্যক্তির বয়স পুত্রের তখনকার বয়সের নয়গুণ ছিল। ঐ ব্যক্তির বর্তমান বয়স কত?)  
 (a) 28 (b) 32 (c) 40 (d) 44

সমাধান (b): Let son's age =  $x$ .  $\therefore$  father's age =  $4x$ .  
 $\therefore (4x - 5) = 9(x - 5) \Rightarrow 5x = 40 \Rightarrow x = 8$ .  
 $\therefore$  Present age of the man = 32 years

\* 1023. Five years ago Salam's age was one-third of the age of Vikas and now Salam's age is 17 years. What is the present age of Vikas? (অর্থাৎ পাঁচ বৎসর আগে সালামের বয়স ছিল বিকাশের বয়সের এক-তৃতীয়াংশ এবং বর্তমানে সালামের বয়স ১৭ বছর। বিকাশের বর্তমান বয়স কত?)  
 (a) 9 (b) 36 (c) 41 (d) 51

সমাধান (c): চলুন ৫ বছর আগে Salam ও Vikas এর বয়সের relative-টি দেখি-

$$S = \frac{1}{3} V$$

$$\text{বর্তমানে Salam এর বয়স} = \frac{1}{3} V + 5$$

$$\text{বিকাশ এর বয়স} = V + 5$$

$$\text{So, } \frac{1}{3} V + 5 = 17; \text{ or, } \frac{1}{3} V = 12; \text{ or, } V = 36$$

$$\text{সুতরাং, বিকাশের বর্তমান বয়স- } 36 + 5 = 41$$

- \*1024. Age of Ashraf's father is 4 times his age. If 5 years ago, father's age was 7 times of the age of his son at that time, what is Ashraf's father's present age? (অর্থাৎ আশরাফের বাবার বয়স তার বয়সের চারগুণ। পাঁচ বছর পূর্বে পিতার বয়স ছিলো তার পুত্রের তখনকার বয়সের ৭ গুণ। আশরাফের বাবার বর্তমান বয়স কত?)
- (a) 35                      (b) 40                      (c) 70                      (d) 84

সমাধান (b): ধরি, Ashraf-এর বয়স  $x$   
 $\therefore$  Ashraf-এর পিতার বয়স  $4x$   
 5 বছর পর, Ashraf-এর বয়স হবে  $x + 5$   
 $\therefore$  Ashraf-এর পিতার বয়স হবে  $4x + 5$   
 সুতরাং,  $4x + 5 = 7(x + 5)$   
 or,  $4x + 5 = 7x + 35$   
 or,  $3x = 30$   
 $\therefore x = 10$   
 $\therefore$  Ashraf- এর পিতার বয়স =  $4 \times 10 = 40$  বছর।

- \*1025. After five years the age of a father will be thrice the age of his son, whereas five years ago, he was seven times as old as his son was. What is father's present age? (অর্থাৎ পাঁচ বছর পরে বাবার বয়স হবে তার পুত্রের বয়সের তিনগুণ। অথচ পাঁচ বছর আগে তিনি ছিলেন বয়সে তার পুত্রের তুলনায় সাতগুণ বড়। বাবার বর্তমান বয়স কত?)
- (a) 35                      (b) 40                      (c) 45                      (d) 50

সমাধান (b): 5 বছর পর,  
 ধরি পুত্রের বয়স  $x$  বছর  
 পিতার "  $3x$  বছর  
 বর্তমানে, পুত্রের বয়স  $x - 5$  বছর  
 পিতার "  $3x - 5$  বছর  
 5 বছর পূর্বে,  
 পুত্রের বয়স ছিল  $x - 5 - 5 = x - 10$  বছর  
 পিতার " "  $3x - 5 - 5 = 3x - 10$  "  
 সুতরাং,  $3x - 10 = 7(x - 10)$   
 বা,  $3x - 10 = 7x - 70$   
 বা,  $4x = 60$   
 $\therefore x = 15$   
 $\therefore$  পিতার বর্তমান বয়স =  $3 \times 15 - 5 = 40$  বছর।



## Exercise on Ages

- \* 1026. Ratio of the father's age to the son's age is 4 : 1. The product of their ages is 196. Ratio of their ages after 5 years will be: (অর্থাৎ পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৪ : ১। তাদের বয়সের গুনফল ১৯৬। ৫ বছর পরে তাদের বয়সের অনুপাত কত হবে?)  
 (a) 3 : 1      (b) 10 : 3      (c) 11 : 4      (d) 14 : 5

সমাধান (c): Let father's age be  $4x$  and son's age  $x$  years.

$$\therefore 4x \times x = 196 \Rightarrow x^2 = 49 \Rightarrow x = 7.$$

Father's age after 5 years =  $(4x + 5) = 33$  years. Son's age after 5 years =  $(x + 5) = 12$  years.  $\therefore$  Ratio of their ages after 5 years =  $33 : 12 = 11 : 4$ .

- \* 1027. The ratio of Lata's age to the age of her mother is 3 : 11. The difference of their ages is 24 years. The ratio of their ages after 3 years will be: (অর্থাৎ লতা ও তার মায়ের বয়সের অনুপাত ৩ : ১১। তাদের দুজনের বয়সের পার্থক্য ২৪ বছর। তিন বছর পরে তাদের বয়সের অনুপাত হবেঃ)  
 (a) 1 : 3      (b) 2 : 3      (c) 3 : 5      (d) none

সমাধান (a):  $11x - 3x = 24 \Rightarrow x = 3$ .

$\therefore$  Ratio of their ages after 3 years =  $(3x + 3) : (11x + 3) = 12 : 36 = 1 : 3$ .

- \* 1028. Ratio of Ashfaq's age to Pial's age is equal to 4 : 3. Ashfaq will be 26 years old after 6 years. How old is Pial now? (অর্থাৎ আশফাক ও পিয়ালের বয়সের অনুপাত ৪ : ৩। ৬ বছর পরে আশফাকের বয়স হবে ২৬ বছর। পিয়ালের এখন বয়স কত?)  
 (a) 12      (b) 15      (c)  $19\frac{1}{2}$       (d) 21

সমাধান (b): Ashfaq-এর বয়স  $4x$   
 Pial-এর বয়স  $3x$ .

৬ বছর পর, Ashfaq-এর বয়স হবে  $4x + 6$

$$\text{সুতরাং, } 4x + 6 = 26$$

$$\text{বা, } 4x = 20$$

$$\therefore x = 5$$

পিয়ালের বয়স =  $3 \times 5 = 15$  বছর।

- \* 1029. Ratio of the ages of father & son now is 6:1. After 5 years the ratio will become 7 : 2. Present age of the son is: (অর্থাৎ পিতা ও পুত্রের বয়সের অনুপাত বর্তমানে ৬ : ১। ৫ বছর পরে তাদের বয়সের অনুপাত হবে ৭ : ২। পুত্রের বর্তমান বয়স কত?)  
 (a) 5      (b) 6      (c) 9      (d) 10

সমাধান (a): প্রথমে অনুযায়ী,  $\frac{6x+5}{x+5} = \frac{7}{2} \Rightarrow 2(6x+5) = 7(x+5) \Rightarrow x = 5$ .

$\therefore$  Son's present age = 5 years.

\*1030. One year ago the ratio between Mahmood and Aslam's age was 4 : 3. One year hence the ratio of their age will be 5:4. What is the sum of their present ages in years? (অর্থাৎ এক বছর পূর্বে মাহমুদ ও আসলামের বয়সের অনুপাত ছিল ৪ঃ৩। এক বছর পরে তাদের বয়সের অনুপাত হবে ৫ঃ৪। তাদের বর্তমান বয়সের সমষ্টি কত বছর?)

- (a) 12                      (b) 15                      (c) 16                      (d) cannot be determined

সমাধান (c): ধরি, Mahmood-এর বয়স ছিল  $4x$

Aslam-এর বয়স ছিল  $3x$

বর্তমানে, Mahmood-এর বয়স =  $4x + 1$  বছর

Aslam-এর বয়স =  $3x + 1$                       "

1 বছর পর, Mahmood-এর বয়স =  $4x + 1 + 1$  বছর  
=  $4x + 2$                       "

Aslam-এর                      " =  $3x + 1 + 1$  বছর  
=  $3x + 2$                       "

So,  $4x + 2 : 3x + 2 = 5 : 4$

or,  $\frac{4x+2}{3x+2} = \frac{5}{4}$

or,  $16x + 8 = 15x + 10$

or,  $x = 2$

বর্তমানে, Mahmood-এর বয়স =  $4 \times 2 + 1 = 9$  বছর

Aslam-এর                      " =  $3 \times 2 + 1 = 7$  বছর

$\therefore$  তাদের বয়সের যোগফল =  $9 + 7 = 16$  বছর।

## Exercise on Ages

- ©1031. In 10 years, A will be twice as old as B was 10 years ago. If A is now 9 years older than B, the present age of B is: (অর্থাৎ দশ বছর পরে A হবে B-এর দশ বছর আগের বয়সের দ্বিগুণ। বর্তমানে B-এর চেয়ে A নয় বছর বড়। B-এর বর্তমান বয়স কত?)
- (a) 19                      (b) 29                      (c) 39                      (d) 49

সমাধান (b): বর্তমানে, A-এর বয়স = 9 + B

10 বছর পূর্বে, A-এর বয়স ছিল = 9 + B - 10 = B - 1 বছর।

B-এর বয়স ছিল = B - 10 বছর।

10 বছর পর, A-এর বয়স হবে = 9 + B + 10 = 19 + B বছর।

B-এর বয়স হবে = B + 10 বছর।

সুতরাং,  $19 + B = 2(B - 10)$

or,  $19 + B = 2B - 20$

or,  $B = 39$

∴ বর্তমানে B-এর বয়স 39.

- ©1032. The sum of the ages of a father and son is 45 years. Five years ago the product of their ages was 4 times the father's age at that time. The present ages of the father and son, respectively are: (অর্থাৎ পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৪৫ বছর। পাঁচ বছর আগে তাদের বয়সের গুণফল সেই সময়ে পিতার বয়সের চারগুণ ছিল। পিতা ও পুত্রের বর্তমান বয়স কথাক্রমেঃ)

(a) 25, 10                      (b) 36, 9                      (c) 39, 6                      (d) none

সমাধান : ১ম নিয়ম (b): কঠিন মনে হলেও এসব অংক আসলে খুবই সহজঃ Let the present ages of father and son be  $x$  years and  $(45 - x)$  years.

Then,  $(x - 5)(45 - x - 5) = 4(x - 5)$  or  $x^2 + 41x - 180 = 0$  or  $x = 36$ .

$x^2 - 36x - 5x + 180 = 0$ ;  $(x - 36)(x - 5) = 0$ ; ∴  $x = 36$  years

∴ The present ages of father and son are 36 years and 9 years respectively.

অথবা

Son = S, Father = 45 - S ; 5 বছর আগে S - 5 = Son

Father = 45 - S - 5 = 40 - S

∴  $(S - 5)(40 - S) = 4(40 - S) \Rightarrow S - 5 = 4 \Rightarrow S = 9$ ; Father = 45 - 9 = 36;

### Exercise on Ages

২য় নিয়ম : (Shortcut)

Option গুলো check করলেও করা যাবে।

Option (a) : ৫ বছর পূর্বে, পিতার বয়স হবে 20

পুত্রের " " 5

$$20 \times 5 = 4 \times 20 \text{ not accepted.}$$

Option (b) :  $31 \times 4 = 31 \times 4$  সুতরাং, এটিই উত্তর।

©1033. The difference between the ages of two persons is 10 years. 15 years ago, the elder one was twice as old as the younger one. The present age of the elder person is: (অর্থাৎ দুই জন লোকের বয়সের পার্থক্য ১০ বছর। ১৫ বছর আগে বড় জনের বয়স ছিল ছোটজনের দ্বিগুন। বড় জনের বর্তমান বয়স কত?)

(a) 25

(b) 35

(c) 45

(d) 55

সমাধান (b): Let the present age of the elder person be  $x$  years.

Then, present age of the other person =  $(x - 10)$  years.

$$(x - 15) = 2(x - 10 - 15) \Rightarrow x = 35;$$

∴ The present age of the elder person is 35 years.

©1034. 10 years ago, Neli's mother was 4 times older than her daughter. After 10 years, the mother will be twice older than the daughter. The present age of Neli is : (অর্থাৎ দশ বছর আগে নেলীর মা ছিল তার কন্যার তুলনায় চারগুণ বড়। দশ বছর পরে মাতার বয়স হবে কন্যার দ্বিগুণ। নেলীর বর্তমান বয়স কত?)

(a) 5

(b) 10

(c) 20

(d) 30

সমাধান (c): প্রশ্নমতে এখন থেকে 10 বছর, মানে তখন থেকে 20 বছর পরে অবস্থা: Let Neli's age 10 years ago be  $x$  years. Mother's age 10 years ago =  $4x$  years.

$$2(x + 20) = (4x + 20) \Rightarrow x = 10. \text{ Present age of Neli} = (x + 10) = 20 \text{ years.}$$

©1035. Kamola got married 6 years ago. Today her age is  $1\frac{1}{4}$  times her age at the time of marriage. Her son's age is  $\frac{1}{10}$  times her age. Her son's age is: (অর্থাৎ কমলার বিয়ে হয়েছে ৬ বছর আগে। এখন তার বয়স বিয়ের সময়ের বয়সের  $1\frac{1}{4}$  গুন। তার পুত্রের বয়স তার বয়সের  $\frac{1}{10}$  গুন। পুত্রের বয়স কত?)

(a) 2

(b) 3

(c) 4

(d) 5

সমাধান (b): Let Kamola's age 6 years ago be  $x$  years.  
Then, Kamola's present age =  $(x + 6)$  years.

এই present age ছয় বছর আগের বয়স  $x$ -এর  $1\frac{1}{4}$  বা  $\frac{5}{4}$  গুণ

$$\therefore x + 6 = \frac{5}{4}x \Rightarrow 4x + 24 = 5x \Rightarrow x = 24$$

$\therefore$  Kamola's present age = 30 years.

$$\text{Son's present age} = \left(\frac{1}{10} \times 30\right) = 3 \text{ years}$$

©1036. The age of a father 10 years ago was thrice the age of his son. 10 years hence, the father's age will be twice that of his son. The ratio of their present ages is: (অর্থাৎ দশ বছর আগে পিতার বয়স ছিল পুত্রের বয়সের তিনগুণ। দশ বছর পরে পিতার বয়স হবে পুত্রের বয়সের দ্বিগুণ। পিতা ও পুত্রের বর্তমানে বয়সের অনুপাত হবেঃ)

(a) 8 : 5      (b) 7 : 3      (c) 5 : 2      (d) 9 : 5

সমাধান (b): Let son's age 10 years ago be  $x$  years. Father's age 10 years ago =  $(3x)$  years.  
 $3x + 20 = 2(x + 20) \Rightarrow x = 20$ . Ratio of their present ages =  $(3x + 10 : x + 10)$   
 $= 70 : 30 = 7 : 3$ .

©1037. 1 year ago a father was 4 times as old as his son. In 6 years time, his age exceeds twice his son's age by 9 years. Ratio of their ages is: (অর্থাৎ ১ বছর আগে পিতার বয়স ছিলো পুত্রের বয়সের ৪ গুণ। ৬ বছর পরে তার বয়স পুত্রের বয়সের দ্বিগুণের চেয়ে ৯ বেশী হবে। তাদের বয়সের অনুপাত কত?)

(a) 13 : 4      (b) 12 : 5      (c) 11 : 3      (d) 9 : 2

সমাধান (c): ১ বছর আগে,

ধরি, পুত্রের বয়স ছিল  $x$  বছর

পিতার " "  $4x$

বর্তমানে, পুত্রের বয়স =  $x + 1$  বছর

পিতার " " =  $4x + 1$  বছর

6 বছর পর, পুত্রের বয়স হবে =  $x + 7$  বছর

পিতার " " =  $4x + 7$  বছর

$$\text{সুতরাং, } 4x + 7 = 2(x + 7) + 9$$

$$\text{or, } 4x + 7 = 2x + 14 + 9$$

$$\text{or, } 2x = 16; \text{ or, } x = 8$$

$$\text{বর্তমানে তাদের বয়সের অনুপাত } 4x + 1 : 4x + 1; = 33 : 9; = 11 : 3$$

## Exercise on Ages

1038. 3 years ago the average age of A & B was 18 years. With C joining them, the average becomes 22 years. How old is C now? (অর্থাৎ তিন বৎসর আগে A ও B-এর বয়সের গড় ছিল ১৮ বছর। A ও B-এর সঙ্গে C যোগ দেওয়ায় তাদের বয়সের গড় হয় ২২ বছর। C-এর এখন বয়স কত?)

- (a) 24                      (b) 27                      (c) 28                      (d) 30

সমাধান (a): Sum of ages of A & B, 3 years ago =  $(18 \times 2) = 36$  years;  
Sum of ages of A, B and C, now =  $(22 \times 3) = 66$  years.  
Sum of ages of A and B, now =  $(36 + 3 \times 2)$  years = 42 years.  
 $\therefore$  C's age =  $(66 - 42) = 24$  years.

1039. Javed is as much younger to Anam as he is older to Pintu. If the sum of the ages of Anam and Pintu is 48 years, what is the age of Javed? (অর্থাৎ আনামের চেয়ে জাভেদ ততখানি ছোট যতখানি বড় পিন্টুর চেয়ে। আনাম এবং পিন্টুর বয়সের সমষ্টি ৪৮ হলে জাভেদের বয়স কত?)

- (a) 20                      (b) 24                      (c) 30                      (d) cannot be determined

সমাধান (b): The names in increasing age order = Pintu, Javed, Anam  
প্রথমতে, Anam's age – Javed's age = Javed's age – Pintu's age.  
Let Anam's age =  $x$  years. Then, Pintu's age =  $(48 - x)$  years.  
Let the age of Javed be  $p$  years.  
Then,  $p - (48 - x) = x - p \Rightarrow 2p = 48 \Rightarrow p = 24$ .

1040. Ten years ago A was half of B in age. If the ratio of their present ages is 3:4, what will be the total of their present ages? (অর্থাৎ দশ বৎসর আগে A-এর বয়স ছিল B-এর বয়সের অর্ধেক। যদি তাদের বর্তমান বয়সের অনুপাত হয় ৩:৪ তাহলে তাদের বয়সের যোগফল কত হবে?)

- (a) 8                      (b) 20                      (c) 35                      (d) 45

সমাধান (c): Let A's age 10 years ago =  $x$  years. Then, B's age 10 years ago =  $2x$  years.

$$\frac{x+10}{2x+10} = \frac{3}{4} \Rightarrow 4(x+10) = 3(2x+10) \Rightarrow x = 5.$$

Total of their present ages =  $(x + 10 + 2x + 10) = (3x + 20) = 35$  years.

বিগত বছরগুলোর বিভিন্ন পরীক্ষায় আসা কিছু **problems** ও এদের সমাধান

1041. The ages of A and B are in the ratio of 8 : 5. If the sum of their ages is 39 years, what will be the ratio of their ages after 9 years?

*Bangladesh Krishi Bank, Senior Officer, - 2011*

(a) 3:2

(b) 8:7

(c) 10:7

(d) 11:8

সমাধান (d): এখানে বলা হচ্ছে, A এবং B-এর বয়সের অনুপাত 8 : 5

∴ অনুপাত রক্ষিতলোর যোগফল = (8 + 5) = 13; A-এর বর্তমান বয়স 39 এর  $\frac{8}{13} = 24$  বছর এবং

B-এর বর্তমান বয়স 39 এর  $\frac{5}{13} = 15$  "

∴ 9 বছর পর A-এর বয়স হবে  $24 + 9 = 33$

এবং 9 " " B- " " "  $15 + 9 = 24$

∴ A & B এর বয়সের অনুপাত =  $33 : 24 = 11 : 8$

1042. Son's age is one-third of father's age. In 12 years from now son's age will be one-half of the father's age. What is the age of the son at present?

*Rupali Bank Ltd.(RBL) -2010*

a. 6

b. 10

c. 24

d. 12

e. 28

সমাধান (d): Son-এর বয়স S হলে Father = 3S;

12 বছর পর  $2(S + 12) = F + 12 \Rightarrow 2S + 24 = F + 12$

$\Rightarrow 2S + 24 = 3S + 12 \Rightarrow S = 12$

1043. In a room, all except 18 of the people are above 50 years of age. If 15 of the people in the room are under 50 years of age, how many people are in the room?

*MBA 2004 - 2005*

(A) 27

(B) 30

(C) 33

(D) 36

(E) can't be determined

সমাধান (E): প্রথমে বলা হলো শুধুমাত্র 18 জন ছাড়া সকলেই 50 বছরের উপরে। ∴ 50 অবধি 50 years-এর নিচে 18 জন। আবার বলা হচ্ছে 15 জনের বয়স 50 years-এর নিচে। দু'রকম বক্তব্য। অন্যদিকে 50 years-এর উপরে কতজন তা নির্ণয় করা যাচ্ছে না। ∴ উত্তর (E)

# Time & Distance





## 13



## Time &amp; Distance

**Speed** মানে দ্রুতি বা গতি। (বেগ বলা ঠিক হবেনা, কারণ বেগ বা Velocity ও দ্রুতির মধ্যে পার্থক্য আছে যেটার আলোচনা এখানে নিশ্চরোজন)। একক সময়ে (অর্থাৎ ১ সেকেন্ডে বা মিনিটে বা ঘণ্টায়) অতিক্রম করা distance বা দূরত্বকে Speed বলে। নীচের formula-গুলো খুব মনোযোগ দিয়ে দেখুন।

**Formulas**

$$(i) \text{ Speed} = \frac{\text{Distance}}{\text{Time}} \quad (ii) \text{ Time} = \frac{\text{Distance}}{\text{Speed}} \quad (iii) \text{ Distance} = (\text{Speed} \times \text{Time}) \Rightarrow d = s \times t$$

(iv) If a certain distance is covered at  $x$  km/hr & the same distance is covered at  $y$  km/hr, then

the average speed during whole journey is  $\left(\frac{2xy}{x+y}\right)$  km/hr. অর্থাৎ কোনো একটা নির্দিষ্ট দূরত্ব ( $d$ )

ঘণ্টায়  $x$  কি.মি. বেগে অতিক্রম করা হলো ও ঐ একই দূরত্ব  $y$  কি.মি. বেগে অতিক্রম করা হলো, তবে পুরো যাত্রার জন্য গড় বেগ

$$= \frac{\text{Total distance}}{\text{Total Time}} = \frac{d+d}{\frac{d}{x} + \frac{d}{y}} = \frac{2d}{d\left(\frac{x+y}{xy}\right)} = \frac{2xy}{x+y}$$

(v) If the speed of a body is changed in the ratio  $a : b$ , then the ratio of the time taken changes in the ratio  $b : a$ .

$$(vi) 1 \text{ km/hour} = \frac{1000 \text{ meter}}{60 \times 60 \text{ second}} = \frac{10}{6 \times 6} \text{ m/s} = \frac{5}{18} \text{ m/s}$$

$$(vii) x \text{ km/hr} = \left(x \times \frac{5}{18}\right) \text{ m/sec.}$$

$$(viii) x \text{ meters/ sec.} = \left(x \times \frac{18}{5}\right) \text{ km/hr.}$$

(ix) If the ratio of the speeds of A : B is  $a : b$ , then the ratio of the times taken by them to cover the same distance is  $\frac{1}{a} : \frac{1}{b} \Rightarrow b : a$  (অর্থাৎ A এবং B-এর বেগের অনুপাত  $a : b$  হলে, একই দূরত্ব

অতিক্রম করতে তাদের যে সময় লাগে তার অনুপাত হলো  $b : a$ .)

## Solved Examples

- 1044. Example:** (i) Convert 45 km/hr into meters/ sec. (অর্থাৎ ৪৫ কিমি/ঘন্টা কে মিঃ/সেঃ এ রূপান্তরিত করুন।)  
(ii) Convert 6 meters/ sec. into km/hr. (অর্থাৎ ৬ মিঃ/সেঃ কে কিমি/ঘন্টার রূপান্তরিত করুন।)

**Solution:**

(i)  $45 \text{ km/hr} = \left(45 \times \frac{5}{18}\right) \text{ m/sec.} = 12.5 \text{ m/sec}$

(ii)  $6 \text{ m/sec} = \left(6 \times \frac{18}{5}\right) \text{ km/hr.} = 21.6 \text{ km/hr.}$

- 1045. Example:** Hasan covers a certain distance by a car driving at 70 km/hr & he returns back at the starting point riding on a scooter at 55 km/hr. Find his average speed for the whole journey. (অর্থাৎ হাসান ৭০ কিমি/ঘন্টা বেগে গাড়ি চালিয়ে কোন দূরত্ব অতিক্রম করে এবং ৫৫ কিমি/ঘন্টা বেগে স্কুটারে চেপে পূর্বের স্থানে ফিরে আসে তবে গড় গতিবেগ কত?)

**Solution:** Average speed =  $\left(\frac{2 \times 70 \times 55}{70 + 55}\right) \text{ km/hr} = 61.6 \text{ km/hr.}$

- 1046. Example:** A man covers a certain distance between his house and office on scooter. Having an average speed of 30 km/hr, he is late by 10 min. However, with a speed of 40 km/hr, he reaches his office 5 min. earlier. Find the distance between his house and office. (অর্থাৎ ৩০ কিমি/ঘন্টা বেগে চললে কোন ব্যক্তি বাসা থেকে অফিসে পৌঁছাতে ১০ মিনিট দেরী করে কিন্তু ৪০ কিমি/ঘন্টা বেগে চললে সে ৫ মিনিট আগে পৌঁছায়। বাসা ও অফিসের মধ্যকার দূরত্ব কত?)


**Solution:** Let the required distance be  $x$  km. Time taken to cover  $x$  km at 30 km/hr =  $\left(\frac{x}{30}\right)$  hrs. Time taken to cover  $x$  km at 40 km/hr =  $\left(\frac{x}{40}\right)$  hrs.

Difference between the times taken = 15 min =  $\frac{1}{4}$  hr.

$\therefore \frac{x}{30} - \frac{x}{40} = \frac{1}{4} \Rightarrow 4x - 3x = 30 \Rightarrow x = 30.$

Hence, the required distance is 30 km.

- 1047. Example:** The distance between two stations, Dhaka and Chittagong is 450 km. A train starts at 4 p.m. from Dhaka and moves towards Chittagong at an average speed of 60 km/hr. Another train starts from Chittagong at 3.20 p.m. and moves towards Dhaka at an average speed of 80 km/hr. How far from Dhaka will the two trains meet and at what time? (অর্থাৎ ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব ৪৫০ কিমি, বিকাল ৪টায় ৬০ কিমি বেগে একটি ট্রেন ঢাকা থেকে চট্টগ্রামের দিকে রওনা দেয়া অন্য একটি ট্রেন ৩:২০ বিকাল ৮০ কিমি বেগে একটি ট্রেন চট্টগ্রাম থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা করে। ঢাকা থেকে কত সময়ে উভয় ট্রেন একত্রে মিলিত হয়?)



**Solution:**

Suppose the trains meet at a distance of  $x$  km from Dhaka. Let the trains from Dhaka & Chittagong be A & B respectively. Then, [Time taken by B to cover  $450 - x$  km] - [Time taken by A to cover  $x$  km] =  $\frac{40}{60}$  hr [যেহেতু B ৪০ মিনিট বা  $\frac{40}{60}$  ঘণ্টা পূর্বে রওনা দিয়েছে সুতরাং তার meeting point-এ পৌছতে  $\frac{40}{60}$  hr বেশি লাগবে]

$$\frac{450 - x}{80} - \frac{x}{60} = \frac{40}{60}$$

$$\therefore \frac{450 - x}{80} - \frac{x}{60} = \frac{40}{60}$$

$$\therefore 3(450 - x) - 4x = 160 \Rightarrow 7x = 1190 \Rightarrow x = 170.$$

Thus, the trains meet at a distance of 170 km from Dhaka.

$$\text{Time taken by A to cover 170 km} = \left(\frac{170}{60}\right) \text{ hrs} = 2 \text{ hrs } 50 \text{ min.}$$

So, the trains meet at 6:50 p.m.

- 1048. Example:** Walking at  $\frac{3}{4}$  of his usual speed, a man is 10 minute to late to his office. Find his

usual time to cover the distance. (অর্থাৎ সচরাচর বেগের  $\frac{3}{4}$  গুণ বেগে হাটলে কোনো ব্যক্তি ১০ মিনিট দেরীতে অফিসে পৌছায়। সাধারণতঃ তার কত সময় লাগে?)

**Solution:**

Let usual time be  $x$  min.

$$\text{Time taken at } \frac{3}{4} \text{ of the usual speed} = \left(\frac{4}{3}x\right) \text{ min.}$$

$$\therefore \frac{4}{3}x - x = 10 \text{ or } 4x - 3x = 30 \text{ or } x = 30.$$

Hence, the usual time taken = 30 min.

### Time & Distance

**1049. Example:** A man cycles from A to B, a distance of 21 km in 1 hour 40 min. The road from A is level for 13 km and then it is uphill to B. The man's average speed on level is 15 km/hr. Find his average uphill speed. (অর্থাৎ সাইকেল ভ্রমণে কোন ব্যক্তি A থেকে B পর্যন্ত ২১ কিমি দূরত্ব ১ ঘণ্টা ৪০ মিনিটে অতিক্রম করে। A থেকে শুরু করে ১৩ কিমি পর্যন্ত রাস্তা সমতল, B পর্যন্ত বাকীটা ক্রম উর্ধ্বগামী পাহাড়ী রাস্তা। যদি সমতল ভূমিতে তার বেগ ১৫ কিমি/ঘণ্টা হয় তাহলে উর্ধ্বগামী রাস্তায় তার গতিবেগ কত?)

**Solution:**

মোট দূরত্ব = 21 km (13 km সমতল + ৮ km উঁচু) তার মোট সময় লাগে  
 $= 1 \frac{40}{60} \text{ hr} = 1 \frac{2}{3} \text{ hr} = \frac{5}{3} \text{ hr}.$

তাহলে সমতলভূমি অতিক্রমে সময় লাগে =  $\frac{\text{distance}}{\text{speed}} = \frac{13}{15} \text{ hr}$

তাহলে উঁচু পথ অতিক্রমে সময় লাগে =  $\frac{5}{3} - \frac{13}{15} = \frac{25 - 13}{15} = \frac{4}{5} \text{ hr}$

$\therefore$  উঁচু পথে average speed =  $\frac{\text{distance}}{\text{time}} = \frac{8 \text{ km}}{\frac{4}{5} \text{ hr}} = 10 \text{ km/hr}$

(গুণু speed-কেই অনেকসময় average speed লেখে, সময় দিয়ে ভাগ দেয়ার কারণে speed ভো আসলে সবসময়ই average)

## Exercise on Time & Distance

- \* 1050. A speed of 36 km/hr is the same: (অর্থাৎ ঘন্টায় ৩৬ কিলোমিটার নীচের কোন গতির সমান?)  
 (a) 10 (b) 7.2 (c) 2 (d) 129.6

সমাধান (a):  $36 \text{ km/hr} = \left(36 \times \frac{5}{18}\right) \text{ m/sec} = 10 \text{ m/sec}.$

অর্থাৎ km/hr-কে m/sec-এ নিম্নরূপে পরিবর্তন করা হয়েছে 1 ঘন্টায় যায় 1 কিলোমিটার

$\therefore 60 \times 60$  সেকেন্ডে যায় 1000 মিটার  $\therefore 1$  সেকেন্ডে যায়  $\frac{1000}{60 \times 60}$  মিটার =  $\frac{5}{18}$  m/sec.

এবং m/sec. থেকে km/hr-এ যেতে  $\frac{18}{5}$  দ্বারা গুণ করলেই চলে।

- \* 1051. A speed of 30.6 km/hr is the same as: (অর্থাৎ ঘন্টায় ৩০.৬ কিলোমিটার নীচের কোন গতির সমান?)  
 (a) 5.1 (b) 8.5 (c) 110.16 c (d) 1.7

সমাধান (b):  $30.6 \text{ km/hr} = \left(30.6 \times \frac{5}{18}\right) \text{ m/sec} = 8.5 \text{ m/sec}.$

- \* 1052. A speed of 55 m/sec is the same as: (অর্থাৎ সেকেন্ডে ৫৫ মিটার নীচের কোন গতির সমান?)

- (a) 198 (b) 11 (c)  $15 \frac{5}{18}$  (d) 275

সমাধান (a): km/hr-কে m/sec-এ পরিবর্তনের জন্য  $\frac{5}{18}$  দিয়ে গুণ আবার উল্টোদিকে m/sec-কে km/hr-এ

পরিবর্তনের জন্য উল্টো জিনিস অর্থাৎ  $\frac{18}{5}$  দিয়ে গুণ। গুরুত্ব Formula-গুলো দেখুন।

$55 \text{ m/sec} = \left(55 \times \frac{18}{5}\right) \text{ km/hr} = 198 \text{ km/hr}.$

- \* 1053. A speed of 22.5m/sec is the same as:(অর্থাৎ সেকেন্ডে ২২.৫ মিটার নীচের কোন গতির সমান?)  
 (a) 40.5 (b) 81 (c) 36.8. (d) 72

সমাধান (b):  $22.5 \text{ m/sec} = \left(22.5 \times \frac{18}{5}\right) \text{ km/hr} = 81 \text{ km/hr}.$

- \* 1054. A man crosses a street 600 m long in 5 minutes. His speed in km, per hour is:  
 (অর্থাৎ একটি লোক ৬০০ মিটারের একটি রাস্তা ৫ মিনিটে অতিক্রম করে। ঘন্টায় তার গতি কত কিলোমিটার?)

- (a) 7.2 (b) 3.6 (c) 10 (d) 8.4

সমাধান (a): Speed =  $\left(\frac{600}{5 \times 60}\right) \text{ m/sec} = \left(\frac{600}{5 \times 60} \times \frac{18}{5}\right) = 7.2 \text{ km/hr}.$

**Exercise on Time & Distance**

- \*1055. If a man covers 10.2 km in 3 hours, the distance covered by him in 5 hours is: (অর্থাৎ যদি এক ব্যক্তি ১০.২ কি.মি. রাস্তা ৩ ঘন্টায় যায়, ৫ ঘন্টায় ঐ ব্যক্তি কতটুকু দূরত্ব অতিক্রম করতে পারবে?)  
 (a) 18 (b) 15 (c) 16 (d) 17

সমাধান (d): Speed =  $\left(\frac{10.2}{3}\right)$  km/hr = 3.4 km/hr.

Distance covered in 5 hours =  $(3.4 \times 5)$  km = 17 km.

- \*1056. If a man takes 4 hours to cover a distance of 15 km, how much time will be needed to cover 63 km at the same speed: (অর্থাৎ একটা লোক ৪ ঘন্টায় ১৫ কি.মি. দূরত্ব অতিক্রম করে, তাহলে ঐ একই গতিতে ৬৩ কি.মি. অতিক্রম করতে কত সময় লাগবে?)  
 (a) 12 hrs 36 min (b) 16 hrs 48 min (c) 16hrs 4 min (d) 15 hrs 32 min

সমাধান (b): Required time =  $\left(\frac{4}{15} \times 63\right)$  hrs = 16 hrs 48 min.

- \*1057. A boy goes to school with a speed of 3 km/hr and returns to the village with a speed of 2 km/hr. If he takes 5 hours in all, the distance between the village and the school is: (অর্থাৎ একটি বালকের স্কুলে যাওয়ার বেগ ঘন্টায় ৩ কিলোমিটার এবং গ্রামে ফেরার বেগ ঘন্টায় ২ কিলোমিটার। যদি তার মোটের উপর ৫ ঘন্টা সময় লাগে তাহলে স্কুল ও গ্রামের মধ্যে দূরত্ব কত?)  
 (a) 6 (b) 7 (c) 8 (d) 9

সমাধান (a): Let the required distance be  $x$  km.

Then,  $\frac{x}{3} + \frac{x}{2} = 5$  or  $2x + 3x = 30$  or  $x = 6$

- \*1058. Excluding stoppages, the speed of a bus is 54 km/hr and including stoppages, it is 45 km/hr. For how many minutes does the bus stop per hour: (অর্থাৎ ষ্টপেজ ছাড়া একটি বাসের গতিবেগ ঘন্টায় ৫৪ কিলোমিটার এবং ষ্টপেজ সহ ৪৫ কিলোমিটার। বাসটি ঘন্টায় কত মিনিটের জন্য থামে?)  
 (a) 9 (b) 10 (c) 12 (d) 20

সমাধান (b): Due to stoppages, it covers 9 km less per hour.

Time taken to cover 9 km =  $\left(\frac{9}{54} \times 60\right)$  min = 10 min.

- ©1059. A & B are 2 towns. Farooq covers the distance from A to B on cycle at 16 km/hr. However, he covers the distance from B to A on foot a 9 km/hr. His average speed during the whole journey is: (অর্থাৎ A ও B দুইটি শহর। ফারুক A শহর থেকে B শহরে যায় সাইকেলে চড়ে ঘণ্টায় ১৬ কিলোমিটার বেগে। অবশ্য সে B শহর থেকে A শহরে পায়ে হেটে যায় ঘণ্টায় ৯ কি.মি বেগে। জমগে তার গড় গতি কত ছিল?)

(a) 12.5 (b) 10.25 (c) 11.52 (d) 12.32

সমাধান (c): Average speed =  $\left(\frac{2 \times 16 \times 9}{16 + 9}\right)$  km/hr = 11.52 km/hr

- ©1060. A train is moving at a speed of 92.4 km/hour. How many meters will it cover in 10 minutes? (অর্থাৎ একটি ট্রেন ঘণ্টায় ৯২.৪ কি.মি. বেগে চলে। ট্রেনটি ১০ মিনিটে কত মিটার অতিক্রম করবে?)

(a) 1540 (b) 15400 (c) 154 (d) 15.4

সমাধান (b): 92.4 km/hr =  $\left(92.4 \times \frac{5}{18}\right)$  m/sec.

∴ Distance covered in (10 × 60) sec =  $\left(92.4 \times \frac{5}{18} \times 10 \times 60\right)$  m = 15400 m.

- ©1061. A distance is covered in 2 hrs 45 min at 4 km/hr. How much time will be taken to cover it at 16.5 km/hr? (অর্থাৎ ঘণ্টায় ৪ কিমি বেগে ২ ঘণ্টা ৪৫ মিনিটে কিছু দূর গেলে ঘণ্টায় ১৬.৫ কিমি বেগে ঐ পথ বেতে কত সময় লাগবে?)

(a) 40 (b) 41 (c) 45 (d) 90

সমাধান (a): Distance =  $\left(4 \times 2 \frac{3}{4}\right) = \left(4 \times \frac{11}{4}\right) = 11$  km ;

Time taken to cover it at 16.5 km/hr =  $\left(\frac{11}{16.5} \times 60\right)$  min = 40 min.

- ©1062. 2 cyclists A & B start from the same place at the same time, one going towards north at 18 km/hr & other going towards south at 20 km/hr. What time will they take to be 95 km apart? (অর্থাৎ দুজন সাইকেল চালক A ও B একই জায়গা থেকে একই সময়ে একজন উত্তর দিকে ঘণ্টায় ১৮ কিলোমিটার বেগে এবং অন্যজন দক্ষিণ দিকে ঘণ্টায় ২০ কি.মি: বেগে রওয়ানা দেয়। তাদের মধ্যে দূরত্ব ৯৫ কি.মি: হতে কত সময় লাগবে?)

(a) 4 hrs 30 min (b) 4 hrs 45 min (c) 5 hrs 16 min (d) 2 hrs 30 min

সমাধান (d): They are 38 km apart in 1 hr.

∴ They will be 95 km apart in  $\left(\frac{1}{38} \times 95\right)$  hrs = 2 hours 30 min.

Exercise on Time & Distance
-----------------------------

©1063. Pial covers  $\frac{2}{3}$  of a certain distance at 4 km/hr & the remaining distance at 5

km/hr. If he takes 42 minutes in all, the distance is: (অর্থাৎ পিয়াল একটি নির্দিষ্ট দূরত্বের দুই-তৃতীয়াংশ শেষ করে ঘন্টায় ৪ কিলোমিটার এবং অবশিষ্ট দূরত্ব ঘন্টায় ৫ কিলোমিটার বেগে। মোট দূরত্ব অতিক্রম করতে ৪২ মিনিট সময় লাগলে ঐ দূরত্ব কত?)

- (a) 2.5 (b) 4.6 (c) 4 (d) 3

সমাধান (d): Let total distance be  $x$  km.

$$\text{Then, } \frac{2}{3}x \cdot \frac{1}{4} + \frac{1}{3}x \cdot \frac{1}{5} = \frac{42}{60} \text{ or } \frac{x}{6} + \frac{x}{15} = \frac{7}{10} \text{ or } 5x + 2x = 21 \text{ or } x = 3.$$

∴ Required distance = 3 km.

©1064. A man performs  $\frac{2}{15}$  of the total journey by rail  $\frac{9}{20}$  by train and the remaining

10 km on foot, His total journey is: (অর্থাৎ এক ব্যক্তি  $\frac{2}{15}$  অংশ রেলে,  $\frac{9}{20}$  অংশ ট্রেনে এবং অবশিষ্ট ১০ কিলোমিটার পায়ে হেঁটে ভ্রমণ করে। উক্ত ব্যক্তি মোট কত কিলোমিটার ভ্রমণ করল?)

- (a) 15.6 (b) 12.8 (c) 16.4 (d) 24

সমাধান (d): Let total journey be  $x$  km.

$$\therefore \frac{2}{15}x + \frac{9}{20}x + 10 = x \Rightarrow \text{or } 8x + 27x + 600 = 60x \Rightarrow x = 24.$$

∴ Total journey = 24 km.

©1065. Rahim covers a certain distance in 14 hrs 40 min. He covers one half of the distance by train at 60 km/hr and the rest half by road at 50 km/hr. The

distance traveled by him is: (অর্থাৎ রহিম ১৪ ঘন্টা ৪০ মিনিটে একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করে। সে ঐ দূরত্বের অর্ধেক ঘন্টায় ৬০ কিলোমিটার গতিতে ট্রেনে এবং অবশিষ্ট অর্ধেক বাসে করে ঘন্টায় ৫০ কিলোমিটার গতিতে ভ্রমণ করে। সে মোট কত কিলোমিটার গেলো?)

- (a) 960 (b) 720 (c) 1000 (d) 800

সমাধান (d): Let the total distance be  $x$  km.

$$\text{Then, } \frac{x}{2} \times \frac{1}{60} + \frac{x}{2} \times \frac{1}{50} = \frac{44}{3} \text{ or } \frac{x}{120} + \frac{x}{100} = \frac{44}{3} = 5x + 6x = 8800 \text{ or } x = 800.$$

∴ Required distance = 800 km.



- ©1066. A car completes a certain journey in 8 hours. It covers half the distance at 40 km/hr and the rest at 60 km/hr. The length of the journey is: (অর্ধাংশ একটি গাড়ী ৮ ঘণ্টায় ভ্রমণ শেষ করে। যদি গাড়ীটি মোট দূরত্বের অর্ধেক ঘণ্টায় ৪০ কিলোমিটার গতিতে এবং বাকীটা ৬০ কিলোমিটার গতিতে ভ্রমণ করে তবে গাড়ীটি মোট কত কিলোমিটার ভ্রমণ করেছে?)
- (a) 350 (b) 420 (c) 384 (d) 400

সমাধান (c): Let the total journey be  $x$  km.  $\frac{x}{2} \cdot \frac{1}{40} + \frac{x}{2} \cdot \frac{1}{60} = 8 \Rightarrow \frac{x}{80} + \frac{x}{120} = 8.$

$$\therefore 3x + 2x = 1920 \Rightarrow x = 384 \text{ km.}$$

- ©1067. A and B are two stations. A train goes from A to B at 64 km/hr and returns to A at a slower speed. If its average speed for the whole journey is 56 km/hr, at what speed did it return: (অর্থাৎ A ও B দুইটি স্টেশন। স্টেশন A থেকে স্টেশন B তে একটি ট্রেন যায় ঘণ্টায় ৬৪ কিলোমিটার বেগে এবং ফিরে আসে আগের তুলনায় কম গতিতে। যদি ট্রেনটির মোট ভ্রমণের গড় গতি ঘণ্টায় ৫৬ কিলোমিটার হয় তাহলে ফিরে আসার গতিবেগ কত?)
- (a) 48 (b) 49.77 (c) 52 (d) 47.46

সমাধান (b): Let required speed be  $x$ .  $\therefore \frac{2 \times 64 \times x}{64 + x} = 56 \Rightarrow 128x = 64 \times 56 + 56x.$

$$\therefore x = \frac{64 \times 56}{72} = 49.77 \text{ km/hr.}$$

- ©1068. A car covers four successive three km stretches at speeds of 10 km/hr, 20 km/hr, 30 km/hr and 60 km/hr respectively. Its average speed over this distance is: (অর্থাৎ একটি গাড়ী চারটি পর্যায়ক্রমিক তিন কিলোমিটারের দূরত্ব অভিক্রম করে যথাক্রমে ঘণ্টায় ১০, ২০, ৩০ ও ৬০ কিলোমিটার গতিতে। উক্ত দূরত্বের গড় গতিবেগ কত?)
- (a) 10 (b) 20 (c) 30 (d) 25

সমাধান (b): Total time taken =  $\left( \frac{3}{10} + \frac{3}{20} + \frac{3}{30} + \frac{3}{60} \right) \text{ hrs} = \frac{3}{5} \text{ hrs.}$

$$\therefore \text{Average speed} = \left\{ \frac{12}{\frac{3}{5}} \right\} = \left( \frac{12 \times 5}{3} \right) = 20 \text{ km/hr}$$

- ©1069. Two men start together to walk to a certain destination, one at 3.75 km an hour and another at 3 km an hour. The former arrives half an hour before the later. The distance is: (অর্থাৎ দুই ব্যক্তি একটি নির্দিষ্ট গন্তব্যের দিকে একত্রে হাঁটা শুরু করল। তাদের একজন ঘণ্টায় ৩.৭৫ কিলোমিটার এবং অন্যজন ঘণ্টায় ৩ কিলোমিটার বেগে রওনা করায় প্রথমজন পরেরজন থেকে আধ ঘণ্টা আগে উপস্থিত হল। দূরত্ব কত ছিল?)
- (a) 9.5 (b) 8 (c) 7.5 (d) 6

Exercise on Time & Distance

সমাধান (c): Let the distance be  $x$  km. Then,  $\frac{x}{3} - \frac{x}{3.75} = \frac{1}{2}$  or  $\frac{3.75x - 3x}{3 \times 3.75} = \frac{1}{2}$   
 or  $1.5x = 3 \times 3.75$  or  $x = \frac{3 \times 3.75}{1.5} = 7.5$  km

- ©1070. A train covers a distance in 50 minutes, if it runs at a speed of 48 km per hour on an average. The speed at which the train must run to reduce the time of journey to 40 minutes, will be: (অর্থাৎ যদি একটি ট্রেন গড়ে ঘণ্টায় ৪৮ কিলোমিটার বেগে চলে তাহলে ৫০ মিনিটে একটি দূরত্ব অতিক্রম করে। ট্রেনটির গতি কত হলে ভ্রমণ সময় ৪০ মিনিটে নেমে আসবে?)  
 (a) 50 (b) 55 (c) 60 (d) 70

সমাধান (c): Distance =  $\left(48 \times \frac{50}{60}\right)$  km = 40 km.

Required speed =  $\left(\frac{40}{40/60}\right)$  km/hr =  $\left(\frac{40 \times 60}{40}\right)$  km/hr. = 60 km/hr.

- ©1071. Sakib has to cover a distance of 6 km in 45 minutes. If he covers one half of the distance in  $\frac{2}{3}$  rd time, what should be his speed to cover the remaining distance in the remaining time: (অর্থাৎ সাকিবকে ৬ কিলোমিটার অতিক্রম করতে হয় ৪৫ মিনিটে। যদি সে অর্ধেক দূরত্ব শেষ করে  $\frac{২}{৩}$  ভাগ সময়ে তাহলে অবশিষ্ট সময়ে বাকী দূরত্বটুকু অতিক্রম করতে হলে বেগ কি হওয়া উচিত?)  
 (a) 12 (b) 16 (c) 3 (d) 8

সমাধান (a): Time left  $\left(\frac{1}{3} \times \frac{45}{60}\right)$  hr =  $\frac{1}{4}$  hr. Distance left = 3 km.

∴ Speed required =  $\left(3 + \frac{1}{4}\right)$  = 12 km/hr.

- ©1072. X and Y are two stations 500 km apart. A train starts from X and moves towards Y at 20 km/hr. Another train starts from Y at the same time and moves towards X at 30 km/hr. How far from X will they cross each other: (অর্থাৎ X ও Y নামে দুটি স্টেশন ৫০০ কিলোমিটার দূরত্বে অবস্থিত। X স্টেশন থেকে Y স্টেশনের দিকে একটি ট্রেন যাত্রা শুরু করে ঘণ্টায় ২০ কিলোমিটার বেগে। অন্য একটি ট্রেন Y স্টেশন থেকে একই সময়ে X স্টেশন অভিমুখে ঘণ্টায় ৩০ কিলোমিটার বেগে রওনা হয়। X স্টেশন থেকে কত দূরে ট্রেন দুটি একে অপরকে অতিক্রম করবে?)  
 (a) 200 (b) 300 (c) 120 (d) 40

সমাধান (a): Suppose they meet  $x$  km from X. যেহেতু সমপরিমাণ সময় অতিবাহিত হবার পর ট্রেন

দুটো মিলিত হয় ∴  $\frac{x}{20} = \frac{500-x}{30} \Rightarrow 30x = 10000 - 20x \Rightarrow x = 200$  km.

- ©1073. Two trains start at the same time from Dhaka and Chittagong and proceed towards each other at 16 km/hr and 21 km/hr respectively. When they meet, it is found that one train has travelled 60 km more than the other. The distance between the two stations is: (অর্থাৎ দুইটি ট্রেন একই সময়ে ঢাকা ও চট্টগ্রাম থেকে রওনা হয় এবং পরস্পরের দিকে এগিয়ে যায় যথাক্রমে ঘণ্টায় ১৬ ও ২১ কিলোমিটার বেগে। দেখা গেল উভয়ের সাক্ষাতের সময় একটি ট্রেন অন্যটির তুলনায় ৬০ কিলোমিটার বেশী চলেছে। স্টেশন দুটির মধ্যে দূরত্ব কত?)
- (a) 445 (b) 444 (c) 440 (d) 450

সমাধান (b): Suppose they meet after  $x$  hours. Then,  $21x - 16x = 60$  or  $x = 12$ .  
 $\therefore$  Required distance =  $16 \times 12 + 21 \times 12 = 444$  km.

- ©1074. A thief steals a car at 1.30 p.m. and drives it at 40 km an hour. The theft is discovered at 2 p.m. and the owner sets off in another car at 50 km an hour. He will overtake the thief at: (অর্থাৎ এক চোর দুপুর দেড়টায় একটি গাড়ী চুরি করে এবং ঘণ্টায় ৪০ কিলোমিটার বেগে গাড়ী চালায়। চুরির ঘটনাটি জানাজানি হয় দুপুর ২ টায় এবং গাড়ীর মালিক অন্য একটি গাড়ী নিয়ে ঘণ্টায় ৫০ কিলোমিটার বেগে যাত্রা করে। গাড়ীর মালিক চোরকে অতিক্রম করবে কয়টার সময়?)
- (a) 3.30 (b) 4 (c) 4.30 (d) 6

সমাধান (b): Distance covered by thief in  $\frac{1}{2}$  hour = 20 km. অর্থাৎ চোর 20 km এগিয়ে থাকল।  
 Now, 20 km is compensated by the owner at a relative speed of 10 km/hr in 2 hours. So, he overtakes the thief at 4 p.m.

- ©1075. Tipu travels a certain distance at 3 km/hr & reaches 15 minute late. If he travels at 4 km/hr, he reaches 15 min. earlier. The distance he has to travel is: (অর্থাৎ টিপু ঘণ্টায় ৩ কিলোমিটার বেগে একটি নির্দিষ্ট দূরত্ব ভ্রমণ করে এবং ১৫ মিনিট বিলম্বে পৌঁছে। যদি সে ঘণ্টায় ৪ কিলোমিটার বেগে ভ্রমণ করে অতুলে ১৫ মিনিট আগে পৌঁছায়। তাকে কতটুকু দূরত্ব ভ্রমণ করতে হবে?)
- (a) 4.5 (b) 6 (c) 7.2 (d) 12

সমাধান (b): Example 3-এর অনুরূপ অংক এটি।

Let the distance be  $x$  km. Then,  $\frac{x}{3} - \frac{x}{4} = \frac{30}{60}$  or  $\frac{4x - 3x}{12} = \frac{1}{2}$  or  $x = 6$  km.

- ©1076. A man travels 35 km partly at 4 km/hr and at 5 km/hr. If he covers former distance at 5 km/hr and later distance at 4 km/hr, he could cover 2 km more in the same time. The time taken to cover the whole distance at original rate is: (অর্থাৎ এক লোক ৩৫ কিলোমিটারের কিছুটা ঘণ্টায় ৪ কিলোমিটার এবং বাকীটা ঘণ্টায় ৫ কিলোমিটার বেগে ভ্রমণ করে। যদি সে প্রথম দূরত্ব ঘণ্টায় ৫ কিলোমিটার এবং পরের দূরত্ব ঘণ্টায় ৪ কিলোমিটার বেগে ভ্রমণ করে তাহলে সে একই সময়ে আরো ২ কিলোমিটার বেশী ভ্রমণ করতে পারে। মোট দূরত্ব শেষ করতে আসল গতিতে কত সময় লাগবে?)
- (a) 9 (b) 7 (c)  $4\frac{1}{2}$  (d) 8

\* = Easy; © = Medium; □ = Hard

**Exercise on Time & Distance**

**সমাধান (d):** Suppose the man covers first distance in  $x$  hrs and second distance in  $y$  hrs.  
Then,  $4x + 5y = 35$  &  $5x + 4y = 37$ .  
Solving these equations, we get  $x = 5$  and  $y = 3$ .  
 $\therefore$  Total time taken =  $5 + 3 = 8$  hrs.

©1077. A man, on tour, travels first 160 km at 64 km/hr and the next 160 km at 80 km/hr. The average speed for the first 320 km of the tour, is: (অর্থাৎ এক লোক ভ্রমণের প্রথম ১৬০ কিলোমিটার যায় ঘণ্টায় ৬৪ কিলোমিটার বেগে এবং পরবর্তী ১৬০ কিলোমিটার যায় ঘণ্টায় ৮০ কিলোমিটার বেগে। ভ্রমণে প্রথম ৩২০ কিলোমিটারের জন্য গড় গতি কত?)  
(a) 35.55 (b) 71.11 (c) 36 (d) 72

**সমাধান (b):** Average speed =  $\left(\frac{2 \times 64 \times 80}{64 + 80}\right)$  km/hr. =  $\left(\frac{2 \times 64 \times 80}{144}\right)$  km/h = 71.11 km/hr.

©1079. The ratio between the rates of walking of A and B is 2 : 3. If the time taken by B to cover a certain distance is 36 minutes, the time taken by A to cover that much distance is: (অর্থাৎ A এবং B এর হটার হারের অনুপাত ২ঃ৩। যদি B একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করতে ৩৬ মিনিট সময় নেয় তাহলে A ঐ পরিমাণ দূরত্ব অতিক্রম করতে কত সময় নিবে?)  
(a) 24 (b) 54 (c) 48 (d) 21.6

**সমাধান (b):** Formula (ix) দেখুন। Ratio of times taken =  $\frac{1}{2} : \frac{1}{3}$ .

$$\therefore \frac{1}{2} : \frac{1}{3} = x : 36 \text{ or } \frac{1}{3} \times x = \frac{1}{2} \times 36 \text{ or } x = 54 \text{ min}$$

©1080. If a boy takes as much time in running 10 m as a car takes in covering 25 m, the distance covered by the boy during the time the car covers 1 km, is: (অর্থাৎ একটি বালক ১০ মিটার দৌড়াতে যত সময় নেয় ঠিক ততটুকু সময়ে একটি গাড়ী ২৫ মিটার দূরত্ব অতিক্রম করে। গাড়ীটি ১ কিলোমিটার দূরত্ব অতিক্রম করতে যে সময় নেয় বালকটি ঐ সময়ে কতটুকু দূরত্ব অতিক্রম করবে?)  
(a) 400 (b) 40 (c) 250 (d) 650

**সমাধান (a):**  $25 : 10 :: 1000 : x$  or  $x = \frac{10 \times 1000}{25} = 400$  m.

- ©1081. A man goes uphill with an average speed of 35 km/hr and comes down with an average speed of 45 km/hr. The distance traveled in both the cases being the same, the average speed for the entire journey is: (অর্থাৎ এক লোক উপরে উঠে ঘন্টায় ৩৫ কিলোমিটার বেগে এবং নিচে নামে ঘন্টায় ৪৫ কিলোমিটার বেগে। উপরে উঠা এবং নিচে নামা উভয়ক্ষেত্রে ভ্রমণের দূরত্ব একই হলে পুরো ভ্রমণের গড় গতি কত?)


(a)  $38\frac{3}{8}$  (b)  $39\frac{3}{8}$  (c) 40 (d) none

সমাধান (b): Average speed =  $\left(\frac{2 \times 35 \times 45}{35 + 45}\right)$  km/hr =  $39\frac{3}{8}$  km/hr.

- ©1082. Sabbir started cycling along the boundaries of a square field from corner point A. After half an hour, he reached the corner point C, diagonally opposite to A. If his speed was 8 km/hr, what is the area of the field in square km: (অর্থাৎ সাক্বির একটি বর্গক্ষেত্রাকার মাঠের A কোণা থেকে মাঠের সীমানা বরাবর সাইকেল চালানো শুরু করল। আধ ঘন্টা পরে সে C কোণায় পৌঁছাল যা কর্ণ বরাবর A-এর ঠিক বিপরীতে অবস্থিত। যদি তার গতি ঘন্টায় ৮ কিলোমিটার হয় তাহলে মাঠটির ক্ষেত্রফল কত বর্গ কিলোমিটার?)

(a) 64 (b) 8 (c) 4 (d) cannot be determined

সমাধান (c):



অর্ধঘন্টায় সে যায়  $\left(8 \times \frac{1}{2}\right) = 4$  km. অর্থাৎ diagonal = 4 km.

∴ length of one side of square =  $4 \times \frac{1}{\sqrt{2}}$  km. (পিথাগোরাস অনুযায়ী)

∴ area of the field =  $\left(\frac{4}{\sqrt{2}}\right)^2 = 8$  sq. km

Exercise on Time & Distance

©1083. A bullock cart has to cover a distance of 80 km in 10 hours. If it covers half of the journey in  $\frac{3}{5}$  the time, what should be its speed to cover the remaining

distance in the time left? (অর্থাৎ একটি গরুর গাড়ীকে ১০ ঘন্টায় ৮০ কিলোমিটার দূরত্ব যেতে হবে। যদি গাড়ীটি ভ্রমণের অর্ধেক দূরত্ব  $\frac{3}{5}$  ভাগ সময়ে শেষ করে তবে অবশিষ্ট সময়ে বাকী দূরত্ব শেষ করতে হলে গতিবেগ কি হওয়া উচিত?)

- (a) 8 (b) 20 (c) 6.4 (d) 10

সমাধান (d): Distance left  $\left(\frac{1}{2} \times 80\right)$  km = 40 km. Time left =  $\left(1 - \frac{3}{5}\right) \times 10$  hrs = 4 hours.

Speed required =  $(40 \div 4)$  km/hr = 10 km/hr.

©1084. The distance between two stations A and B is 220 km. A train leaves A towards B at an average speed of 80 km/hr. After half an hour, another train leaves B towards A at an average speed of 100 km/hr. The distance of the point where the two trains meet, from A is: (অর্থাৎ স্টেশন A ও B এর মধ্যে দূরত্ব ২২০ কিলোমিটার। একটি ট্রেন ঘন্টায় ৮০ কি.মি. বেগে A থেকে B-এর দিকে যাত্রা করে। আধঘন্টা পরে অন্য একটি ট্রেন ঘন্টায় ১০০ কি.মি. বেগে B থেকে A-এর উদ্দেশ্যে রওয়ানা দেয়। স্টেশন A থেকে কত দূরত্বে ট্রেন দুটি মিলিত হবে?)

- (a) 120 (b) 130 (c) 140 (d) 150

সমাধান (a): Example 4 দেখুন। Let required distance be x km.

$$\therefore \frac{x}{80} - \frac{220-x}{100} = \frac{1}{2} \Rightarrow 5x - 4(220-x) = 200 \Rightarrow 9x = 1080 \Rightarrow x = 120 \text{ km.}$$

□1085. Opi traveled 1200 km by air which formed  $\frac{2}{5}$  of his trip. One third of the whole trip, he traveled by car and the rest of the journey he performed by train. The distance traveled by train was: (অর্থাৎ অপি বিমানে ১২০০ কিলোমিটার ভ্রমণ করল যা তার ভ্রমণের  $\frac{2}{5}$  অংশ। সে ভ্রমণের এক-তৃতীয়াংশ গাড়ীতে এবং ভ্রমণের অবশিষ্টাংশ ট্রেনে ভ্রমণ করল। ট্রেনে অতিক্রান্ত দূরত্ব কত?)

- (a) 1600 (b) 800 (c) 1800 (d) 480

সমাধান (b): Let total distance be x km. Then  $\frac{2}{5}x = 1200 \Rightarrow x = \frac{1200 \times 5}{2} = 3000$ .

Distance traveled by car =  $\left(\frac{1}{3} \times 3000\right) = 1000$  km.

Distance traveled by train =  $\{3000 - (1200 + 1000)\} = 800$  km.

- 1086. A car travels a distance of 840 km at a uniform speed. If the speed of the car is 10 km/hr more, it takes two hours less to cover the same distance. The original speed of the car was: (অর্থাৎ একটি গাড়ী সুস্থ গতিতে ৮৪০ কিলোমিটার দূরত্ব অতিক্রম করে। যদি গাড়ীর গতিবেগ ঘন্টায় আরও ১০ কিলোমিটার বেশী হয় তাহলে ঐ একই দূরত্ব অতিক্রম করতে ২ ঘন্টা সময় কম লাগে। গাড়ীটির আসল গতিবেগ কত ছিল?)

(a) 45

(b) 50

(c) 60

(d) 75

সমাধান (c): Let the original speed be  $x$  km/hr.

$$\text{Then, } \frac{840}{x} - \frac{840}{x+10} = 2 \Rightarrow 840(x+10) - 840x = 2x(x+10)$$

$$\therefore x^2 + 10x - 4200 = 0 \text{ or } (x+70)(x-60) = 0. \therefore x = 60 \text{ km/hr.}$$

- 1087. A train leaves Sylhet at 6 a.m. & reaches Dhaka at 10 a.m. Another train leaves Dhaka at 8 a.m. and reaches Sylhet at 11.30 a.m. At what time do the 2 trains cross one another: (অর্থাৎ একটি ট্রেন সকাল ৬টায় সিলেট ত্যাগ করে এবং ঢাকা পৌঁছে সকাল ১০ টায়। অন্য একটি ট্রেন ঢাকা ত্যাগ করে সকাল ৮ টায় এবং সিলেট পৌঁছে সকাল ১১-৩০ টায়। ট্রেন দুটি কোন সময়ে একে অপরকে অতিক্রম করবে?)

(a) 9:26

(b) 9

(c) 8:36

(d) 8:56

সমাধান (d): Let distance between Sylhet and Dhaka be  $y$  km.

$$\text{Average speed of train leaving Sylhet} = \left(\frac{y}{4}\right) \text{ km/hr.}$$

$$\text{Average speed of train leaving Dhaka} = \left(\frac{2y}{7}\right) \text{ km/hr.}$$

Suppose they meet  $x$  hrs after 6 a.m.

যেহেতু crossing point পর্যন্ত ট্রেন দুটির অতিক্রান্ত দূরত্বের যোগফল =  $y$

$$\therefore \frac{xy}{4} + \frac{2y(x-2)}{7} = y \text{ or } \frac{x}{4} + \frac{2x-4}{7} = 1$$

$$\therefore 15x = 44 \text{ or } x = \frac{44}{15} = 2 \text{ hrs } 56 \text{ min. So, they meet at 8.56 a.m.}$$

<b>Exercise on Time &amp; Distance</b>
--

- 1088. If a train runs at 40 km/hr, it reaches its destination late by 11 min. but if it runs at 50 km/hr, it is late by 5 min. only. The correct time for the train to cover its journey is: (অর্থাৎ যদি একটি ট্রেন ঘণ্টায় ৪০ কিলোমিটার বেগে চলে তাহলে গন্তব্যে পৌঁছতে ১১ মিনিট বিলম্ব করে। কিন্তু ট্রেনটি যদি ঘণ্টায় ৫০ কিলোমিটার বেগে চলে সেক্ষেত্রে মাত্র ৫ মিনিট বিলম্ব হয়। ট্রেনটির গন্তব্যে পৌঁছার জন্য সঠিক সময় কোনটি?)

(a) 13 (b) 15 (c) 21 (d) 19

সমাধান (d): Let required time =  $x$  min.  $\therefore$  distance covered in  $(x + 11)$  min. at 40 km/hr  
= distance covered in  $(x + 5)$  min at 50 km/hr.

$$\therefore 40 \times \frac{x + 11}{60} = 50 \times \frac{x + 5}{60} \quad \therefore 4(x + 11) = 5(x + 5) \Rightarrow x = 19$$

- 1089. By walking at  $\frac{3}{4}$  of his usual speed, a man reaches his office 20 minutes later than usual. His usual time is: (অর্থাৎ এক ব্যক্তি স্বাভাবিক গতির  $\frac{3}{4}$  ভাগ গতিতে হেঁটে স্বাভাবিক সময়ের ২০ মিনিট পরে অফিসে পৌঁছায়। ঐ ব্যক্তির অফিসে পৌঁছানোর স্বাভাবিক সময় কোনটি?)

(a) 30 minutes (b) 60 minutes (c) 75 minutes (d) 1 hr 30 min.

সমাধান (b): At a speed of  $\frac{3}{4}$  of the usual speed, the time taken is  $\frac{4}{3}$  of the usual time.

$$\therefore \left( \frac{4}{3} \text{ of usual time} \right) - (\text{usual time}) = 20 \text{ min ;}$$

$$\therefore \frac{4}{3}x - x = 20 \Rightarrow \frac{1}{3}x = 20 \text{ or } x = 60 \text{ min.}$$

- 1090. A is twice as fast as B and B is thrice as fast as C is. The journey covered by C in 42 minutes, will be covered by A in: (অর্থাৎ গতির ক্ষেত্রে B এর দ্বিগুণ A এবং C এর তিনগুণ B। ভ্রমণ শেষ করতে C ৪২ মিনিট সময় নিলে A কতক্ষণ নিবে?)

(a) 14 (b) 28 (c) 63 (d) 7

সমাধান (d): Let C's speed =  $x$  km/hr.

Then, B's speed =  $3x$  km/h and A's speed =  $6x$  km/hr.

$\therefore$  Ratio of speeds of A, B & C =  $6x : 3x : x = 6 : 3 : 1$ .

Ratio of times taken =  $\frac{1}{6} : \frac{1}{3} : 1$  or  $1 : 2 : 6$ .

$\therefore 6 : 1 :: 42 : x$  or  $6x = 42$  or  $x = 7$  min.



- 1091. A certain distance is covered at a certain speed. If half of this distance is covered in double the time, the ratio of the two speeds is: (অর্থাৎ একটি নির্দিষ্ট দূরত্ব অতিক্রম করা হয় একটি নির্দিষ্ট গতিতে। যদি এই দূরত্বের অর্ধেক বিত্তন সময়ে শেষ করা হয় তাহলে দুটো গতির অনুপাত কত?)
- (a) 4 : 1                      (b) 1 : 4                      (c) 2 : 1                      (d) 1 : 2

সমাধান (a): Let  $x$  km be covered in  $y$  hrs. 1<sup>st</sup> speed =  $\left(\frac{x}{y}\right)$  km/hr.

$$2^{\text{nd}} \text{ speed} = \left(\frac{x}{2} + 2y\right) = \left(\frac{x}{4y}\right) \text{ km/hr}; \therefore \text{Ratio of speed } \frac{x}{y} : \frac{x}{4y} = 1 : \frac{1}{4} = 4 : 1.$$

- 1092. The ratio between the rates of travelling of A & B is 2:3 and therefore A takes 10 min. more than the time taken by B to reach a destination. If A had walked at double the speed, he would have covered the distance in: (অর্থাৎ A ও B-এর ভ্রমণের হারের অনুপাত ২ঃ৩ এবং ফলে A নির্দিষ্ট গন্তব্যে পৌঁছার জন্য B-এর চেয়ে ১০ মিনিট বেশী সময় নেয়। যদি A বিত্তন গতিতে হাঁটতো তাহলে ঐ দূরত্ব অতিক্রম করতে তার কত মিনিট লাগবে?)
- (a) 30                      (b) 25                      (c) 15                      (d) 20

